Life has given my mother a great deal, but not, I think the wide recognition that a woman of her great gifts in music and of her moral courage and intelligence deserves, and which, I believe, might have been hers if she'd spent the first quarter of her life in more fortunate circumstances. But hers is not a story of neglect, but of a flowering: not just of a woman, but of a human being, and of other human beings around her. This book, for me, is not only about the life of a woman, but is an extraordinary record of human interrelationships over time, often in places that are now obscure and forgotten. But the personality at work in this book refuses to recognise the usual distinctions we make between what is important and unimportant, what is peripheral and significant.



## Amit Chaudhuri

### Biography

Born in Calcutta, India, in 1962, Amit Chaudhuri was brought up in Bombay. He graduated from University College, London, and was a research student at Balliol College, Oxford. He was later Creative Arts Fellow at Wolfson College, Oxford, and received the Harper Wood Studentship for English Literature and Poetry from St John's College, Cambridge. He has contributed fiction, poetry and reviews to numerous publications including The Guardian, the London Review of Books, the Times Literary Supplement, the New Yorker and Granta magazine. His first book, **A Strange and Sublime Address** (1991), a novella and a number of short stories, won the **Betty Trask Prize**, the **Commonwealth Writers Prize** (Eurasia Region, Best First Book) and was shortlisted for the Guardian Fiction Prize. His second novel, **Afternoon Raag** (1993), won both the **Southern Arts Literature Prize** and the **Encore Award** (for best second novel of the year). The novel adopts the metaphor of Indian classical music, the raag, to evoke the complex emotions displayed by the narrator, a young Indian student at Oxford. It was followed by **Freedom Song** (1998), set in Calcutta during the winter of 1992-3 against a backdrop of growing political tension between Hindus and Muslims. The US edition of Freedom Song won the Los Angeles Times Book Prize (Fiction) in 2000. **A New World** (2000) is the story of Jayojit Chatterjee, a divorced writer living in America, and the visit he makes with his son Vikram to his elderly parents' home in Calcutta. His latest book, **Real Time** (2002), includes a number of short stories set in Bombay and Calcutta, some of which have been published in the London Review of Books, the Times Literary Supplement and the New Yorker, as well as 'E-minor', a memoir



written in verse. D. H. Lawrence and "Difference": The Poetry of the Present, a study, written with Tom Paulin, exploring Lawrence's position as a "foreigner" in the English canon, is forthcoming in 2003. Amit Chaudhuri lives in Calcutta with his wife and daughter. He is editor of The Picador Book of Modern Indian Literature, published in 2001.

## Bibliography

A Strange and Sublime Address Heinemann, 1991

Afternoon Raag Heinemann, 1993

Freedom Song Picador, 1998

A New World Picador, 2000

The Picador Book of Modern Indian Literature (editor) Picador, 2001

Real Time Picador, 2002

D. H. Lawrence and "Difference": The Poetry of the Present (with Tom Paulin) Oxford University Press, 2003

## Prizes and awards

1991 Betty Trask Prize A Strange and Sublime Address

1991 Guardian Fiction Prize (shortlist) A Strange and Sublime Address

1992 Commonwealth Writers Prize (Eurasia Region, Best First Book) A Strange and Sublime Address

1993 K. Blundell Trust Award

1993 Southern Arts Literature Prize Afternoon Raag

1994 Encore Award Afternoon Raag

2000 Los Angeles Times Book Prize (Fiction) Freedom Song: Three Novels (US edition)

2003 Sahitya Akademi Award A New World

## সিলেট কন্যার আত্মকথা

বিজয়া চৌধুরী

আমার ফেলে আসা দিনগুলো - “ ভরা থাক স্মৃতি সুধায়”। কিন্তু সব স্মৃতিই তো সুধায় ভরে থাকেনি আমার। স্মৃতির নদীতে জল ফেলে দেখেছি আনন্দ আর দুঃখের কত টুকরো টুকরো ঘটনা। স্মৃতির নদীতে জাল ফেলে দেখেছি আনন্দ আর দুঃখের কত টুকরো টুকরো ঘটনা। হয়তো বা কত স্মৃতি বা হারিয়েও গিয়েছে সময়ের স্রোতে - তাকে ধরে রাখার চেষ্টা কেউ করে কি? এখন জীবনের প্রান্তসীমায় পৌঁছে মনে হচ্ছে সব স্মৃতিই হারিয়ে যাবার আগে তাকে কেন না আমি কথার মালায় গাঁথি ফেলি।

জন্ম হয়েছিল শিবসাগরে - আসামের একটা জেলা শহরে। আমার বাবা ছিলেন তখনকার দিনের বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের খেতাবধারী ইঞ্জিনিয়ার - সেই সুবাদে বড় চাকুরেও - যাকে ব্রিটিশ আমলে বলা হতো ইম্পিরিয়েল সার্ভিস। সাগর অথবা ঝিলের পারে আমাদের চমৎকার বড় বাংলো বাড়ী ছিল। বাবার ছিল ঘোড়ায় চড়ার সখ - আর সেই সখই হল আমাদের কাল- আনলো প্রচন্ড দুঃখ আমাদের জীবনে- আমার জন্মের অল্প দিন পরেই। সখ করে বাবা যে ঘোড়াটি কিনেছিলেন সেটি দেখতে নাকি বড় সুন্দর ছিল-গায়ের রঙ বাদামী আর দারুন তেজী চেহারা ছিল তার। পায়ের ক্ষুরের কাছটা ছিল দুধের মত সাদা ধবধবে। তাই বাবা আদর করে তাকে ডাকতেন ‘ফেনী’। ফেনীকে আমার একেবারেই মনে নেই, কিন্তু তাকে দেখেছি আমাদের বাড়ির সকলের সঙ্গে তোলা ছবিতে। ফেনীর কথা এর বেশী আর কিছুই জানিনা। কেননা আমাদের সেই সুখ-স্বাচ্ছন্দে ভরা জমজমাট সংসারটি মরীচিকার মত মিলিয়ে গেল এক নিমেষে।

কত কথাই মনে পড়ছে-গুপ ছবি তোলার প্রসঙ্গে একটা কথা বলা দরকার। তখনকার দিনে সম্ভ্রান্ত পরিবারে কিছুদিন পরপর ফটোগ্রাফার ডেকে ছবি তোলার রেওয়াজ ছিল। আজকালকার আধুনিক লোকের মত ক্যামেরা ঝুলিয়ে কেউ ঘুরে বেড়াতো না। তখনকার দিনে ফটোগ্রাফারকে রণপার মতো উঁচু একটা তেপারার কাঠের স্ট্যান্ড নিয়ে ঘুরতে হতো, সঙ্গে থাকতো তাদের নিজস্ব ফটো তোলার যন্ত্র। সেই যন্ত্র অথবা ক্যামেরাটি ওই উঁচু কাঠের স্ট্যান্ডের উপর বসিয়ে তারা একটা কালো কাপড়ের ঘেরাটোপ দিয়ে মাথা ঢেকে ফোকাস ঠিক করে নিত। ফটো তোলার দিন তার আয়োজন চলতো সারাদিন ধরে। প্রথমত, সকলেই যার যার সবোৎকৃষ্ট জামা পরে নিত। জামার রং গাঢ় থাকাটাই বাঞ্ছনীয় ছিল। হালকা রং এর জামে পরে ছবি ভাল হয়না - এই ধারণা থাকার ব্যাপারে আজকালকার আর তখনকার লোকের মধ্যে কোন পার্থক্য ছিল না। মা পরতেন গাঢ় নীল রং এর নীলাম্বরী শাড়ী। নীলাম্বরী শাড়ী পরেই সাধারণত মাকে সাজতে হত ছবি তোলার জন্য। সারি সারি চেয়ারে সবাই বসত। দাদারা সবাই পায়ে জুতো-মোজা আলপাকা কাপড়ের পোষাক পরে সেজেগুজে বসতো, আর মাঝখানে বসতেন মা আর বাবা। একপ্রান্তে আমাদের ঘোড়া ফেনী- তার উপর ছোড়দা, আর অন্য কোণায় আমাদের পুরোনো ভৃত্য লক্ষণ। বাবার পরনে হাফ হাতা সার্ট, হাফপ্যান্ট- আজকাল আমরা যাকে সর্টস বলি, মাথায় শোলার টুপিটা কোলের উপর অবহেলায় রেখে দেওয়া। বাবার এই চেহারা আমি অনেক ছবিতে দেখেছি। আর মায়ের সেই শান্তশ্রীর বর্ণনা এই লেখনীতে ফুটেবে কি? তার চলচল মুখে ছিল দুটি বড় বড় চোখের অদ্ভুত শান্ত দৃষ্টি - সম্পূর্ণ মাতৃত্ব দিয়ে ভরা সেই চোখের চাউনি। মাঝখানে সিঁথি কাটা, কপালের পাশে অল্প অল্প ঢেউ তোলা চুল খোঁপায় বাঁধা। গায়ে কনুই পর্যন্ত লম্বা চৌকো গলার জ্যাকেট অথবা ব্লাউজ, গলায় লম্বা সোনার মফ চেন ঝোলানো। পায়ে থাকতো হরিণের চামড়া দিয়ে তৈরী বন্ধ জুতো। শুনেছি সেই জুতো জোড়া দামের দিক থেকে ছিল একেবারে তুলতুলে নরম। আজকালকার বোধের তাজমহল হোটেলের জয়-সুজ এর জুতাকেও বোধহয় হার মানায়। জুতো নিয়ে এই কথাগুলো লিখলাম এইজন্য যে অসম্ভব স্পর্শকাতর আমার ডান পা, যখন থেকে ছোটবেলায় মাত্র ছ’বছর বয়সে গাড়ির চাকা চলে গেল পায়ের উপর দিয়ে তখন থেকেই ওই পা আমার অল্প দুর্বল। অনেক ভেবে চিন্তে জুতো কিনি। মায়ের পায়ের জুতোর দিকে তাকিয়ে সবসময় ভেবেছি - আহা! ওই রকম জুতো যদি পেতাম তাহলে কিনতাম। যাক, সূর্য ডোবার আগে ছবি তোলা শেষ হয়ে যেত- কেননা যতদূর জানি ক্যামেরায় তখনো ফ্যাশ লাইটের ব্যবস্থা হয়নি। মায়ের সেই অপূর্ব সুন্দর নীলাম্বরী শাড়ী-পাখীর পালকের মত কোমল রেশমের শাড়ী আমি আর একটু বড় হয়ে দেখেছি। ওগুলো তখন বড় একটা ট্রাঙ্কে থাকতো- মায়ের সঙ্গে আর শোভা পেতো না। অকাল বৈধব্যের জন্য মা কিন্তু এত শিক্ষিতা হয়েও নিজের ভাগ্যকেই দায়ী করেছিলেন। তাই নিজের উপর অকারন নিপীড়ন, নির্যাতনের শেষ ছিলনা। নির্জলা একাদশীর উপবাস, অম্মুবাচীর কঠোর নিয়মগুলো পালন করতে বিন্দুমাত্র দ্বিধা ছিলনা তাঁর, যদিও তিনি ছিলেন আসলে ব্রাহ্ম পরিবারের মেয়ে। এখানে একটা সম্পূর্ণ অন্য ঘটনা মনে পড়ে গেল- মায়ের শাড়ীর সঙ্গে জড়ানো ভারী সুন্দর একটা স্মৃতি আমার আজো মনে পড়ে। আমার ছেলেবেলায় কিছুদিন পর পর পাড়ার ছেলেদের মধ্যে থিয়েটার করার চল ছিল। পাড়ার কারুর কোনো বড় উঠোনে বাঁশ ইত্যাদি যোগাড় করে দিব্যি স্টেজ বানানো হতো। হাল আমলের স্টেজের মতো সেগুলো এতো কেতাদুরস্ত ছিল না- কিন্তু তাতে উত্তেজনা, আগ্রহের কিছু ঘাটতি হতো না। শিল্পীরা যারা নাটকে পার্ট করতো তারা প্রাণ ঢেলে প্রচন্ড খেটে অনেকটা আজকাল যেমন ছেলেরা মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিকের পড়া মুখস্থ করে- তেমনি যার যার পার্ট করত। দিনের পর দিন চলত রিহাসেলের পালা। চন্দ্রগুপ্ত, রাজা হরিশচন্দ্র, কর্ণ-অর্জুন ইত্যাদি ধরনের নাটক এবং কিছু কিছু রবীন্দ্রনাথের ছোট নাটক। সকলের মনোগ্রাহী ছিল। নাটক মঞ্চস্থ হওয়ার আগে তার আবশ্যকীয় জিনিসের জন্য যার যার বাড়িতে হামলা দিয়ে তা জোগাড় করা হতো- স্ত্রী ভূমিকার জন্য পরচুলোর দরকার হতো। ওগুলো বোধ হয় বাজারেই



পাওয়া যেতো। তাছাড়া তখনকার দিনে পরচলো অথবা আধুনিক ভাষায় আমরা যাকে উইগ বলি তা কোনো বাড়িতেই থাকতো না। সুতরাং সেগুলোর জন্য আমাদের বাড়িতে কাউকে কখনো আসতে দেখিনি।

পাড়ার থিয়েটারের কথা লিখতে গিয়ে অন্য আর একটা কথা মনে হোল। একটা ঘটনা আমার শিশু বয়সে যে বেদনার ছাপ ফেলেছিল আজও তা আমার মন থেকে সম্পূর্ণ মুছে যায় নি। থিয়েটার হবে শিল্পিরই আর তার জোর মহড়া চলছিল কদিন ধরে। নাটক ধার্য হয়েছিল যতদূর মনে হয় “মেবার পতন” আর তাতে ছোড়দার একটা গান ছিল - “এ পথ গেছে কোনখানে গো”। একটু রাত্তির করে থিয়েটার হোত। বাড়ির মেয়েরা খাওয়াদাওয়ার পর কাজ কর্ম সেরে থিয়েটার দেখতে যেতেন। আমি সন্ধ্যার সময় বিছানায় শুয়ে শুয়ে নিশ্চিন্ত মনে সকলের ব্যস্ততা দেখতে লাগলাম। মাঝে মাঝে ঘুমে চোখ জড়িয়ে যাচ্ছিল কিন্তু জোর করে তা আটকে রাখার চেষ্টা করছিলাম, কেননা খানিকক্ষণ পরেই তো থিয়েটার দেখতে যেতে হবে। জেগেই আছি আর জেগেই থাকবো এই ছিল ধারণা- কিন্তু প্রতারক ঘুম আমার চোখে এমন করে চেপে এল যে আমি সব ভুলে গভীর ঘুমে ঢলে পড়লাম। রাত তখন কত হবে জানিনা- হঠাৎ ধড়মড় করে ঘুম আমার ভেঙ্গে গেল। একটু কমিয়ে রাখা লঠনের আলোয় দেখলাম নীচে লক্ষ্মণ শুয়ে আছে। আমি জেগে উঠেই “মা মা” বলে কাঁদতে লাগলাম। দূরে গান বাজনার বিশেষ করে ছোড়দার গানের যেন ক্ষীণ আওয়াজ শুনতে পাচ্ছিলাম। আমার এক নাগাড়ে কামার শব্দে লক্ষ্মণের ঘুম গেল ভেঙ্গে। “খুকিসোনা কাঁদে না, কাঁদে না” বলে ও আমায় সান্ত্বনা দিতে লাগলো। কিন্তু কে শোনে কার কথা, আমি কেঁদেই চলেছি। অনেক রাত্তিরে হৈ-হৈ করে ফিরে এলো সকলেই আর আমার কান্না দেখে চললো আমাকে অহেতুক সান্ত্বনা দেবার পালা। সকাল হোল আর শুরু হোল আবার আমার কান্না। দাদা একজন আমায় কোলে করে বেশ খানিকটা বেড়িয়ে নিয়ে এলো। আমায় আশ্বাস দেওয়া হোল শিল্পিরই আবার নাকি থিয়েটারটা হবে আর এবারে আমি তা দেখবো। কিন্তু থিয়েটারটা আর হোল না আর আমার মনের মধ্যে ওটা না দেখার দুঃখটা কাঁটার খোঁচার মত হয়ে রইলো অনেকদিন।

#### লেখিকা পরিচিতি:

লেখিকা বিজয়া চৌধুরীর প্রধান পরিচিতি স্বনামধন্য ইংরেজি সাহিত্যিক অমিত চৌধুরীর মা হিসেবে। এই অংশটি লেখিকার অনুষ্ঠপ-দ্বারা প্রকাশিত ‘সিলেট কন্যার আত্মকথা’ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে। লেখিকা বিবাহোত্তর জীবনের বহুলাংশ কাটান বয়ে শহরে, চাকুরিরত স্বামীর সঙ্গে। স্বামী নগেশ চৌধুরী (N.C. Chaudhuri) বিখ্যাত Britannia Biscuits Limited-এর Managing Director and CEO পদে অধিষ্ঠিত ছিলেন। স্বামী চাকুরি জীবন থেকে অবসর নেওয়ার পরে ওনারা কলকাতায় চলে আসেন এবং Sunny Park-এর ফ্ল্যাটবাড়িতে বসবাস শুরু করেন। এখনো সেখানেই স্বামী, পুত্র, পুত্রবধূ, নাতনীর সন্নিবাসে তিনি দিন যাপন করছেন। এবং তারই সঙ্গে চালিয়ে যাচ্ছেন নিরলস সংগীতচর্চা।

“সিলেট কন্যার আত্মকথা” বইটির foreward লিখেছেন লেখিকার সন্তান, স্বনামধন্য সাহিত্যিক অমিত চৌধুরী। British Council-এর সৌজন্যে প্রকাশিত অমিত চৌধুরীর biography এবং ওনার লেখা foreward-টুকু এই লেখার সঙ্গে ছাপা হোল।

## Happy Durga Puja, Laxmi Puja and Deepavali, 2004

শারদীয়ার আন্তরিক শুভেচ্ছা গ্রহন করুন



Festive Greetings

FROM

**HOMESTART FINANCIALS & MORTGAGE**

Specialized in

**Residential (Purchase and Re-Fi) Conventional, Commercial SBA, Traditional, Investment, Construction and Jumbo Loans Hard Money & Bridge Loans and many more....**

Our success is based on finding the best fitting financing for your family/business needs.

For Consultation and Quick Pre-Approval, Please Contact ...

**GOURANGA (GC) BANIK**

Tel: 678-766-8000 Fax: 678-766-8001

E-mail: gbanik@bellsouth.net

1229 Johnson Ferry Road, Ste 203, Marietta, GA 30068



## কথোপকথন

অনুরাধা গুপ্ত

লেকের ধারে বসে লীলা ঘাসের গোড়া চিবোচ্ছে আর জিত অন্যদিকে তাকিয়ে সমানে টুপটুপ করে জলে পাখর ঝুঁড়ে যাচ্ছে। পাশাপাশি বসেও যেন এক অন্যকে চেনে না।

লীলা আর থাকতে না পেরে বললো -- এই কথা বলছো না কেন ? ভূতের মত বসে থাকার জন্য কি আমায় আনলে? জিত বিরক্ত হয়ে অন্যদিকে তাকিয়ে বললো -- খুব ভুল হয়ে গেছে, এতো যদি অনিচ্ছা ছিল, না এলেই পারতে।

-- আচ্ছা কী হচ্ছে কী? জিত তুমি কিছু একটা বেশি বাড়াবাড়ি করছো।

-- না, করবে না। যখন থেকে শুভ এসেছে, আমাকে কোন পাতাই দিচ্ছ না। আজ কতদিন পরে লেকে এলে খেয়াল আছে?

-- কি আশ্চর্য, শুভ বিদেশ থেকে এসেছে, এখানে সব কিছু অন্য রকম, দেখছোতো সব কিছুতে বেচারি আমার ওপর নির্ভর করে! ওকে মানিয়ে নিতে একটুতো সময় দিতেই হবে।

-- মানিয়ে নেবার সময় চাই, কোন সাহেবের বাচ্চারে।

-- আমি কি করবো? তোমারই তো বন্ধু।

-- আমার বন্ধু না ছাই।

-- কথার কি ছিরি দেখো। জিত, আমার আর রাগ হচ্ছে না, এবা হাসি পাচ্ছে।

-- হাসো, হাসো - এখন যা অবস্থা আমাকে পাগল ও ভাবতে পারো।

-- জিত, চাওয়ালা যাচ্ছে, ডাকো না, একটু চা খাই।

চা নিয়ে লীলা ব্যাগ খুললো পয়সা দিতে, জিত গেল আরো ক্ষেপে -- এটি আমিই দিতে পারবো, তোমায় ব্যাগ না খুললেও চলবে।

লীলা হেসে চাপা গলায় গেয়ে উঠলো -- হিংসের উন্মত্ত পৃথী.....

-- ওটা হিংসে নয় হিংসায়। দুটোর তফাত বোঝ? হিংসের মানে কী?

-- আঙে জানি, জেলাসি, যাতে তুমি এখন ভুগছো।

-- আচ্ছা, এত দূর। আমি হিংসুটে? অথচ আজ বাদামওয়ালা পাশ দিয়ে চলে গেল, তোমার একবার মনেও হল না যে আমরা রোজ এই সময় বাদাম খাই।

-- ও - সরি - সরি, ও বাদামওয়ালা ভাই .....

-- থাক আজ আমি বাদাম খাবো না, উঠি।

-- এই দাড়াও।

এর মধ্যে লেকের অন্য দিক থেকে একটি ছেলে ডেকে উঠলো - সেজকা।

দুজনে ওদিকে তাকিয়ে দেখলো, কিশোর ওদের দিকে হাসি মুখে আসছে।

-- সেজকা, বিশ্বজিৎদারা এসেছে?

লীলা হাতটা বাড়িয়ে বললো -- কিশোর হাতটা একটু ধরনা বাবা।

কিশোর লীলার হাত ধরে উঠতে সাহায্য করতে করতে বললো, সেজোমা, আবার বাতের ব্যাটা বেড়েছে?

দেবজিত রেগে বলে উঠলো, -- হবে না, সারাদিন বাড়িতে, লেকে হাঁটাটা অবশি বন্ধ করেছেন তোমার সেজোমা।

লীলা তাড়াতাড়ি কথা ঘুড়িয়ে বললো, -- হ্যাঁরে, তোদের বাড়ির ফোনটা কী খারাপ? খালি বেজে যায়, কেউ তোলে না?

কিশোর মাথা চুলকে বললো -- আর বোল না, মা কবের থেকে বলছেন, ফোনটা খারাপ একটু বকবকুমদের খবর নিস অফিস থেকে, বিশ্বজিৎদারা বিলেত থেকে এলো কী না; আমার না সময়ই হয় নি।

(জিত আর লীলার ভাবের জন্য ওদের সমাবয়সীরা কেউ টোনাটুনি, কেউ বলে কপোত-কপোতি, কিন্তু কিশোরের মা বলেন 'বকবকম'।)

-- হ্যাঁগো সেজকা তোমার বন্ধু শুভজিতের খবর কী?

-- আর আমার বন্ধু, এখন আমায় কোন পাতাই দেয় না, খালি ঠাম্মা আর ঠাম্মা। বাড়িতে যে আমি অছি তাই কারো খেয়াল থাকে না, বাজার করা ছাড়া।

মুচকি হেসে লীলা হাতঘড়িটা দেখেই ব্যস্ত হয়ে বলে উঠলো -- তাড়াতাড়ি চল, শুভর খাবার সময় হয়ে যাবে।



## ছয় ঋতু

দিলীপ ভৌমিক, মেরীল্যান্ড

নববর্ষের দোলা দিয়ে

আসে যে বৈশাখ।

গ্রীষ্মে শুনি কালবৈশাখীর

গুরু গুরু ডাক।।

হালখাতাটা চাই যে করা

এই নতুন বছরে।

জৈষ্ঠ মাসে জামাই যষ্টী

জামাই এলে ঘরে।।

আষাঢ়-শ্রাবণ বর্ষা জলে

ভরা যে দুই মাস।

রথযাত্রা আর হয় ঐ সময়ে

আউশ ধানের চাষ।

ভাদ্র-আশ্বিন শরৎ কাল

আসেন দশভুজা।

সবাই মিলে দুর্গামায়ের

আমরা করি পূজা।

কাতকি-অগ্রহায়ণ হেমন্ত কাল

আসেন দেবী কালী।

দীপাবলীর আলোয় ভরি

হরেক প্রদীপ জ্বালি।

আমন ধানের নবান্ন যে

এমন সময় হয়।

কার্তিক পূজা ভাই ফোঁটাতে

ব্যস্ত সবাই রয়।

পৌষ পাবনের পালা বসে

পৌষ ও মাঘের শীতে।

মা সরস্বতীর করি পূজা

জ্ঞানের আলো নিতে।

ফাল্গুন-চৈত্র বসন্তকাল,

হয় যে হোরী খেলা।

চরক পূজা শিবের গাজন,

সব মিলে হয় মেলা।

## আক্ষেপ

অরুণ কুমার দাশ

বিধাতার রোষে শুয়ে আছি বিছানায়

কৃষ্ণচূড়ার গাছের পাতা ছড়িয়ে আছে বারান্দায়।।

মাঝে মাঝে রোদ মাঝে মাঝে বৃষ্টি

এই নিয়ে চলছে সরকারের সৃষ্টি।।

দুটো জানালার একটা দরজা খুলে দিয়েছি

এই আশা নিয়ে মনের প্রসার বাড়িয়েছি।।

কেন আমাদের মধ্যে এই রেষারেশি

সব শেষে মিলন হয়ে যাবে শেষাশেষি।।

মনের মধ্যে রাখব না কষ্ট

সব কিছুই সমাধান করে দেবো স্পষ্ট।।

ভুল করে কোনো নাক অহংকার

ভবিষ্যতে মূল্য স্বরূপ পাবে না পুরস্কার।।

অযথা না বুঝে কোনো নাক অপমান

অবশেষে মানুষের কাছে হবে তুমি বেইমান।।

## লেখক পরিচিতি:

লেখক আটলান্টার ময়ূরী রায় এবং ময়ূরীর অগ্রজ রূপক দাশের পিতা।







## ভারতের ধর্ম

অঞ্জলি দাশগুপ্ত

Religion is the manifestation of a diversity already in man - Swamiji

যে আদর্শকে অনুসরণ করে মানুষের ভিতরের মনুষ্যত্বের বিকাশ এবং সেই বিকশিত মনুষ্যত্ব পরবর্তী পর্যায়ে তাকে দেবত্বে উন্নিত করে তাকে বলবো ধর্ম। এই পৃথিবীতে যা কিছু আমরা দেখতে পাই জড় বা জীব তাদের প্রত্যেকেরই নিজস্ব একটা ধর্ম আছে। মানুষের সাথে অন্যদের তফাৎ, মানুষ প্রকৃতিকে বিচার করে কোনটা ভালো, কোনটা মন্দ বিচার করার ক্ষমতা রাখে। ভালো মন্দের বিচারটাও relative। তবু সকলের যাতে মঙ্গল তাকে আমরা ভালো বলি আর অন্যের ক্ষতি করে নিজের ভালো করাটা আমরা মন্দ বলি। সেই দৃষ্টিতে একটা অনুশাসন মেনে ভাল মন্দের স্থির করা হয়। মানুষ যখন সেই অনুশাসন মেনে নিজেকে তৈরী করে তখনই সে তার চলার গতিতে একটা বিশেষ দিকে নিয়ে যায়, সেই অনুশাসনই তখন তার কাছে ধর্ম হয়ে দাঁড়ায়।

ভারতের এই অনুশাসন আমরা লিপিবদ্ধ রূপে পাই বিভিন্ন ধর্মগ্রন্থে এবং প্রত্যেক ক্ষেত্রেই একটা সুর দেখতে পাই যেটা স্বার্থত্যাগ করো, চেষ্টা করো অন্যের উপকার করতে। তোমার ভিতরে যিনি তিনিই সবার মাঝে। যখন নিজেকে দেখতে পাবে অন্যের মাঝে, মন তোমার আনন্দে পূর্ণ হবে। তোমার গ্লানি কেটে যাবে, তুমি দেবত্বের দিকে অগ্রসর হবে। এই স্বাগত বানী ভারতের প্রাণের কথা। প্রাচীন ভারতের এই ধর্ম মেনে চলেছে, ক্রমে স্বার্থপরতার বেড়াজালে বাঁধা পড়েছে, অন্ধ হয়ে নিজের পাওয়ার তাগিদে অন্যদের বঞ্চিত করেছে, ফলে এসেছে বিদেশী শাসন, পরিত্যক্ত হয়েছে সাধারণ মানুষ। অবহেলিত এই বিরাট ভারত দু মুঠো খেতে পায়নি, পায়নি শিক্ষা। আত্মমর্যাদা হারিয়েছে তারা ধর্মের বুলি দিয়ে তাদের বোঝানো হয়েছে, এইটাই ওদের ভাগ্য, দিনে দিনে তারা আরো দুর্বল, আরো বীরহীন হয়েছে। মেনে নিয়েছে এটাই তাদের ঈশ্বরের বিধান।

আমাদের জাতির আনন্দের মূলে রয়েছে আমাদের ভারতের বিরাট এই অবহেলিত দুর্বল অশিক্ষিত জনসাধারণ। এটা আমাদের জাতীয় পাপ। আমাদের সম্মান হওয়ার ক্ষমতার অভাব। প্রত্যেকেই আমরা নেতৃত্বের অধিকারি নই, কিন্তু অধিকার বোধ ও কর্তব্যবোধ জাগিয়ে তুলে, মানুষ বুঝতে শেখে তারও কিছু করার ক্ষমতা আছে, তার দক্ষতার প্রকাশ পায়, সে হয়ে ওঠে আত্মনির্ভরশীল। সে নিপীড়িত, নিজ্জাজিত থাকতে চায় না। নিজের মর্যাদায়, নিজের দক্ষতায় আত্মনির্ভরশীল হতে সচেষ্ট হয়। কিন্তু ধর্ম তাদের এই শিক্ষার এক বিশেষ স্থান নিলেই শিক্ষা হয়ে উঠবে পরিপূর্ণ। কেমন করে? ঈর্ষা, স্বার্থপরতা ক্ষমতার লোভ যে মানুষকে সত্যিকারের মানুষ হতে দেখ না - আমি শুধু আমারই জন্য নই - আমি অন্যের জন্যও বটে, সে বোধ, সেই চেতনা ধর্মই দিতে পারে। ভারতের অবনতির জন্য ভারতের ধর্ম দায়ী - এটা সর্বৈব মিথ্যা। পরন্তু ভারতের ধর্মই শিক্ষা দেয়, তুমি বা তোমার চারিদিকে যারা সকলেই এক পরম সত্যের অংশ বিশেষ। তোমার একার উন্নতি অসম্ভব। অন্যদের কথা ভাবতে শেখা শিক্ষা দেয় স্বার্থপরতার, সংকীর্ণতার, উর্দ্ধে উঠতে। দোষ ধর্মের নয়, দোষ ধর্মকে কিভাবে প্রয়োগ করা হয় জীবনে। সেখানে কোন সহানুভূতি নেই, নেই কোন হৃদয়বৃত্ত। এই দেশের মানুষের শোনিতে ধর্মের বিশ্বাস বইছে। এই দেশের প্রাচীন প্রবক্তাদের বানী, তাদের উপদেশ তুলে ধরতে হবে প্রতিটি মানুষের সামনে। চরিত্র গঠনে ধর্মের অবদান অনস্বীকার্য।

**LUNCH**  
M-F: 11:20am-2:20pm  
Sat-Sun: 11:20am-3pm

**OPEN 7 DAYS**

**DINNER**  
M-F: 5:30pm-10pm  
7 DAYS A WEEK

**Swapna Indian Cuisine**  
Serving Authentic South and North Indian Cuisine

- Largest Indian Lunch Buffet-7 Days
- Buffet Items Changed Daily
- Extensive A La Carte Menu
- Carry Out Service
- Banquet Room
- Outside Catering

**2665 Cobb Parkway (Across from Walgreens) 770-956-7589**  
www.swapnaindiancuisine.com Fax: 770-956-7590


**LUNCH SPECIAL**  
**Buy One Buffet Get 2nd 1/2 Off**  
With Advantage Coupon. Expires 8/15/04

**MOTHER'S DAY SPECIAL**  
**Lunch or Dinner Buffet \$9.99**  
With Advantage Coupon. Expires 8/15/04

**DINNER SPECIAL**  
**Buy One Entrée Get 2nd 1/2 Off**  
With Advantage Coupon. Expires 8/15/04



## কোলকাতার নোটবুক





## সেকালের ও একালের কলকাতা

ডঃ সুমিত্রা খাঁ, শান্তিনিকেতন

বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরে সেকাল ও একালের আয়নায় কলকাতা নগরির বেশ কিছু পরিবর্তন ঘটেছে এবং ঘটছে। যদিও সেকালের কিছু ঐতিহ্যবাহী চিত্র আজকের কলকাতার বুকেও দেখা যায়।

একসময় কলকাতার বুকে যাতায়াতের একমাত্র উপায়ই ছিল ঘোড়ায় টানা গাড়ী, আর নদীপথে ছিল নৌকা। বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরে কলকাতা নগরী নানান ভাবে সেজে উঠেছে। একদিকে যেমন নানান ধরনের যানবাহন যা সময়কে হাতের মুঠোয় এনে দিয়েছে, অপরদিকে সভ্যতার ভূষণ বড় বড় অট্টালিকা, কলকারখানা যা সাজিয়ে তুলেছে শিল্পনগরী কলকাতাকে।

সেকালের কলকাতা শহরে দূষণ নামক দুষমনের বিশেষ কোন অস্তিত্বই ছিল না। ছিল না কোন বিশেষ রোগ-জ্বালা। আজকের সভ্যতাই সকলের অজান্তে ডেকে এনেছে দূষণ নামক দুষমনকে। যার মূল কারণই বলা যায় মানব সভ্যতা যা অরণ্য ধ্বংস করে গড়ে ওঠা এক স্বপ্নময়ী কলকাতা। সেকালের কলকাতার বুকে যেসব জানবাহন চলত, তারা পরিবেশকে বিশেষ দূষিত করতো না বরং পরিবেশের বন্ধু হিসেবেই কলকাতার বুকে চলে বেড়াতো। ছিল না কোন বিশেষ শব্দের তীব্রতা। আজ বায়ুদূষণ, জলদূষণ, শব্দদূষণ ইত্যাদি একালের কলকাতার এক বিশেষ অঙ্গের ভূষণ।

বিশ্বকবি রবীন্দ্রনাথ মর্মে মর্মে উপলব্ধি করেন যে মানুষ তার স্বভাব দোষেই নিজের বিপদ ডেকে আনছে। তিনি বলেন - ‘মানুষ অমিতাচারী। যতদিন সে অরণ্যচর ছিল ততদিন অরণ্যের সঙ্গে পরিপূর্ণ ছিল তার আদান প্রদান, ক্রমে সে যখন নগরবাসী হল তখন অরণ্যের প্রতি মমত্ববোধ যে হারাল, সে তার প্রথম সুহৃদ, দেবতার আতিথ্য যে তাকে প্রথম বহন করে এনে দিয়েছিল, সেই তরুলতাকে নির্মমভাবে নির্বিচারে আক্রমণ করলে ইঁট-কাঠের বাসস্থান তৈরি করবার জন্য। আশীর্বাদ নিয়ে এসেছিলেন যে শ্যামলা বনলক্ষ্মী তাঁকে অবজ্ঞা করে মানুষ অভিসম্পাত বিস্তার করলো।’

সেকালের কলকাতার সৌন্দর্য্যের ছিল এক রূপ যা একালের সভ্য নগরীর সৌন্দর্য্যরূপের থেকে একটু আলাদা। তিলে তিলে গড়ে ওঠা তিলোত্তমা নগরীর চারদিকেই যেন ফুটে উঠেছে সভ্যতার নিদর্শন। এই সভ্যতার নিদর্শনই নির্মল বাতাসকে ক্রমশই বিষাক্ত করে তুলেছে। বিষিয়ে তুলছে নদী - নালাকে। ফলে ক্রমশই পরিবেশের ভারসাম্য নষ্ট হতে চলেছে। সেকালের পবিত্র গঙ্গাও দিনে দিনে এমনই দূষিত হয়ে উঠছে যার ফলে একালের গঙ্গা হারিয়েছে তার পবিত্রতা, বেড়ে উঠেছে তার দূষণ।

পরিবেশ প্রেমিক রবীন্দ্রনাথ এ কথা উপলব্ধি করে বলেন - ‘এই দেশকেই যে জল পবিত্র করে সে স্বয়ং অপবিত্র, পঙ্কবিলীন - যে করে আরোগ্যবিধান সেই আজ রোগের আকর।’ তিনি উদ্বেগের সাথে আরও বলেন - ‘দুর্ভাগ্য আক্রমণ করেছে আমাদের প্রাণের মূলে, আমাদের জলাশয়ে, আমাদের শস্যক্ষেত্রে -----’ একালের সভ্য কলকাতা শহরের শব্দদূষণের মাত্রা ক্রমশই বেড়ে চলেছে যা ডেকে আনছে নানান রোগ-ব্যাধি।

পরিবেশ প্রেমিক রবীন্দ্রনাথ ঐ সময়ই এই দূষিত পরিবেশের হাত থেকে মুক্তির পথ দেখিয়ে গেছেন। তিনিই ‘বৃক্ষরোপন’ উৎসবের সূচনা করেন যার মূল উদ্দেশ্যই হলো - ‘অপব্যয়ী সন্তান কতক লুপ্তিত মাতৃভাষার পূরণ করবার কল্যান উৎসব।’ বর্তমানে পরিবেশ সচেতন কলকাতাবাসী এই উৎসবের মাধ্যমেই পরিবেশের ভারসাম্য ফিরিয়ে আনার আশ্রয় চেষ্টা করছে। তারা বুঝেছে - ‘একটি গাছ একটি প্রাণ’, ‘গাছ লাগান প্রাণ বাঁচান’।

একালের কলকাতাবাসীগণ সর্বতোভাবেই চেষ্টা চালাচ্ছেন কিভাবে পরিবেশ দূষণের হাত থেকে মুক্তি পাওয়া যায়। ফিরিয়ে আনা যায় সেকালের দূষণমুক্ত পরিবেশ। হয়তো একদিন একালের কলকাতা বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরেই হয়ে উঠবে এক উন্নতমানের সভ্যনগরী যেখানে সৌন্দর্যের ডাল নিয়ে সেজে উঠবে কল্লোলিনী একালের কলকাতা।

### লেখিকা পরিচিতি

কলকাতার বরানগরে জন্ম। কলকাতার বেথুন কলেজ থেকে রসায়ন স্নাতক এবং বালীগঞ্জ বিজ্ঞান কলেজ থেকে জীব-রসায়নে স্নাতকোত্তর। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে পরিবেশ বিজ্ঞানে মূল্যবান গবেষণার জন্য পি এইচ ডি লাভ। পরিবেশ বিষয়ক গ্রন্থ, পরিবেশ ও দূষণের গল্প এবং বিভিন্ন পত্র-পত্রিকায় পরিবেশ সংক্রান্ত প্রবন্ধ, গল্প ও কবিতা লিখে থাকেন। বর্তমানে অতিথি অধ্যাপিকা হিসাবে কলকাতা স্কটিশ চার্চ কলেজ ও শান্তিনিকেতন বি আই টি এম কলেজের সাথে যুক্ত।



Love is Golden

FOR CIRCLE OF FRIENDS TODAY AT HIGHGLOW

**Highglow**  
22K FINE GOLD JEWELRY

763, Dekalb Industrial Way  
Suite A, Decatur GA 300033  
Phone: 404-296-2714  
[www.highglow.com](http://www.highglow.com)

THANKS FOR MAKING IT A GLORIOUS ONE YEAR

**C.K. GROUP**  
THE LARGEST READYMADE STORE  
**FOURlife**  
IN SOUTH EAST

**Family Shop**

Custom Size Wedding Dresses  
• All Our Clothing Is Custom Made From India  
• Over 50 Years in Clothing Business in Anand, Gujarat

2179 Lawrenceville Highway • Suite I  
Decatur, GA 30033  
**(404) 325-8880 • (404) 290-3494**  
(Same shopping center as Madras Saravana Bhavan)

**MEN'S WEAR**

- Designer Suit
- Jodhpuri
- Sherwani
- Dhoti
- Kurta
- Paghadi
- Mojdi
- Dupatta
- Silk & Designer Shirts

**LADIES' WEAR**

- Designer Sarees
- Choli
- Lacha
- Punjabi Dresses
- Sizes: L, XL, XXL

**BOYS' WEAR**

- Large Selection
- Sizes 10 to 16

**GIRLS' WEAR**

- Large Selection
- Sizes 20 to 34

**NAVRATRI SPECIALS on CHANIYA CHOLII**



## Fashions and Malls of Kolkata

Swagata Bose, Atlanta

Fashion is an aspect of a culture that keeps changing with the evolution of tastes, needs, comfort as well as the influence of other cultures. Fashion in Bengal too, has evolved in its own pace.

Bengali fashion has traditionally hovered around dhotis for men and sarees for women. In yesteryears, gentlemen belonging to the upper strata of the society used to wear an additional unstitched piece of cloth called **Uttorio**, while women used a piece of cloth called **Orna** for veiling their head. The dhoti in those days was much smaller in length and breadth and it never reached below the knee though the way of arranging it remains the same. The style of wearing the saree was more or less the same as it is today.

Other cultures have also influenced the dress code in Bengal. In Bengali society, the practice of wearing shoes was in a way absent. They used to wear wooden sandals called **Kharam**. The Turkish influence introduced the concept of shoes. Middle class people used red leather shoes embroidered with small flowers while the rich got them embroidered with gold, silver and silk flowers. Another influence of the Afghans and the Mughals was the introduction of wearing colorful sarees and the practice of putting the **anchal** of the saree over the shoulder to enhance the beauty of the saree.

Despite much influence of the Pathans and the Mughals and later on the English, Bengalis retained their own dress code. Till the mid 19<sup>th</sup> century, though some men started wearing coats and trousers emulating the British, the community at large ignored the English dress code. In **Shibnath Sashtri's** writings there is detailed description of a special creed of people known as the **Babus** who began to assert their culture in the community. These people had long cascading hair till the shoulders, wore a fine dhoti with black border, a muslin vest and hung a piece of braided white cloth around their necks. Bengali women wore the famous **Dhakai** and **Benarasi** sarees that were wrapped around their bodies with two twists, with one end of the saree left hanging over the shoulder. As wearing undergarments was not prevalent then, the fine silk emphasized the contours of their body, which was why no one other than their husbands were allowed in the inner quarters.

The Tagore family played a very important role in the evolution of the saree. After **Satyendra Nath Tagore** returned to Bengal from abroad, he had to leave for Bombay for his posting in civil service. He wished to take his wife **Gyanadanandini** with him, who would be stepping out of her inner quarters for the first time and needed something that she could wear outside as well. The solution to this problem came from a French tailor. He prepared an oriental dress for her. Later in Bombay, Gyanadanandini searched the market for a perfect dress that



would be fashionable as well as fit to be worn in the society. She appreciated the style the Parsi women adapted while wearing the saree. She emulated them and also mastered the use of petticoat, the chemise and the blouse. Thus, she became the founder of the contemporary Bengali fashion for the ladies.

Bengali women made more improvisations such as pleating and broaching the anchal and started trends like the concept of color matching and wearing separate colors for different seasons. Spring was the time for them to wear sky blue sarees with black border. During Durga puja, they wore sarees of different hues accompanied by floral ornaments and used cosmetics made from sandal and flowers. During Holi they wore a white muslin saree so that the colors on the saree acquired prominence.

In men's fashion too, the Tagore household became a trendsetter. There is an interesting anecdote regarding this. **Maharshi Debendranath Tagore** was invited at a function at the **Shovabazar Rajbari**. All the rich and the famous of Calcutta were invited to the party. But at that time Maharshi was running through a financial crunch as he had to pay off his father's debts. This news had spread through the city like wildfire and every one was curious to know the way Maharshi would dress himself. This rumor reached the Thakurbari too and when Maharshi came to know about it he promptly ordered a pair of muslin shoes studded with pearls. What



happened next was inevitable. Everyone in the party was waiting anxiously for the Maharshi. When Maharshi finally entered the banquet, people were enthralled to see him. There was nothing gaudy about his dress. He was wearing a milk white turban and a gown but his glittering shoes attracted the attention of all. At the sight of this, the Raja of the Shovabazar Rajbari, who was also a good friend of Maharshi, called everyone and said that one should learn aristocracy from Maharshi - what everyone wore round their neck, he nonchalantly kept to his feet.

The trend of wearing the dhoti was challenged after independence. Bengalis found that while going about their daily work, the dhoti was cumbersome and unsuitable. Thus they resorted to the more practical coat, trousers and shirt. Later, as women too started going out more and more, the saree was replaced with the more hassle-free though elegant and feminine salwar kameez. Now, with increased influence from all around the globe, western outfits are very popular. Indo-western outfits that are a blend of comfort and style are also the rage.



But, the saree and the dhoti are not done with. Bengalis have a special respect for these garments and adorn them on occasions and ceremonies to relive the golden era of yesteryears. Today, thanks to the endeavor of a bunch of Kolkata based designers and popular movies like **Devdas**, Bengali fashion is hugely popular. Some of the designers who have helped Kolkata fashion go global are **Sabyasachi Mukherjee**, **Sarbari Dutta** and **Kiron Uttam Ghosh**. With unusual prints and exclusive surface ornamentation, they have given ethnic ensembles like the dhoti-kurta and saree a stylish makeover. Traditional materials like kotas, georgettes, crepes, silks and cottons have been given a contemporary touch with exquisite kantha, zardosi, shibori, batik, appliqué work and block prints with vegetable dyes.

With many of these designers representing Kolkata at national and international fashion events, the city is being touted as the new mecca of haute couture. Gone are the days when Kolkata did not even warrant a glance from the fashion frat. Today, the city is experiencing a new high with its numerous shopping malls. The malls now are nearly as good as those in small towns of America. Many more are due to come soon. They promise to match Macy's of New York. The whole of the Bypass, they threaten, will become a shopper's paradise.

Some of Asia's earliest planned shopping centers and departmental stores were built in Kolkata. However, none survive except the **New Market**. In its heydays, this market was the standard setter amongst Kolkata's elite. However, a section of it was destroyed in a fire and a new annex was added in 1984. Another favorite with Kolkata shoppers has been the **Chowringhee Road - Lindsay Street** area around New Market that has a wide variety of shops.



Retailing is and has always been big in Kolkata. In fact, the whole of Kolkata is a big market and there is probably no main road that is not lined with shops. There are small and big bazaars in every part of the city. The bazaars consist of a large number of shops selling everything from vegetables to electronics. Many roads specialize in particular products. For example **B.B.Ganguly Street** has jewelry, ophthalmic and furniture shops, **College Street** is famous for its books etc.

However, even a few years earlier, Kolkatans thought that in order to shop for the trendiest styles, one had to go to Delhi or Mumbai, or if budget allowed, overseas. There were a few swanky, huge showrooms, but conservative Kolkatans were averse to shopping in those places. But no more. With the era of liberalization, Kolkatans have responded whole-heartedly to the shopping complexes that have opened.

Right in the heart of the city, near Esplanade, there is **Shreeram Arcade** and **Treasure Island**. These two shopping arenas mainly deal with garments. Around Shakespeare Sarani Police Station, two new ritzy shopping complexes have come up. They are **Metro Plaza** and **Shopper's City**. Gone are the days of dingy, congested showrooms where it was the shop-owners who called the shots. These shopping complexes are all state-of-art with all modern amenities like A/C, glass-capsule lifts, glazed tiles, hassle-free parking, easy to push trolleys, touch-and-feel experience of the wares on open shelves and an unobtrusive sales assistant ever ready to sell.



The south of Park Street area has witnessed a boom of private markets which are upmarket in decor and clientele. **Air-conditioned Market, Vardaan, Victoria Plaza, The Forum** and the **Metro Plaza** are some of the favored shopping centers. There are also many excellent shops in this area like the **Musicworld**, the **Oxford Book Store** and the **Landmark**. Two new fancy showrooms have recently been added, **Westside** and **Pantaloons**. For international brands, these are the best places to go, though they also sell their own brands. The newly opened music super-mart, **Planet M**, at 22, Camac Street, the same premises as Westside and Pantaloons, is really a music lover's paradise. It has virtually everything that a music lover wants replete with a jukebox, CDs, VCDs and also books on music.

**South Kolkata** shops in **Gariahat**. With its numerous shops, Gariahat, which also includes the **Ballygunj AC Market** can rival the Lindsay Street - Chowringhee region. But for government emporiums, Kolkatans flock to the **Dakhinapan** shopping center. Its specialty is handicrafts and textiles.

In **North Kolkata**, **Ultadanga** has the **Uttarayan**, built on the lines of Dakhinapan. Here too, there are emporiums from many Indian states. However this shopping center is smaller and isn't as trendy as Dakhinapan. In close by Salt Lake City, many new shopping centers have come up such as the upscale **CityCentre** and **Charnock City**. Another major attraction in this area is the very innovative **Swabhumi**, which is the quintessence of ethnicity, with artists and craftsmen at work, creating fascinating handicraft and folk art.

The list goes on.... shopping malls like **Unnayan** and the **Metropolis**, both on E.M Bypass are in various stages of construction. Several other retail complexes are in the planning stage. Kolkata, therefore, is once again well on its way to establish itself firmly on the Indian fashion map – small wonder for the thriving metropolis that has never ceased to amaze even skeptics with its undying spirit, innovation and warmth.



## NRITYA NATYA KALA BHARTI

ACADEMY OF DANCE & MUSIC Since 1989

NOW ENROLLING AGES 5 & UP • SPECIAL ADULT CLASSES



Kumud Savla  
Specialization in Kathak from  
the Kathak Kendra, New Delhi



Sandeep Savla  
Sangeet Vidyapeeth (Bhopal)

REGISTER FOR  
**RAAS-GARBA WORKSHOP**  
Call for Registration

OTHER SERVICES:  
• LIVE SHOWS • PA SYSTEM RENTALS

• RECORDING STUDIO:  
Audio Restoration, Production  
& Mastering



Prithwiraj Bhattacharjee

- **Kathak:** A North Indian Classical Dance.
- **Folk & Contemporary Dance Varieties of all Regions:** Including Raas-Garba, Bhangra, Gidha, Lavani, Ghoomer, Tera Taali, Bhalya & Dangi Nritya.  
**Taught by Kumud Savla.**
- **Modern Bollywood Fusion Dance for Boys:**  
**Taught by Sonny & Prem.**
- **Vocal & Keyboard:** North Indian Classical Method.  
**Taught by Sandeep Savla & Yashwant Panchal.**
- **Tabla Classes:** Taught by Prithwiraj Bhattacharjee,  
visiting from Pandit Jasraj Music School.

LOCATED IN THE GLOBAL MALL • SUITE 685

Ph: 678-363-7964 or 678-467-0837

Email: kumudsavla@yahoo.com

## কলকাতার ফেরিওয়ালা

প্রসেনজিৎ দত্ত, আটলান্টা

দুপুর রোদের প্রখর তাপে ময়লা ধরা পুরনো খেলনা আর অপটু হাতের কারুকর্জ করা পিতলের জিনিসগুলো চকচক করছে। বছর দশেকের একটি ছেলে লোলুপ দৃষ্টিতে সেগুলোর দিকে তাকিয়ে ফেরিওয়ালাটার দিকে কাঁপা কাঁপা হাতে পাঁচটা টাকা এগিয়ে দিলো। ফেরিওয়ালা একটা গোল চাকতি ধরিয়ে দিল ছেলেটির হাতে। ছেলেটা চাকতিটা নিয়ে জিনিসগুলোর দিকে একবার ভালো করে তাকিয়ে সেটা ছুঁড়ে দিল একটা খেলনার দিকে তাক করে। চাকতিটা গিয়ে পড়ল খেলনাটার ওপর ঠিকই, কিন্তু খেলনাটা পুরোপুরি তার ভেতর দিয়ে গলল না। তার দিকে এক নজর বুলিয়ে মুখে চকচক শব্দ করে মাথা নাড়ল দোকানী। ছেলেটা মাথা নিচু করে চলে যেতে লাগল। ওর কাছে পয়সা নেই আর একবার খেলবার। লোকটির কেমন যেন একটু মায়া হ'ল। হয়তো তার বাড়িতেও ওই একই বয়সের একটা ছোট ছেলে আছে। ছেলেটিকে ডেকে ওর হাতে একটা বল ধরিয়ে দিয়ে বলল, “তুমি এটা নিয়ে যাও।” ছেলেটা চলে গেলে লোকটা একটু মুচকি হাসল। আজ মন্দ রোজগার হয়নি তার। কি আছে, একটা বলই তো দিয়েছে ওকে। ছেলেটার চোখমুখের আনন্দ দেখে ওর মনটাও খুশী হ'ল।

একটু দূরে একটা লোক একটা তালি লাগানো পাঞ্জাবী আর একটা নোংরা পাজামা পড়ে দাঁড়িয়ে বিড়িতে টান দিচ্ছে। তার গলা থেকে ঝুলছে একটা বড় কাঠের ট্রে। তার ওপর সাজানো নানা রকমারী জিনিস। তাতে আছে আংটি, সোনালী গলার চেন, আরো কত কি। এক পথচারী রাস্তা দিয়ে যেতে যেতে হঠাৎ থমকে দাঁড়িয়ে পড়ল।

একটা আংটি নেড়েচেড়ে দেখে একটু ভুরু কুঁচকে বলল, “কত হবে? ঠিক ঠিক দাম বলবি!” লোকটা বিড়িটায় একটা শেষ সুখটান দিয়ে সেটার দিকে এক নজর তাকিয়ে সেটাকে সামনে ফুটপাথের ওপর ছুঁড়ে ফেলে দিয়ে জিভ কেটে বলল, “স্যর, ভুল বলব না, এক দাম - সন্তর টাকা।” পথচারী মুখ বিকৃত করে বলল, “নে তোর জিনিস তোর কাছেই রাখ, চাইনা!” সে চলে যেতে শুরু করতেই লোকটা ডেকে উঠল, “স্যর, পঞ্চাশটা দিন, নিয়ে যান।”



পথচারী পকেটে হাত দিয়ে সন্তর্পনে তিরিশটা টাকা বার করে বলল, “নে, এই আছে!” ফেরিওয়ালা আংটিটা দিয়ে বলল, “বউনি ক'রলাম ব'লে, ঘর থেকে দিতে হ'ল।” পথচারী চলে যাওয়ার পরে তার পাশে বসে থাকা আর এক দোকানীকে একটু হেসে বলল, “আজ এই নিয়ে দশটা বিক্রী করলাম।” রাস্তায় পাশে বসে থাকা দোকানীর ব্যবসা সকাল থেকে ভালোই যাচ্ছে। সে বসেছে নানা হিন্দী ছবির তারকাদের পোস্টারের পসরা সাজিয়ে। এক গাল হেসে একটু দূলে উঠে বলল, “প্রীতি জিন্টা আর বিবেক ওবেরয়টা দারুণ কাটছে।”



কলকাতা এক বিচিত্র শহর। একদিকে যেমন গরীব, নিঃস্ব মানুষের ভীড়, অন্যদিকে তেমন নানারকম দেশী-বিদেশী গাড়ী হাঁকিয়ে চলা বিপুল লোকদের সহাবস্থান। অথচ আশ্চর্য লাগে, নিজের নিজের দুনিয়ায় থেকেও বিভিন্ন স্তরের মানুষদের একে অন্যের প্রতি বিদ্রোহ প্রকাশ করতে দেখা যায় না সচরাচর। বিভিন্ন ধরনের মানুষের চাহিদা মেটাতে কলকাতার ভিন্ন ভিন্ন এলাকায় ফেরিওয়ালাদের পসরা ও পোষাকব্যাকও আলাদা রকমের। একটু বিতর্কালী পাড়ায় দেখা যায় পরিষ্কার পরিচ্ছন্ন সাদা জামাকাপড় আর মাথায় সাদা টুপি পড়া চানা বিক্রী করা ফেরিওয়ালাদের। চানা গরম রাখার জন্য ব্যবস্থাও থাকে তাদের কাছে। নুন, লেবু মাখানো গরম চানা খাওয়ার জন্য বিশেষতঃ অল্পবয়স্ক মারোয়াড়ী ছেলেমেয়েদের ভীড় দেখা যায় তাদের কাছে। এছাড়াও আছে আরো নানা

রকমারী জিনিসের ফেরিওয়ালা। তারা কেউ কেউ মাথায় ক'রে বাঁকা নিয়ে শোনপাপড়ী, সন্দেশ অথবা সিঙাড়া বিক্রী করে বেড়ায়। কেউ রাস্তার ধারে বসে বিক্রী করে নানা ধরনের টোটকা আর মাদুলি। গড়িয়াহাট বা চৌরঙ্গীর পথেঘাটে দেখা যায় নানা ধরনের জামাকাপড়, শপিং ব্যাগ, জুতো ও কারুকর্জ করা পিতলের জিনিস বিক্রী হ'তে। এছাড়া আছে মাটির তৈরী দেবদেবীর মূর্তি, ওয়াল হ্যাঙ্গিং, ঘরে সাজিয়ে রাখার মতো গাছ-গাছরা, চাবির রিং, চামড়ার ব্যাগ, বেল্ট, খেলনা, ইত্যাদি। অন্যত্র দেখা যায় দুপুরের শরীর বলসানো রোদের তাপে মাথায় করে শাড়ীর বস্তা অথবা বাসন-কোসন সাজিয়ে ঘুরে বেড়াতে ফেরিওয়ালাদের। এই সব ফেরিওয়ালাদের বেশীরভাগই পারতপক্ষে সং উপায়ে টাকা রোজগার করে নিজেদের ও তাদের পরিবারের ভরণপোষণ করে।


কিন্তু কলকাতার সমস্ত কিছুকে ছাপিয়ে তোলে কলকাতার মানুষের খাবারের প্রতি অনুরাগ। সেই চাহিদা মেটাতে শহরের সর্বত্র পাওয়া যায় রকমারী খাওয়ার সাজিয়ে ফেরিওয়ালাদের ভীড়। বিক্রী হচ্ছে মাছ-ভাত, ডিম, চাউমিন, এগ রোল, মটন রোল, মোগলাই পরটা, আলু-কাবলি,



ডিমের ডেভিল, নানাদ্রণের মিষ্টি, এমনকি আইসক্রীম। এতধরণের এত পরিমাণের খাবার থাকা সত্ত্বেও সময়মতো না পৌঁছতে পারলে নিরাশ হয়ে ফিরতে হয়।

এক অন্তর্জাতীয় রিপোর্ট অনুযায়ী (<http://www.iita.org/info/phnews5/mr8.htm>) ক'লকাতার রাস্তায় আনুমানিক ১,৩০,০০০ ফেরিওয়ালা তাদের পসরা নিয়ে বসে এবং তাদের বার্ষিক লাভের পরিমাণ ১০ কোটি মার্কিন ডলার। এর থেকেই আন্দাজ পাওয়া যায়, ক'লকাতার অর্থনীতিতে ফেরিওয়ালাদের কতটা অবদান। আর শুধু অর্থনীতি কেন, ক'লকাতার মানুষের মনোরঞ্জন ও নানা রকম চাহিদা মেটাতে ফেরিওয়ালাদের জুড়ি মেলা ভাড়া।

আজ বিদেশের চাকচিক্য আর কৃত্রিম আনন্দের মায়াজালে জড়িয়ে থেকে আমরা কেউ কেউ হয়তো এইসব খেটে খাওয়া সাধারণ মানুষদের হয়ে নজরে দেখি বা তুচ্ছাতিতুচ্ছ করি, কিন্তু ঠিকভাবে দেখলে দেখা যায়, আমরা তাদের থেকে বিশেষ আলাদা নই - ওদেরই মতো আমরাও রোজগার করছি নিজেদের ও পরিবারের সদস্যদের জন্য। শুধু আমাদের ছিল সুযোগ ও সুবিধা, ওদের তা ছিল না।



## Now Under New Management Team and Chef DAABHA INDIAN CAFÉ

Food is our passion

Authentic North Indian, South Indian and Indo-Chinese Cuisine

Full Service Dining • Expanded Menu • Fabulous Every Day Lunch Buffet • Expanded

Weekend Lunch Buffet • BYOB Accepted • We Serve Halal Meat

**50% Off**

Dinner Entrees  
Only on  
Sunday after 3:30 pm  
AND  
Monday after 5:30 pm  
(excluding seafood)

Open 7 Days

Mon-Fri 11:00 am - 2:30 pm • 5:30 pm - 10:00 pm  
Friday 11:00 am - 2:30 pm • 5:30 pm - 10:30 pm  
Saturday 12:00 pm - 10:30 pm  
Sunday 12:00 pm - 9:30 pm

**20% Off**

All Take Out  
with minimum  
purchase of \$15

**15% Off**

For All Students  
with Student ID & minimum  
purchase of \$15

Catering For Any Occasion • Takeout • Limited Delivery

2772 Cumberland Boulevard • Smyrna, GA 30080

Near Cobb Galleria and Cumberland Mall • I-75 and I-285

(770) 444-0940



## Santiniketan---The Land of Tagore

Sutapa Datta, Atlanta



Santiniketan (abode of peace), about 136 km from the capital city of West Bengal, is a famous university town and often referred by poets as *ranga matir desh*, which immediately reminds us of Tagore's song *gram chhada oi ranga matir path*. It has become a tourist spot as it was the "*karma bhumi*" of Gurudev Rabindranath Tagore (1861 – 1941), Noble laureate for literature from West Bengal, India. Santiniketan is Rabindranath Tagore's '*amar kirti*', something which is unparalleled. Of course the natural charm of Santiniketan is a major draw in itself. The town resembles an artist's canvas amidst the backdrop of *simul*, *palash* and *krishnachura*. It is basically known for its unsurpassed natural, intellectual and cultural heritage.

This university town is a centre of learning amidst natural environment. It was Tagore's hope to free the Indian mind of its slavishness through a new education system. Tagore envisioned a center of learning which would have the best of both the east and the west. Tagore once wrote to his son Rathindranth, 'The Santiniketan School must be made the thread linking India with the world....

Attracted by the beauty of this place, Maharshi Debendranath Tagore, father of Rabindranath Tagore, founded an *ashram* here in 1863. In 1901, Rabindranath Tagore set up a *Brahmacharya* school here which later came to be known as *Patha Bhavan*.



বাস দুর্ঘটনায় সাংঘাতিকভাবে আহত উৎপলকে যখন এই হাসপাতালে আনা হয় তখন ছুটিতে ছিল সুবর্ণা। বান্ধবী দেবপ্রিয়ায় বিয়েতে শান্তিনিকেতনে। ফিরে এসে শুনলো আবার একজনের হার্ট রিপ্লাস্টেশন করেছেন ডাঃ সমাদ্দার। তাঁর আশা আগে দুবার ব্যর্থ হলেও এবার তিনি সফল হবেন বলে বিশ্বাস। সুধাকষ্ঠ সোমের বুকে নতুন হার্ট বসেছে আঠারো দিন হয়ে গেছে। অবস্থা বেশ সন্তোষজনক। তাই এবার হয়ত সফল হবেন ভেবে খুবই উৎফুল্ল ডাঃ সমাদ্দার।

বান্ধবীর বিয়েতে ক’দিন হৈ চৈ করে ক্লান্ত লাগছিলো সুবর্ণার। আজ আর বেরোতে ইচ্ছে করছিলোনা। কিন্তু আজই যদি উৎপলের সাথে দেখা না করে, তবে সাংঘাতিক একটা কান্ড হয়ে যাবে। এ ব্যাপারে উৎপল কোন কথা, কোন অজুহাত শুনতে চায়না, এমনই অবস্থা। তাই বেরোবার জন্যে তৈরী হচ্ছিলো ও। কলিং বেল বেজে উঠলো। ওর দেৱী দেখে উৎপল নিজেই হয়ত চলে এসেছে। ভালোই হ’ল ঘরে বসেই গল্প করে যাবে। দরজা খুলে দেখলো মামাতো ভাই সুজয় এসেছে।

- “এতদিনে দিদির মনে পড়লো?” সুবর্ণা হাসি মুখে বলে। সুজয় কোন জবাব না দিয়ে ঘরে ঢোকে। “কিরে অমন চুপ করে আছিস কেন? আমার হাতের চায়ের কাপটাতো এতক্ষণে তোর কেড়ে নেওয়ার কথা! তোকে এমন চুপচাপ দেখলে ভয় করে সুজয়। কোন দুঃসংবাদ নেইতো?”  
- “ভীষণ একটা দুঃসংবাদ আছে সুবর্ণাদি।” কাঁপা গলায় বললো সুজয়। বাস দুর্ঘটনায় উৎপলের মৃত্যু এবং ওর বিধবা দিদির কাছ থেকে ওর হার্ট টাকে কিনে নিয়ে সুধাকষ্ঠ সোমের বুকে বসানোর খবর নিখর হয়ে বসে শুনলো সুবর্ণা। সুজয় চলে যেতেই ঘরের নিকষ কালো অন্ধকার যেন ওর সমস্ত দেহ মনকে ছেয়ে ফেললো। কিন্তু কাঁদতে পারছেননা কেন? সুজয় যা বলে গেল তা কি সত্যি? দু’হাতে মুখ ঢেকে বসে রইল ও। কান্নার একটা বিশাল সমুদ্র যেন গলার কাছে এসে থমকে আছে। বুকের মধ্যে নামছে পাহাড়ী ধস..... সমস্ত অনুভূতি গুলো যেন আন্তে আন্তে অবশ হয়ে যাচ্ছে। আশ্চর্য! উৎপল নেই অথচ ওর হার্ট টা স্পন্দিত হয়ে চলেছে আর এক জনের বুকে। বিশ্রাস হতে চায় না, তবু কথটা সত্যি! মাঝে মাঝে উৎপল ঠাট্টা করে বলতো - আমি যদি কখনও অসুস্থ হাসপাতালে ভর্তি হই, তাহলে একটা কেবিন নেব আর সেই কেবিনের স্পেশাল নার্স থাকবে তুমি। ডাক্তার, নার্স, ওষুধ কিছুই লাগবেনা, শুধু নার্সটি আমার কাছে বসে থাকলেই আমার অসুখ সেরে যাবে।” সুবর্ণা হেসে বলতো, - “অসুস্থ হবার আগে জেনে নিও কোন হাসপাতালে আমার ডিউটি চলছে।” অদ্ভুতের কি পরিহাস! যে হাসপাতালে এখন ডিউটি করছে ও, সেখানেই এলো উৎপল কিন্তু এতটুকু শুশ্রূষা করতে পারলোনা, চোখের দেখাও দেখতে পারলোনা। এক লহমায় সব ফুরিয়ে গেল, হারিয়ে গেল। যে হৃদপিণ্ডটা এখন বেঁচে আছে সেটা তো উৎপলের সুখ, দুঃখ, আনন্দ, ভালোবাসা দিয়েই জড়ানো। হৃদয়ইত মানুষের সব অনুভূতি, উপলব্ধির ধারক - তবে কি সুধাকষ্ঠ সোম মনে প্রাণে উৎপল হয়ে গেছেন? তাহলে উৎপল শেষ হয়ে যাবেনি শুধু খোলসটা বদলেছে।

ডাঃ সমাদ্দার ও মেট্রোন মিসেস ঘোষরায় কে বিশেষ ভাবে অনুরোধ জানিয়ে সুধাকষ্ঠর কেবিনে ডিউটি নিল সুবর্ণা। রাতের ডিউটি টাই চেয়ে নিল ও। দিনের বেলাকার কোলাহলে বৃদ্ধ সুধাকষ্ঠকে উৎপল বলে ভাবতে গেলে বারবার বাধা পায় ওর মন। তাই রাতের নিরাম নিশ্চব্দতায় সুধাকষ্ঠর মুকের দিকে চেয়ে থাকতে থাকতে উৎপলকে দেখতে পায় ও। কিন্তু যে না বলা কথা গুলো উৎপলকে বলতে ভেবেছিল এবার, সে গুলো তো সুধাকষ্ঠকে বলা যাবেনা। সামনের মাসের ১৬ই ওদের ম্যারেজ রেজিস্ট্রেশন হওয়ার কথা ছিল। উৎপলের ইচ্ছে ছিল সেদিন সুবর্ণা একখানা রক্তচন্দন রঙের বেনারসী পরে। শাড়ীখানা কেনাও হয়ে গিয়েছিলো। উৎপলই কিনেছিলো। আর সুবর্ণা কিনেছিলো উৎপলের জন্যে একটা পাল্লা সবুজ পাখর বসানো আংটি। উৎপলের আংটিটা খুব পছন্দ হয়েছিলো.....

- “সিসটার” স্কীপকণ্ঠে ডাকলেন সুধাকষ্ঠ।  
সম্মিৎ ফিরে পেলো সুবর্ণা - “কি হল? জল খাবেন?” সুধাকষ্ঠর একেবারে কাছে গিয়ে দাঁড়ায় ও।

- “না, ক’টা বাজে?”  
- “আড়াইটা। বেশতো ঘুমিয়ে ছিলেন..... ঘুমিয়ে পড়ার চেষ্টা করুন। আমি মাথায় হাত বুলিয়ে দিচ্ছি।”

- “হঠাৎ ঘুমটা ভেঙে গেল। জানিনা কতদিন এভাবে শুয়ে থাকতে হবে। হাসপাতাল থেকে ছুটি পেতে এখন অনেক দেৱী, তাইনা সিসটার?”

- “না, না, দিন দশেকের মধ্যেই আপনাকে ডিসচার্জ করে দেবে শুনছি।”  
- “সত্যি বলছেন? আপনারা তো রুগীদের ভোলাবার জন্যে অনেক মন গড়া কথা বলেন।”

- “আর কথা নয়, এবার আপনি ঘুমোবার চেষ্টা করুনতো।”  
- “আচ্ছা সিসটার! সারারাত এভাবে রুগীর সেবা করতে কষ্ট হয়না? ঘুম পায়না?”

--প্রথম প্রথম হ’ত, এখন অভ্যাস হয়ে গেছে। আপনি আর কথা বলবেননা। বেশী কথা বলা আপনার নিষেধ, সেকথা জানেন।  
-- সারাদিনতো কথাই বলিনা। দিনের বেলায় সিসটারতো ভীষণ গম্ভীর। দেখলেই কেমন ভয় ভয় করে- তাই চুপ করেই থাকি। কিন্তু রাতে আপনি যখন আমার মাথার কাছে বসে থাকেন তখন আমার ফ্লোরেন্স নাইটেঙ্গেলের কথা মনে পরে যায়। মাঝে মাঝে মনে হয় আপনি যেন আমার অনেক দিনের চেনা।

মুহুর্তে হাজার ঝড়লঠন জ্বলে উঠলো সুবর্ণার বুকের মধ্যে। উৎপলের হৃদয় তাহলে ওকে চিনতে পারছে একটু একটু করে। প্রাণপনে নিজেকে সংযত করে গম্ভীর গলায় বলে ও, - “আর একটাও কথা নয়, এবার কিন্তু আমি বকবো।” হাসলেন সুধাকষ্ঠ, বাধা ছেলের মত বললেন, - “আচ্ছা, আচ্ছা এবার আমি চোখ বুজছি। কিন্তু আপনি মুখখানা অমন গোমড়া করবেননা, একটুও মানায়না আপনাকে।” ঠিক এই কথাটাই উৎপল ওকে



সবসময় বলতো। মনে মনে বলে আমি জানি উৎপল আমাকে দেখলে তুমি কখনই চুপ করে থাকতে পারোনা। আমাদের যে অনেক কথা বলা বাকী ছিল---- হঠাৎ কেন এমন হ’ল?

সকাল থেকে হাসপাতালের সামনে সাংবাদিক ও ফটোগ্রাফারের ভীড়। সুধাকষ্ঠ সোমকে আজ ডিসচার্জ করা হচ্ছে। কোন ইন্টারভিউ নেওয়া চলবেনা, এ নির্দেশ ডাঃ সমাদ্দারের। এখনও বেশ কিছুদিন অন্ততঃ সাবধানে ও সেবায়ত্নের মধ্যে থাকতে হবে। সে ভার নিয়েছে সুবর্ণা। নার্স হিসেবেই সে যাবে সুধাকষ্ঠর সঙ্গে তার বাড়ীতে। মনে মনে তার দৃঢ় সংকল্প সুধাকষ্ঠকে মরতে দেবেনা কিছুতেই। উৎপলের হার্টটা থেমে গেলে, উৎপল যে চিরতরে হারিয়ে যাবে ওর কাছে। সুশীলাদি পর্যন্ত সেদিন রসিকতা করে বললেন, -“সত্যিই কি তুমি এ বুড়োটার প্রেমে পড়লি? আহা! তোর হবু বরটার কি দশা হবে তাই ভাবছি।” সামান্য একটু হাসবার চেষ্টা করলো সুবর্ণা- তার বুকের মধ্যে যে উখাল পাখাল ঢেউ, তাকে ওনেক কষ্টে সামলে রাখলো। পাশ থেকে তণিমা বলে উঠলো, - “অতো ভাববার কি আছে সুশীলাদি, এ বুড়োর বুকের মধ্যেও তো একটা তর তাজা হৃদয় আছে। কি বলিস সুবর্ণা?”

সুবর্ণা শুধু একটু স্নান হাসে, মুখে কিছু বলে না। মনে মনে ভাবে, কেন যে আমি এ বুড়োকে বাঁচিয়ে রাখতে চাই তা তোমরা বুঝবে না।

সাংবাদিক ও ফটোগ্রাফারটা ঘিরে ধরলো সুবর্ণাকে। অনেক কষ্টে ওদের হাথ থেকে রেহাই পেলো ও। এত প্রশ্নের উত্তর দিতে ওর ভাল লাগছে না। সর্বস্বপ্ন একটাই চিন্তা ওর এই বুঝি উৎপলের হার্টটা থেমে যায়।

বিরাট বাড়ী সুধাকষ্ঠর। কিন্তু আপনজন বলতে কেউ নেই। সব মাইনে করা লোক। অবশ্য সুবর্ণাও তাই। তবে আর কেউ না জানুক, ও তো জানে ওর চেয়ে আপনজন আর কেউ নেই সুধাকষ্ঠর। অবিবাহিত সুধাকষ্ঠর বাড়ীতে সব আছে কিন্তু শ্রীহীন সংসারে মায়া, মমতা, স্নেহ-ভালবাসার বিন্দুমাত্র চিহ্ন নেই। এই পাঁচদিনে তেমন কোন আত্মীয় স্বজনকেও আসতে দেখেনি ও। শুধু একদিন এক মাসতুত বোন এসে কিছুক্ষন বসে থেকে মামুলি ঠোঁজখবর নিয়ে আর উপদেশ দিয়ে চলে গেছে। চোখ বুজে শুয়ে ছিলেন সুধাকষ্ঠ। হরলিকসের গ্লাস হাতে নিয়ে ওর বিছানার পাশে এসে দাঁড়াল সুবর্ণা। মৃদু কণ্ঠে ডাকলো ও, ‘মিঃ সোম!’ একবার চোখ মেলেই চোখ বুজলেন সুধাকষ্ঠ। কি আশ্চর্য! উৎপলের ওঁর বুকের মধ্যে স্পন্দিত হয়ে চলেছে, অথচ সুবর্ণাকে দেখেও ওর চোখদুটো হেসে উঠছে নাতো। তাতো হতেই পারে, চোখ দুটো তো উৎপলের নয় তাই হৃদয়ের আবেগ চোখের ভাষায় কিকরে ধরা পড়বে? হঠাৎ সম্মিৎ ফিরে পায় সুবর্ণা, এসব কি ভাবছে সে?

- ‘মিঃ সোম, হরলিকস এনেছি।’ গ্লাস থেকে ফিডিং কাপে হরলিকস ঢালতে থাকে সুবর্ণা।

- ‘আর কত দিন লিকুইড ডায়েট দেবেন সিসটার?’

- ‘আর মাত্র তিন চারদিন কষ্ট করতে হবে মিঃ সোম। তারপরই নর্মাল ডায়েট দেওয়া হবে।’

- ‘বেঁচেই যখন গোলাম তখন কিছুদিন পর আবার আমার প্রিয় খাবার গুলো খেতে পারব কি বলেন?’

- ‘নিশ্চয়ই। আপনার প্রিয় খাবার গুলোর নাম বলুনতো।’ মৃদু হাসে সুবর্ণা।

- ‘বলে আর কি হবে? ওসব আমার ঐ রাঁধুনি যোগমায়াকে দিয়ে হবে না।’

- ‘আমিতো আছি। আমিই আপনাকে রন্ধে খাওয়াবো।’

- ‘আপনি মোচার ঘন্ট রাঁধতে পারেন? ডালের বড়ি দিয়ে সুজ্ঞ?’

- ‘পারি, কিন্তু সুজ্ঞ খাওয়া চললেও মোচার ঘন্ট আপনার কিছুদিন খাওয়া চলবেনা।’

সত্যিই কি অদ্ভুত মিল-- উৎপলও মোচার ঘন্ট খেতে খুব ভালোবাসতো।

- ‘আচ্ছা মিঃ সোম, মোচার ঘন্ট কি আগেও ভালোবাসতেন না এখন--’ হাসলেন সুধাকষ্ঠ, - ‘আগে ভালো না বাসলে কি হার্ট বদলের সঙ্গে সঙ্গে রুচিও বদলে যাবে? অবশ্য যার হৃদয় নিয়ে আমি হৃদয়বান হয়েছি তার রুচিও আমার মধ্যে দেখা দিতে পারে। আপনাদের ডাক্তারি মত কি বলে?’ একটু জোরেই হাসলেন সুধাকষ্ঠ। আত্ননাদ করে ওঠে সুবর্ণা, - ‘অত জোরে হাসবেননা প্লিজ। আর কটা দিন আন্ততঃ সাবধানে থাকুন। বড্ড বেশী কথা বলছেন আজ। একটু চুপ করে থাকুন মিঃ সোম।’

- ‘অনেকদিনতো চুপ করেই ছিলাম, তাই আজ একটু----’

- ‘না, না, আর কথা বলবেননা, চোখবুজে একটু ঘুমোবার চেষ্টা করুন।’ পরম মমতায় সুধাকষ্ঠর মাথায় হাথ বুলিয়ে দিতে থাকে সুবর্ণা। হঠাৎ সুবর্ণার হাতের ওপর হাত রেখে সুধাকষ্ঠ বলেন, - ‘এত স্নেহ এত ভালোবাসা আমি জীবনে কখনো পাইনি সিসটার।’

- ‘আপনার বাবা, মা----’

- ‘তাঁদের কথাতো আমার মনেই নেই। বড় হয়েছি এক আত্মীয়ের কাছে প্রচণ্ড অবহেলা আর দারিদ্রের মধ্যে। তারপর নিজের চেষ্টায় আর ভাগ্যের সহায়তায় আমি অনেক টাকার মালিক হলাম। কিন্তু---- থাক আর একদিন আমার সবকথা বলবো, বড্ড ক্লান্ত লাগছে, এখন আর কথা----’

- ‘নিশ্চয়ই, এখন আর কথা বলা আপনার উচিত নয়। আমার ই দোষ, আপনাকে কথা বলতে নিষেধ করে নিজেই আপনার সঙ্গে বক্ বক্ করছি।’ লজ্জিত হল সুবর্ণা।

দিনের বেলায় অন্য নার্স সুধাকষ্ঠকে দেখাশোনা করে। সারাদিন উৎকণ্ঠায় কাটে সুবর্ণার। অপেক্ষা করে থাকে রাতটুকুর জন্যে। রোজ ই সাদা গোলাপের একটা তোড়া নিয়ে সুধাকষ্ঠর ঘরে হাসিমুখে ঢোকে ও। আজ একটু হেসে বলেন সুধাকষ্ঠ, - ‘কি করে জানলে যে সাদা গোলাপ আমার পছন্দ?’ ফুলদানীতে তোড়াটা রাখতে রাখতে সুবর্ণা বলে, - ‘আপনার কি পছন্দ আমার সব জানা আছে।’

- ‘কি আশ্চর্য! তুমিতো সাংঘাতিক মেয়ে। একটা মানুষের সঙ্গে কটা দিন কাটিয়ে তার কি পছন্দ সব জেনে ফেলেছো! সত্যিই তোমার সেবার তুলনা নেই।’

- ‘ওভাবে বলে আমাকে লজ্জা দেবেন না মিঃ সোম। সেবাই তো আমাদের পেশার ধর্ম।’



-“তা ঠিক---তবে সেবার সঙ্গে স্নেহ ভালবাসা ক’জন দেয়?”  
 -“যারা দেয়না তারা ভুল করে। সেবার সঙ্গে মমতা, ভালবাসা মিশে না থাকলে সে সেবা সেবাই নয়। অন্ততঃ আমার তাই মনে হয়।”  
 -“তুমি যেন সব সিসটারদের থেকে আলাদা। মাঝে মাঝে কি মনে হয় জানো হয়তো আগের জন্মে তুমি আমার আপন কেউ ছিলে। এই দেখো, তুমি বলে ফেললাম।”  
 -“ঠিক ই করেছেন। আমাকে আপনার কোনোমতেই আপনি বলা উচিত নয়। নাম ধরে ডাকলে আর ও খুশী হব। আমার নাম সুবর্ণা।”  
 -“চমৎকার নাম। নামের সঙ্গে তোমার চেহারার একটা অভূত মিল রয়েছে। সত্যিই তুমি সুবর্ণা।”  
 এক মুহূর্তে যেন সুবর্ণার ভেতরটা ওলট পালট হয়ে গেল। সুধাকষ্ঠর কণ্ঠস্বর কেমন করে উৎপলের মত হয়ে গেল? এ কথাটা তো উৎপলও ওকে বলতো। অনেক কষ্টে নিজেকে সামলায় ও।  
 -“অনেক রাত হল, ওষুধটা খেয়ে এবার ঘুমিয়ে পড়ুন।”  
 -“দাও অম্ল দাও, ফ্লোরেন্স নাইটস্‌জল যার মাথার শিয়রে, সে কি না ঘুমিয়ে পারবে?”  
 -“আর কথা নয়। এবার লক্ষীছেলের মত ঘুমিয়ে পড়ুনতো।” ধমকের সুরে বলে সুবর্ণা।  
 ঘুমিয়ে পড়েছেন সুধাকষ্ঠ। নাইট ল্যাম্পের নীলাভ আলোয় ঘরখানা মায়াময় হয়ে উঠেছে। ওঁর চোখে মুখে একটা অভূত প্রশান্তি ফুটে উঠেছে।  
 অপলক চোখে চেয়ে আছে সুবর্ণা ওঁর ঐ ঘুমন্ত মুখের দিকে। কই ওঁর চোখেমুখেতো কোন বার্থক্যের ছাপ নেই। যাঁর বুকের মধ্যে ওমন একটা তরুণ হৃদয় তিনি কি কখন ও বুড়ো হতে পারেন? ঐ হৃদয়ে যে লুকোনো ছিল অনেক স্বপ্ন, মধুর আশা, সুন্দর ভবিষ্যতের কল্পনা। সুধাকষ্ঠ কি তার কিছুই অনুভব করতে পারছে না? নিজের মনেই দুঃখের হাসি হাসলো ও। কি উদ্ভট চিন্তা! উৎপলের হৃৎপিণ্ডটা বকে নিয়েই কি এই বৃদ্ধ সুধাকষ্ঠ উৎপল হয়ে যেতে পারেন? তবে কি হৃৎপিণ্ডটা শুধু দেহ চালনার যন্ত্র? মনের সঙ্গে তার কোন সংযোগ নেই? একবার যদি সুধাকষ্ঠর বকে কান রেখে শুনতে পারতো, উৎপলের হৃৎপিণ্ডটা ঠিক চলছে কিনা! তাতো সম্ভব নয়। দেহভরা ক্লান্তি। ডেক চেয়ারে গা এলিয়ে চোখ বুল ও। সুধাকষ্ঠর নিঃশ্বাস পারতো, উৎপলের হৃৎপিণ্ডটা ঠিক চলছে কিনা! তাতো সম্ভব নয়। দেহভরা ক্লান্তি। ডেক চেয়ারে গা এলিয়ে চোখ বুল ও। সুধাকষ্ঠর নিঃশ্বাস প্রঃশ্বাসের ছন্দ তো ঠিকই আছে। নিশ্চিন্ত হল ও।  
 সকালবেলা ঘুম ভাঙলো সুধাকষ্ঠর। একটু স্নিগ্ধ হেসে বললেন, - “এবার তুমি স্নান করে একটু ঘুমিয়ে নাও সুবর্ণা।”  
 - “এখনতো মুখ ধুয়ে আপনাকে আগে কমপ্লান খেয়ে নিতে হবে। একটু পরেই ডাঃ সমাদ্দার এসে পড়বেন। সমীরা এলে আমি স্নান ক’রে একটু ঘুমিয়ে নিয়ে বাড়ি যাবো।”  
 - “যে আদেশ দেবী।” হাসলেন সুধাকষ্ঠ।  
 দিনের বেলার নার্স সমীরা এলো একটু পরেই। তারও একটু পরে এলেন ডাঃ সমাদ্দার। রিপোর্ট ও চার্ট দেখে উনি ভিষণ খুশী। ওদের দুজনকে দিনের বেলার নার্স সমীরা এলো একটু পরেই। তারও একটু পরে এলেন ডাঃ সমাদ্দার। রিপোর্ট ও চার্ট দেখে উনি ভিষণ খুশী। ওদের দুজনকে আড়ালে ডেকে নিয়ে বললেন, - “মিরাকল্ ! দারুণ উন্নতি হয়েছে পেশেন্টর। সবই আপনারদের দুজনের ওপর নির্ভর করছে। তারপর আমি তো আছি। হঠাৎ যেন কোন একসাইটমেন্ট না হয় - এমনকি বেশী খুশী হওয়াও ঠিক নয়। সেদিকে একটু কেয়ারফুল নজর রাখবেন। মনে হয় এবার আমরা সাকসেসফুল হবো।”  
 সমীরা বলল যে ভদ্রলোকের হার্টটা ওঁকে দেওয়া হয়েছে, তিনি নাকি খুব স্বাস্থ্যবান ছিলেন।  
 - “হ্যাঁ, ভালো স্পোর্টসম্যানও ছিলেন।” নিজের অজান্তেই বলে ফেলল সুবর্ণা।  
 - “কি ক’রে জানলেন? উৎপল রায়কে আপনি চিনতেন নাকি?” ডাঃ সমাদ্দার প্রশ্ন করলেন।  
 - “না, না, ওর এক বন্ধুকে আমি চিনতাম, তার কাছেই শুনেছি।” এই মুহূর্তে চিৎকার ক’রে বলতে ইচ্ছা করে ওর, যে হার্টটা মিঃ সোমের বকে বসিয়েছেন সেটা ওর সবচেয়ে প্রিয়জনের হার্ট। কিন্তু তা বলা যায় না। তাই চুপ ক’রে থাকতে হয়ে ওকে।  
 বেশ সুস্থ হয়ে উঠেছেন সুধাকষ্ঠ। বিকেলে কিছুক্ষণ বাগানে পায়চারি করেন। ইচ্ছে হ’লে কখনো হালকা মেজাজের বইও পড়েন। বারান্দায় ইজি চেয়ারে ব’সে সুবর্ণার সাথে গল্পও করেন কিছুক্ষণ। ডাঃ সমাদ্দার এসেছিলেন ওঁকে পরীক্ষা করার জন্যে। যিবার সময় ব’লে গেলেন, - “ইউ আর চেয়ারে ব’সে সুবর্ণার সাথে গল্পও করেন কিছুক্ষণ। ডাঃ সমাদ্দার এসেছিলেন ওঁকে পরীক্ষা করার জন্যে। যিবার সময় ব’লে গেলেন, - “ইউ আর এ লাকি চ্যাপ, মিঃ সোম। এখন কিছুদিন বেশ সিঁদুরে থাকতে হবে এই যা।” বিগলিত হাসেন সুধাকষ্ঠ।  
 দুপুর থেকেই রামরাম ক’রে বৃষ্টি শুরু হয়েছিলো। বর্ষাতিটা বাইরে টাঙিয়ে রেখে ঘরে ঢোকে সুবর্ণা।  
 - “এত বৃষ্টিতে এলে কি ক’রে? আমি তো ভেবেছিলাম আজ আর তুমি এলে না।”  
 - “আমাকে যে আসতেই হবে মিঃ সোম। আসতে আবশ্য খুবই আসুবিধা হয়েছে।”  
 - “তুমি গান জানো সুবর্ণা?”  
 - “জানি বলাটা ঠিক নয়। যেটুকু জানি তা অন্যকে শোনাবার মতো নয়।”  
 - “তা হোক, তুমি একটা বর্ষার গান গাও। গান যে আমার এত ভালো লাগে আগে তা জানতামই না। আমার কি মনে হয় জানো, আমার নতুন হৃদয়টির যিনি মালিক ছিলেন, তিনি নিশ্চয়ই সঙ্গীত রসিক ছিলেন।”  
 গান শুনতে উৎপল সত্যিই ভালোবাসতো। বুকের ভেতরে জমে থাকা কথাগুলো বেরিয়ে আসতে চায় কিন্তু নিজেকে প্রাণপনে সামলে রাখে সুবর্ণা।  
 কিন্তু কতদিন যে এভাবে এই গোপন ব্যাথা বহন করতে পারবে, তা সে নিজেই জানে না।  
 - “এবার ঘরে চলুন। বড্ড হাওয়া দিচ্ছে, ঠাণ্ডা লেগে যাবে।” তাড়া লাগায় সুবর্ণা।  
 - “এর পর কি হবে সুবর্ণা? কিছুদিন পরতো তোমরা দুজনেই চলে যাবে, তার পরতো এ বুড়োটা

একলা হয়ে যাবে। ভাবতেই কেমন যেন ভয় করে। সমীরাতো শুধু ডিউটি করে। কিন্তু তুমি তো প্রাণ দিয়ে ভালোবেসে এ বুড়োটাকে সেবা করো। এ ভালোবাসা কোনদিন ভুলতে পারবো না।”  
 - “আপনি বিয়ে করেননি কেন?” হঠাৎ বলে ফেলে সুবর্ণা।  
 একটু চুপ করে থেকে হো হো করে হেসে ওঠে সুধাকষ্ঠ, - “যদি বলি মনের মতো মেয়ে পাইনি বলে? বয়সকালে তোমার সঙ্গে যদি দেখা হ’তো তবে নিশ্চয়ই তোমাকে প্রোপোজ করতাম। তুমি রাজী হ’তে কিনা জানিনা তবে আমি নিজেকে ভাগ্যবান বলে মনে করতাম। ও কি! তোমার মুখখানা অমন লাল হ’য়ে উঠল কেন? এখনতো আর হবেনা। এখনতো তুমি নাতনী আর আমি দাদু। তবে এখন বিয়েটা সম্ভব না হ’লেও সম্পর্কের জোরে প্রেম করা যেতে পারে, কি বলো? রাজীতো? প্লীজ রাজী হয়ে যাও সুবর্ণা। এ বুড়োর খোলসটাই যা পুরণো, হৃদয়টা তো তরতাজা তরুণ।”  
 সুধাকষ্ঠর কথা শুনে অন্যমনস্ক হয়ে যায় সুবর্ণা। ওর বুকের মধ্যে যেন একরাশ সুগন্ধী ফুল ঝরে পড়ে। উৎপল হারিয়ে যায় নি, সে বেঁচে আছে সুধাকষ্ঠের মধ্যে। এ আবেগ হয়তো উৎপলেরই হৃদয় উৎসারিত। যে উৎপল তাকে পাগলের মতো ভালোবাসত, সে কি সুবর্ণার সামনে চুপ করে থাকতে পারে?  
 - “মহাসমস্যায় পড়ে গেলে, তাইনা? আরে না না ওতোখানি জুলুম আমি করবো না। আমি শুধু চাই এই বুড়োটাকে কখনো ভুলে যেও না।”  
 - “আপনি কিছু ভাববেন না, আমি এখানে ডিউটি না করলেও রোজ একবার দেখে যাবো। এবার উঠুন, ঘরে চলুন, ঠাণ্ডা লেগে যাবে।”  
 - “আজ কিছু তোমার গান শোনাবার কথা ছিল .... মনে আছে তো?”  
 হাসে সুবর্ণা, মুচকি হেসে বলে, - “গান শোনানো কিন্তু আমার ডিউটির মধ্যে পড়ে না।”  
 - “নিশ্চয়ই পড়ে। পেশেন্টকে আনন্দ দেওয়া তো সেবিকার ডিউটি। তাছাড়া এখনতো তোমার সঙ্গে আমার একটা মধুর সম্পর্ক হয়ে গেছে। তোমার ওপর আমার এখন অনেক দাবী।”  
 মনে মনে বললো সুবর্ণা, - “সত্যিই আমার ওপর অনেক দাবী উৎপল।”  
 বসে থাকতে থাকতে একটু তন্দ্রা এসেছিলো সুবর্ণার। হঠাৎ একটা গোঙানীর আওয়াজে তন্দ্রা কেটে যায় ওর। ঘড়িতে তখন রাত তিনটে। সুধাকষ্ঠর মুখের দিকে চেয়ে বুকের ভেতরটা হিম হয়ে যায় ওর। মুখখানা নীল হয়ে গেছে। মাথাটা কেবলই এপাশ ওপাশ করছেন। ওঁর মুখের কাছে ঝুঁকে পড়ে জিজ্ঞেস করে সুবর্ণা, - “অমন করছেন কেন? খুব কষ্ট হচ্ছে? বেশ তো ঘুমিয়েছিলেন। হঠাৎ কি হ’লো?” কোন উত্তর দিলেন না সুধাকষ্ঠ, এখানা হাত বাড়িয়ে সুবর্ণার ডান হাতখানা সজোরে চেপে ধরলেন। সুবর্ণা তাড়াতাড়ি ফোন ক’রলো ডাঃ সমাদ্দারকে। অনেক কষ্টে ব্যাথা কমান ওষুধটা জিহ্বের নীচে দিলো। কি করবে কিছুই বুঝে উঠতে পারছে না। বুকের মধ্যে তখন কালবোশেখী ঝড়ের তান্ডব শুরু হয়ে গেছে। আবার ফোন করার উদ্দেশ্যে উঠে দাঁড়াতেই ডাঃ সমাদ্দারের গাড়ীর আওয়াজ শোনা গেল। দৌড়ে দরজায় গিয়ে দাঁড়ালো ও।  
 এখন সকাল সাতটা। বহুকষ্টের ও বহুমানুষের পায়ের আওয়াজে সুধাকষ্ঠ সোমের নিস্তদ্ধ বাড়ীটা এখন মুখরিত। কিছুক্ষণ আগে সব প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়ে চিরদিনের মতো থেমে গেল উৎপলের হার্টটা। নিশ্চল, নিথর হয়ে সুধাকষ্ঠর মাথার কাছে বসে আছে সুবর্ণা। ভারাক্রান্ত মনে ধীর পায় সুবর্ণার পাশে এসে দাঁড়ালেন ডাঃ সমাদ্দার, - “আমরাতো প্রাণপন চেষ্টা করেছিলাম সিস্টার, কিন্তু সব ব্যর্থ হয়ে গেল। ভেবেছিলাম এবার আমরা সাকসেসফুল হবো। এনিওয়ে, এখানেই আমাদের থেমে গেলে চলবে না। চেষ্টা চালিয়ে যেতে হবে। আমি বুঝতে পারছি আপনি খুবই শকড, এতদিন ভদ্রলোকের নার্সিং করেছেন, দুঃখ হওয়াটা কোয়াইট ন্যাচারাল। আমি জানি, একদিন না একদিন আমরা সাকসেসফুল হবোই। এত সহজে নিরাশ হ’লে তো চলবে না সিস্টার।  
 দুহাতে মুখ ঢেকে কেঁদে উঠল সুবর্ণা। উৎপলের মৃত্যুর পর এই প্রথম কাঁদলো ও। উপস্থিত সবাই বিষয়ভরা চোখে চেয়েছিলো ওর দিকে। পেশেন্ট মারা গেলে কোন নার্সকে এমনভাবে কাঁদতে দেখেনি কেউ কখনও। কেউই বুঝল না, সুবর্ণা কাঁদছে সুধাকষ্ঠর মৃত্যুর জন্যে নয়। উৎপলের মৃত্যুর জন্যে।





## In Fond Memory of Dr. Jayanti Lahiri

The following article is taken from Atlanta Journal Constitution and modified for Anjali.

**OBITUARIES: ATLANTA: Jayanti Lahiri, teacher of physics, musician**  
**Derrick Henry - Staff**  
**Friday, April 30, 2004**

Calcutta, India, native Jayanti Lahiri embraced the world.

"Jayanti was a consummate combination of Eastern culture and Western attitudes," said Giriraj Rao of Alpharetta, executive director of the Atlanta-based Gandhi Foundation of USA.

An accomplished North Indian classical musician who once sang for Mohandas Gandhi, Dr. Lahiri nonetheless adored country singers George Strait and Alan Jackson. Although her own successful marriage was arranged, she rejoiced when her son and daughter married people from other cultures. The physics professor lectured at international conventions on the interaction of radiation with matter and kept an open door for her students at Southern Polytechnic State University.



"Soon after she joined the faculty here in 1981, she was asked to be the adviser for our international students," said her supervisor, Dr. Sam Scales of Marietta. "Three or four years later she had helped recruit such a large number of international students we had to hire a full-time person to take over the job. When Jayanti arrived, we did not offer a degree in physics. Over the next few years she helped develop a B.S. program in physics."

The Vedantic memorial service for Dr. Lahiri, 68, of Atlanta is 5:30 p.m. May 8 at the Episcopal Church of the Epiphany. She died Monday of pneumonia at Good Samaritan Hospital in Lebanon, Pa., while on vacation.

As an expert on both atomic physics and the physics of music, Dr. Lahiri published many scientific articles. She turned speaking engagements into vacations with her husband, Pranab Lahiri. The couple visited every continent but Antarctica.

Wherever they went, Dr. Lahiri made friends, said her daughter, Lali Watt of Wilmette, Ill. "Mother met some woman in a laundromat in Tokyo and ended up having dinner with her parents," she said. "My mother was perfectly comfortable in any situation and had a curiosity about absolutely everything," said her son, Yasho Lahiri of Briarcliff Manor, N.Y. "She knew I was interested in alternative rock, so she would listen with me. She could tell that R.E.M. was good and another group was bad."

At 7, Dr. Lahiri was introduced to Mohandas Gandhi at a Calcutta rally and was asked to sing for him. She sang "Raghupati Raghava Raja Ram," a devotional chant that was a favorite of Gandhi's.

"Apparently when she was done, Gandhi said, 'I don't think I've ever heard it sung better,' and asked her to stay on the dais with him for the rest of the rally," her daughter said.

Years later, Dr. Lahiri sang that song --- and other Indian classics --- at events honoring Gandhi at the Martin Luther King Jr. Center for Non-Violent Social Change and other Atlanta venues for Indian music.

Dr. Lahiri helped found the Vedanta Center of Atlanta and annually directed a contemporary Bengali play at Durga Puja, a Bengali religious festival. "Mother could organize any group of people to do anything," her son said. "She could get you really excited to do something."

Survivors include two sisters, Gayatri Chakravorty Spivak of New York City and Maitreyi Chandra of New Delhi, India; a brother, Ranes Chakravorty of Salem, Va.; and six grandchildren



## My Ma, Your Jayanti-di

*Lali Watt of Wilmette, Illinois, daughter of Jayanti and Pranab Lahiri of Atlanta.*

Courage, character and charisma are the words that seem to sum up what my mother was. Her moral compass was firmly set. I hardly ever saw her hesitate before deciding what the appropriate thing to do was in any circumstance. And yet she was not stern. She loved fun, loved life, loved 'adda' and 'cha' and 'paan'. Duty was duty and had to be satisfied; pleasure was what life was about after the duty had been done.

A product of a rather unconventional upbringing for the time and place, she became, at least outwardly, a very traditional daughter in law. But somewhere inside she was always herself. Her judgment was always her own whatever the 'ghomta' might have led one to believe.

Over the years I saw my mother blossom, cast aside her shyness, step forward as her own person. She always rejected a feminist label but she was a true feminist because it never occurred to her that being a woman had anything to do with being a physicist or that any doors were closed to her because she was a first generation immigrant.

As a mother, she was most distinctly not of the cookie baking variety. She was sure what values she wanted to impart to us and I think, by and large, she succeeded. Our core values are very similar, our core competencies very different. That was fine with her. She was proud of not mastering money management, but it was always understood, although not articulated, that she liked the fact that I did. She never bothered with the intricacies of legal language as her life ran along much more straightforward tracks but she hugely enjoyed my brother's prowess in this area.

She was an inveterate traveler, a lifelong and companionable whiskey drinker, a much-missed maker of 'luchi dal' for her grandchildren, a dedicated teacher, a renowned singer (who was always fascinated by Western musical notation, but never needed to understand it), the best giver of driving directions I've ever known, an enthusiastic eater of any and all foods, a dedicated knitter of beautiful, invented-as-she-went sweaters ... many things to many people.

Ma's ability to lead was astounding. I like to think that my brother and I learnt some of her skills subliminally. Certainly, today, both of us are comfortable with stepping forward, with raising our hand, with having our voice heard. All in all, my mother has left the world a better and lonelier place; one filled with less laughter and less life. Her many students, her friends, her fans and, of course, her family, miss her deeply.

The lesson she has left me with, though, is that life is for living, not mourning. Although I miss my mother profoundly and, in many ways, understand her loss a little more each day, I know she wants me to embrace life, not merely go through the motions of existence.

In her name, in her honor, and in memory of what she stood for, I too am trying to live with courage, character and charisma. I learnt from a master teacher and practitioner.

Today, as you celebrate Durga Puja, say a prayer for my mother and then please reach out to make a new friend or exchange warm greetings with someone you already know. It is what she would expect you to do.  
Pronams. Blessings. Peace.



## Our Jayanti Di

P.K.Das

This is the festive season for Bengalis. It is the happy occasion for all the Bengalis to welcome Ma-Durga. Everybody is in festive mood. Some are rehearsing for the theater, some are rehearsing for the cultural program and others are preparing for the upcoming festival. There are lot of phone calls and e-mails going around. Every body is talking about Puja preparation.

During this season Jayanti Di used to be at the helm of all the cultural affairs. But this time we feel the vacuum, a vacuum that will be hard to fill.

For the last 25 years she brightened our lives with her melodious voice. Pujari's theater during Durga Puja was a major attraction for every one, which she single-handedly directed with endless passion and patience.

Jayanti Di was a very special person, for such was her extraordinary appeal to this community, at large, that we feel a sense of immense loss, since Monday the 26th. of April 2004.

Jayanti Di was a legend in Atlanta with her scholarship, charm, dignity and charisma. Ever since she set her foot for the first time in Atlanta, 25 years ago, She became a household name in every Indo-American Community.

Jayanti Di was a remarkable woman. She could make friends with a complete stranger. After conversing with a person in the morning she never met before, she could get invited for dinner in the evening.

Jayanti Di was the very essence of compassion, of duty, of style and of accomplishment. Jayanti Di's accomplishment knows no bounds.

Professionally she was a renowned physicist. She was an accomplished educator and a highly acclaimed professor.

Jayanti was a Globetrotter. She traveled to all the five continents of earth.

Her contribution to the Indian community in Atlanta glorified our heritage and we shall be proud of it. We hardly can appreciate what she stood for, her gigantic personality, accomplishments and compassion.

She was the life of all the get-togethers and parties. At one moment she could preach spirituality, at the next moment she could talk about the Braves.

Jayanti Di was always eager to take charge and never failed to deliver.  
Jayanti Di's joy for life transmitted wherever she went. Her boundless energy could hardly be contained.

Jayanti Di never failed to appreciate any good gesture and any accomplishment.

We all shall miss Jayanti Di.



## চ্যবন ও সুকন্যা

সমর মিত্র, আটলান্টা

মহর্ষি ভৃগুর চ্যবন নামে এক উগ্রতেজা পুত্র ছিল। কথিত আছে যে চ্যবন যখন মাতৃগর্ভে সেই সময় পুলোমা নামে এক দৈত্য তার মাকে হরন করে শূন্যপথে নিয়ে যেতে থাকে। ঐ আবহায়া গর্ভচ্যুত হল চ্যবন আর তাঁর বোম্বাই তে পুলোমা ভস্মীভূত হয়। গর্ভচ্যুত হবার জন্যে নাকি তাঁর চ্যবন নাম হয়েছিল। চ্যবনের বাল্যকালের উল্লেখযোগ্য আর কোন বিবরণ শাস্ত্রে পাওয়া যায় না তবে অন্যান্য মুনিঋষিদের মত তিনিও জিবনে কঠোর তপস্যার পথই বেছে নিয়েছিলেন। দীর্ঘদিন নিরাহারে এক সরোবরের তীরে একাসনে স্থির হয়ে বসে থাকার জন্যে তাঁর দেহ বায়বিকি মুনির মত বালির বা উইয়ের ঢিপিতে ঢাকা পড়ে যায়। তাঁর ওপরে নানারকমের লতা গজিয়ে পিপড়ের বাসা হওয়ায় সেখানে একটি মৃৎপিণ্ড সৃষ্টি হয়-

**সমকীর্ণ পিপীলিকৈঃ বলীকেন সমাবৃত্যঃ,  
তপ্যতি তপো ধীমান মৃৎপিণ্ড ইব সর্বশঃ**

তবে তাঁর দেহে বিশেষ স্পন্দন না থাকলেও মাঝে মাঝে বোধহয় নিমেষ পড়ত কারন ঐ আচ্ছাদনের মধ্যে দিয়ে অন্যের অদৃষ্ট হলেও তিনি চোখ খুললে কিছুটা দেখতে পেতেন।

মহাভারতের কাহিনী অনুযায়ী চ্যবনের তপস্যাকালী ঐ সরোবরটি শর্যাতির রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। শর্যাতির স্ত্রীর সংখ্যা ছিল চার হাজার কিন্তু সন্তান বলতে ছিল সুকন্যা নামে একটি কন্যা। একদিন মহারাজা সব স্ত্রীদের সঙ্গে সুকন্যা, তাদের সহচরী ও পরিবারদের নিয়ে সেই রমনীয় সরোবরে বিহার করতে এসেছিলেন। নানা আভরণে ভূষিতা মনোরমা, সুবেশী ও যৌবনমদে মত্তা সেই কন্যাটি সখীদের নিয়ে অরণ্যের শোভা দেখতে দেখতে নানা ফুলভরা গাছপালার ডাল ভেঙ্গে ক্রীড়াচ্ছলে ফেলে ছড়িয়ে ক্রমে সেই উইয়ের ঢিপির কাছে একাই উপস্থিত হলেন। ঢিপির ছিদ্রপথে বিদ্যুতের চকিত বলকের মত গতিশীল - **চরতীম ইব বিদ্যুতম** - সেই একাকিনী অপরাধী রমণী চ্যবনের দৃষ্টিগোচর হলে আনন্দে অভিভূত হলেন তিনি। তিনি বারবার সুকন্যাকে সন্তাষণ করার চেষ্টা করলেন কিন্তু দীর্ঘকাল অনাহারে থাকার জন্যে তার ওপরে ঢিপির মধ্যে থাকার দরুন তাঁর সেই ক্ষীণকণ্ঠ সুকন্যা শুনতে পেলেন না। এদিকে সুকন্যাও মানুষের আকৃতির ঐরকম একটা ত্বপের মত পদার্থ দেখতে পেয়ে কৌতুহলভরে কাছে গিয়ে চোখের জায়গায় ছিদ্র দেখতে পেয়ে, এগুলো কি, বলে মোহগ্রস্ত হয়ে হাতে ধরা কাটার মত ফুলের তাঁটা চ্যবনের চোখে বিধিয়ে দিলেন - **নির্বিভেদাস্য লোচনে**।

চোখে দেখেই হোক বা যোগবলেই হোক সুকন্যা ও অন্যান্য য়ারা সেখানে এসেছিলেন তাঁদের পরিচয় চ্যবনের অবগত ছিল না। সেকালের অধিকাংশ মুনিঋষিরা ক্রোধ সংবরণ করতে পারতেন না, চ্যবনও আঘাত পেয়ে অত্যন্ত ক্রুদ্ধ হলেন। কিন্তু তিনি সুকন্যাকে সরাসরি কোন শাস্তি দিলেন না যদিও তিনি ইচ্ছে করলে সুকন্যাকে ভস্ম করে ফেলতে পারতেন যেমন তিনি করিছিলেন মায়ের অপহরণকারী সেই অসুরকে। আসলে পরম রূপবতী রাজকন্যাকে দেখে জরাজীর্ণ বৃদ্ধ তাপসও প্রলুব্ধ হয়েছিলেন যা সেকালের মুনিঋষিদের মধ্যে প্রায়ই দেখা যেত। চ্যবনও সুকন্যাকে করায়ত্ত করবার এই সুযোগ ছেড়ে দিলেন না। তিনি যোগবলে মহারাজা শর্যাতির সৈন্য সামন্তদের অবরোধ করলেন - **শকুৎ মূত্রং সমাব্রুণোৎ**।

কিছুক্ষণের মধ্যেই শর্যতি এই অপ্রাকৃতিক ঘটনার বিষয় জানতে পেরে বুঝলেন যে তাঁর রাজ্যের অন্তর্গত এই তপোবলে তপস্যারত কোন মুনিঋষির, বিশেষ করে ভৃগুর অসন্তোষের ফলে এই দুর্দৈব দেখা দিয়েছে। তিনি সকলকে উদ্দেশ্য করে ঘোষণা করলেন যে বৃদ্ধ ও অতি কোপনস্বভাব ভার্গব এখানে তপস্যা করেন, জগনে বা অজগনে কেউ মহর্ষির কাছে অপরাধ করে থাকলে অবিলম্বে তা ব্যক্ত করুক। তারা কেউই কোনরকম অপরাধ করেনি বলে মহারাজকে মহর্ষির কাছে গিয়ে অনুসন্ধানের পরামর্শ দিল। তখন সকলের দূরবস্থা দেখে শুনে সুকন্যার সন্দেহ হল যে এই ঘটনার জন্যে অজ্ঞানকৃত হলেও তিনিই বোধহয় অপরাধী। তিনি অকপটে রাজাকে বললেন যে একটা ঢিপির ছিদ্রে জোনাকির মত জ্বলজ্বলে পদার্থ দেখতে পেয়ে কৌতুহলী হয়ে তিনি তাঁটা বিধিয়ে দিয়েছিলেন। ঐ কথা শুনেই মহারাজা শশব্যস্ত হয়ে সেদিকে ছুটে যেতেই দেখতে পেলেন যে ঢিপি ভেদ করে মুনি বেরিয়ে এসেছেন।

তপোবৃদ্ধ ক্রোধান্বিত চ্যবনকে দেখেই অনিষ্ট শাস্তির জন্যে শর্যতি করজোড়ে ক্ষমাপ্রার্থনা করে তাঁর একমাত্র কন্যার বালসুলভ অজানাকৃত এই অপরাধ মার্জনা করতে অনুরোধ করলেন। রাজকুমারী যে না বুঝেই অপরাধ করেছেন তা চ্যবনের অজানা থাকার কথা নয় কিন্তু তিনি শাস্তি দেবার ভয় দেখিয়ে নিজের বাসনা চরিতার্থ করার এই সুযোগ পেয়ে দাড়বেন কেন। তিনি ক্রুদ্ধকণ্ঠে শর্যতিকে বললেন, 'মহারাজ, তোমার এই কন্যা রূপযৌবনমদে মত্তা হয়ে আমাকে অপমানিত ও আহত করেছে, অতএব আমি সত্য বলছি এই মোহপরায়ণা লাবন্যবতী কন্যার (একই সঙ্গে এই দুটি বিশেষণের প্রয়োগ লক্ষ্য করার মত) পানিগ্রহন করে তবে আমি ক্ষান্ত হব' -

**তামের প্রতিগৃহ্যাহং রাজন্ দুহিতরং তব.  
কমিষ্যামি মহিপাল সত্যম্ এতৎ ব্রবীমি তে।**

সরাসরি বিবাহের প্রস্তাব না করে এইভাবে ঘুরিয়ে কথা বলে বৃদ্ধ তপস্বী তরুণী কন্যাকে শাস্তি দেবার অজুহাত দেখিয়ে আত্মতৃপ্তির ব্যবস্থা করলেন। সকলের দুর্দাশার অবসান ঘটতে মুনির এই প্রস্তাব অশোভন হলেও শর্যতির তা প্রতিবাদ বা অস্বীকার করার কোন প্রশ্নই ওঠেনা। তাই তিনি কালবিলম্ব না করে সুকন্যাকে চ্যবনের হাতে সম্প্রদান করলেন। চ্যাবনও সন্তুষ্ট হয়ে সহচরদের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে দিলে শর্যতি সহচরদের নিয়ে রাজধানীতে চলে গেলেন। না জেনে আশুনে হাত দিলেও হাত পোড়ে সুকন্যার সেই জ্ঞান ছিল, অজান্তে অপকর্ম করলে তার ফলভোগ হতে অব্যাহতি পাওয়া যায়না, অতএব তা সন্তুষ্টচিত্তে মাথা পেতে নেওয়াই কল্যানপ্রদ, ভারতীয় সংস্কৃতির এই শিক্ষা তিনি পেয়েছিলেন। তাই তপস্বিস্বামী লাভ করে তিনি কোনরকম দ্বিধা না করে সযত্নে প্রীতিসহকারে ঋষিপত্নীর করণীয় তপস্যা ও অতিথিসৎকারাদি কর্তব্য ও নিয়ম পালনে রত হলেন। কিছুকাল পরে একদিন দেববৈদ্য যমজ্ঞ অশ্বিনীকুমার দুভাই সরোবরের ধার দিয়ে যেতে যেতে সদ্যদ্ব্যাতা দেবকন্যাসমা লাবন্যবতী প্রায় অনাবৃতদেহা সুকন্যাকে দেখে তাঁর কাছে গিয়ে জিজ্ঞাসা করলেন, 'তুমি কার রক্ষিতা, এই বনেই বা একাকিনী কি করছ?' লজ্জাবনতমুখে সুকন্যা উত্তরে বললেন, 'আমি মহারাজ শর্যতির দুহিতা ও চ্যাবনের ভার্য্যা।' কুমারেরা হাসতে হাসতে বললেন, 'কল্যানি, যার কাল শেষ হয়ে এসেছে এমন একজনের হাতে তোমার পিতা তোমাকে কিজন্য সমর্পন করলেন? মেঘের মধ্যে বিদ্যুতের মত এই তুমি শোভমানা, তোমার মত কামিনী দেবলোকেও দৃষ্ট হয়না। দিব্য বসন আর আভরনই যার অঙ্গে শোভা পায় সেই তুমি এইরকম মলিন দেহে ভোগসুখ বিসর্জন দিয়ে জরাজর্জরিত এক পতির উপাসনা করে চলেছ, যে পতি তোমার রক্ষনাবেক্ষণ তো দূরের কথা এমন কি ভরনপোষণেও অসমর্থ - অসমর্থ পরিত্রানে পোষণে চ শূচিস্মিতে।

এর পরেই অশ্বিনীকুমারদের মুখে যা শুনে পাওয়া গেল তাতে সেকালের সমাজব্যবস্থার একটা দিকের সুস্পষ্ট পরিচয় পাওয়া যায়। সেযুগে অপরীচিতা নারিকে, তা সে বিবাহিতা হোক বা না হোক, যে কোন পুরুষ সরাসরি তার স্ত্রী হবার প্রস্তাব নির্দিধায় করতে পারত, এমন কি বাধা দিলে হরণ করেও নিয়ে যেতে পারত, যেমন জয়দ্রথ করেছিলেন বনবাসিনী দ্রৌপদীকে। অবশ্য এ নিয়ে মারামারি কাটাকাটিও হত। অশ্বিনীকুমাররা আগের কথার জের টেনে কোনরকম ভনিতা না করেই বললেন, 'তুমি চ্যবনকে পরিত্যাগ করে আমাদের একজনকে বরণ কর, এক অকর্মণ্য স্বামীর জন্যে তোমার জীবন যৌবন ব্যর্থ হতে দিও না।' সুকন্যা সব শুনে বললেন, 'আমি আমার স্বামীর প্রতি বিশেষ অনুরক্ত, আমার মন বিচলিত হবার নয়, আপনারা অন্যরকম ভাববেন না'।

দেববৈদ্যদের কি অতিসন্ধি ছিল, বোঝা কঠিন, তাঁরা প্রত্যুত্তরে বললেন, 'আমরা তোমার স্বামীকে যুবক করে দেব - যুবনাং রূপসম্পন্নং করিষ্যাবঃ পতিং তব - তারপরে তুমি আমাদের মধ্যে যে কোন একজনকে বরণ করে নিও। এই সর্ব মনোমত হলে তোমার স্বামীকে গিয়ে জানাও'। লক্ষ্যনীয় যে তাঁরা দৈবীশক্তির ব্যবহার বা বলপ্রয়োগ করলেন না। তাঁরা হয়তো সুকন্যাকে অজ্ঞানকৃত অপরাধের কঠোর শাস্তি নীরবে মেনে নিয়ে স্বামীর প্রতি কর্তব্য করতে দেখে সেই কর্তব্যের আন্তরিকতা যাচাই করতে চেয়েছিলেন লোভ দেখিয়ে। কিন্তু সুকন্যা প্রলুব্ধ হলেন না দেখে বোধহয় তাঁদের সুকন্যার কল্যান সাধন আর সেই সঙ্গে নিজেদের মহত্ত্ব আর উদার্য দেখানোর বাসনা হয়ে থাকবে। তবে তাঁদের এই আশ্চর্যজনক প্রস্তাব সুকন্যা প্রত্যাখ্যান না করে চ্যাবনের কাছে যাচ্ছেন দেখে হয়তো তাঁদের আশা হয়েছিল যে চ্যবন রাজী হলে সুকন্যা হয়তো মত পরিবর্তন করবেন কারণ আর চ্যবন তাঁকে শাস্তি দিতে পারবেন না।

যাই হোক সুকন্যা চ্যবনকে গিয়ে দেববৈদ্যদের সর্বের কথা বলতে চ্যবন সঙ্গেসঙ্গেই অনুমতি দিলেন - তৎ শ্রুতা চ্যবনো ভার্য্যাম্ উবাচ ত্রিয়তাম্ ইতি। সুকন্যাকে যে তিনি কঠোর শাস্তি দিয়েছেন আর সেই শাস্তি সুকন্যা মাথা পেতে নিয়ে মনপ্রান দিয়ে তাঁর সেবা করে যাচ্ছেন, সে সমস্ত দেখে মুখে প্রকাশ না করলেও অন্তরে হয়তো তিনি গ্লানিবোধ করেছিলেন। যাই হোক, অকস্মাৎ হারানো যৌবন ফিরে পাওয়া আর সেই সঙ্গে রূপবান হবার অপ্রত্যাশিত প্রস্তাবে তিনি নিশ্চয়ই অত্যন্ত উৎফুল্ল হয়েছিলেন আর সেই সুযোগের বিনিময়ে সুকন্যাকে যদি হারাতেও হয় সে মূল্য তাঁর কাছে নিশ্চয়ই বেশি বলে মনে হয়নি। আর সুকন্যাকে যদি হারাতে না হয় তাহলে তো তাঁর বিনা আয়াসে বিনা মূল্যে অমূল্য নিধি লাভ হয়ে গেল। লক্ষ্যনীয় যে চ্যবনের সিদ্ধি যা ছিল তা দিয়ে নিশ্চয়ই তিনি কামা পরিবর্তন করতে পারবেন কিন্তু এক্ষেত্রে সেই শক্তির ব্যবহার না করে কেন তিনি পরমুখাপেক্ষী হলেন তার কারন হয়তো বা আত্মতৃপ্তির জন্য ঐ শক্তির ব্যবহার পরিনামে খতিকর আর তাহলে যোগিক যোগব্রন্ট হতে হয় বলে। তবে অপরের কাছ থেকে প্রতিগ্রহ অর্থাৎ দান গ্রহণ করলে তা হয়তো খতিকর হয়না।



যাইহোক, সুকন্যা চ্যবনের সম্মতির কথা অশ্বিনীকুমারদের জানালে তাঁরা তাঁকে বললেন, ‘তোমার স্বামী এই সরোবরের জলে প্রবেশ করুন’। চ্যবন তাই করলেন এবং তাঁর সঙ্গে অশ্বিনীকুমাররাও জলে প্রবেশ করলেন। তার কয়েক মুহূর্ত পরে তিনজনই তীরে উঠে আসতে সুকন্যা দেখলেন দিব্যরূপী, সমান বেশভূষায় আর উজ্জ্বল আভরণে ভূষিত, তিনজন যুবক - দিব্যরূপধরাঃ সর্বে যুবানো মুস্টকুন্ডলাঃ - তাঁরা সমন্বরে বললেন, ‘বরবিনি, আমাদের মধ্যে তোমার যাকে ইচ্ছা হয় পতিত্বে বরণ কর - যত্র বাপি অভিকামাসি তং বণীষ্য শোশোধনে’। তাকিয়ে রইলেন সুকন্যা কিছুক্ষণ তিনজনের দিকে, তাঁর মনের মধ্যে যে চিন্তার প্রবাহ বইতে লাগল মহাভারতকার ব্যাসমুনি পাঠকদের পরেই তার অনুমানের ভার দিয়েছেন। আমরা জানি যে স্বয়ম্বর হবার পর প্রথা সেযুগে থাকলেও সুকন্যা তাঁর সুযোগ নিতে পারেনি। আর সেযুগে বিবাহিতা হলেও অন্য কারো পত্নী হতে সামাজিক বাধা ছিলনা। তাই সুকন্যার মনের গভীরে পুরোপুরি প্রবেশ করতে না পারলেও এটা অনুমান করতে অসুবিধা হয় না যে তিনি নিশ্চয়ই ধরে নিয়েছিলেন যে আপন কর্মফলেই চ্যবনকে পতিত্বে বরণ করতে হয়েছে তাকে। কিন্তু তিনি দেখছেন সেইদিন মানুষ আর দেবতার মধ্যে স্বামী বেছে নেবার অভাবনীয় সুযোগ অকস্মৎ ক্রায়ত্ত্ব হয়েছিল তাঁর। সুকন্যা কি ভাবছেন না কোন কর্মফলে আজ তাঁর জীবনের স্রোতের মোড় ঘুরিয়ে দেবার ক্ষমতা পেয়েছেন তিনি? বিদ্যুৎগতিতে প্রবাহিত এই ভাবনার স্রোতের মধ্যে তিনি দেখছেন, সকলেই সুপুরুষ হলেও তাঁদের আত্মপরিচয় গোপন নেই। সকলের চোখেই চোখ রাখলেন তিনি, বিশেষ করে চ্যবনের। বৃদ্ধ, জরাগ্রস্ত চ্যবনকে সেবা করে কি পেয়েছেন আর কি পাননি তার হিসেব নিকেশ মনের মধ্যে জেগে উঠলেও আমল দিলেন না সুকন্যা, চাইলেন না দেবত্বের মর্যাদা আর আমরত্ব, নিজের মানুষ-স্বামীকে এইবার সুযোগ পেয়েছেন তিনি স্বেচ্ছায় বরণ করার, সে সুযোগ পায়ে ঠেলার প্রশ্ন নির্বাসিত হল তাঁর মন থেকে। সব বিবেচনা করে সুকন্যা আপন স্বামীকেই নির্বাচন করলেন - নিশ্চিত্য মনসা বৃদ্ধ্যা দেবী বরে স্বকং পতিম্। চ্যবনের পাশে এসে দাঁড়ালেন সুকন্যা, স্থাপন করলেন এক মহান দৃষ্টান্ত। জীবনের দ্রুত পট পরিবর্তনে অতি কোপনস্বভাব চ্যবনও অভিভূত হয়েছেন। তিনিও ভাবছেন না তাঁর স্ত্রীর রূপে শুনে তাঁরা সুকন্যাকে প্রলুব্ধ করেননি। চ্যবনকে অবজন বা প্রতারণিত করা তো দূরের কথা বরং তাঁকে যেন সুযোগ দিয়েছেন তাঁরা এক সুস্থ স্বচ্ছ স্বয়ম্বরের প্রতিযোগিতায় যোগ দেবার। দেখে আরো আশ্চর্য হলেন চ্যবন যে অশ্বিনীকুমাররা এই প্রতিযোগিতায় পরাজিত হলেও তাঁদের মুখ চোখে কোন ক্ষোভের লক্ষণ প্রকাশ পাচ্ছেনা, শুধু বিদায় নেবার জন্য দাঁড়িয়ে আছেন তাঁরা। মনে যা এতকাল ছিল চ্যবনের যে সুকন্যাকে লঘু অপরাধের জন্যে গুরুদণ্ড দিয়েছেন তিনি, তাঁকে স্ত্রীর প্রাপ্য মর্যাদাও দেননি, অন্যায় জেনেও তা স্বীকার করেননি, তার গুরুত্ব এতদিন পরে এইবার যেন প্রথম অনুভব করলেন তিনি। চ্যবন তখন ভাবছেন যে তবে কি সুকন্যার প্রতি এই অবিচারের প্রতিকার করতেই এসেছেন এঁরা, আর সেজন্যেই কি তাঁকে জরা আর বার্দ্ধক্য থেকে মুক্তি দিয়ে সুন্দর যুবকের দেহ দান করেছেন? কৃতজ্ঞতায় প্রান ভরে গেল তাঁর। কিন্তু সঙ্গে সঙ্গেই বিনামূল্যে পাওয়া এই অমূল্য দানের প্রতিদানের ভাবনা তাঁকে ভারাক্রান্ত করে তুলল।

এই ভাবনার স্রোতে বয়ে যেতে লাগল দ্রুতবেগে। মনে পড়ল চ্যবনের যে এই দেববৈদ্য দুজন দেবতা হলেও পদমর্যাদায় অন্য অনেক দেবতাদের তুলনায় নিম্নস্তরের। স্বর্গে ইন্দ্রের সভায় সকলের সঙ্গে একত্রে সোমপানের অধিকার তাঁদের নেই। তিনি তখন অশ্বিনীকুমারদের সম্বোধন করে বললেন, ‘আপনারা আমাকে রূপযৌবনসম্পন্ন করেছেন, আপনাদের জন্যে আমার নিজের স্ত্রীকেও আমি ফিরে পেয়েছি। আমি নিশ্চিত করে বলছি যে আমি পরমানন্দে যজ্ঞ করে দেবরাজের সমক্ষে আপনাদের সোমপায়ী করব - তস্মাৎ ধ্রুবাং করিষ্যামি প্রীত্যাং সোমপীথিনৌ। সেকথা শুনে প্রীতমনে অশ্বিনীকুমাররা গমন করলেন, চ্যবন, সুকন্যাও দেবতার মত সুখে স্বচ্ছন্দে বিহার করতে লাগলেন।

পরিশিষ্ট - প্রতিজ্ঞা রেখেছিলেন চ্যবন। তাঁর যৌবনপ্রাপ্তির খবর পেয়ে জামাইয়ের সঙ্গে দেখা করতে এসেছিলেন। কুশল বিনিময়ের পরে চ্যবন শর্যাতিকে এক যজ্ঞের আয়োজন করতে বললেন। সেই যজ্ঞে চ্যবন অশ্বিনীকুমারদের সোমপানের ব্যবস্থা করলে ইন্দ্র নানারকম বাধা সৃষ্টি করেন কিন্তু চ্যবনের হাতে নান্তানাবুদ হয়ে অশ্বিনীকুমারদের সেই অধিকার দিতে সম্মত হন। সে আর এক কাহিনী।

## রসিকতা

সুস্মিতা মহলানবীশ, আটলাপ্টা

কি লিখব ভাবছি সেই সময় কলিং বেলটা বেজে উঠল। আমি উঠে যাওয়ার আগেই দীপ দরজাটা খুলে দিল। হাসি মুখে আমাদের দুই বন্ধু তৃপ্তি ও পঙ্কজ ঘরে ঢুকল। পঙ্কজ আমার দিকে তাকিয়ে বলল- আই সি, আই সি - ঘরে বসে বসে কর্তা গিল্মিতে খুব কাব্য লেখা হচ্ছে। দীপ তার স্বভাবসিদ্ধ রসিকতা নিয়ে বলে উঠল আইসি - আইসি করছিস কেন? এসেই তো পরেছিস। তৃপ্তি হেসে বলল - ওর ফাজলামো স্বভাব এখনো যায়নি, বুঝলে। পঙ্কজ চেয়ারে বসতে বসতে বলল - আই নো, আই নো। দীপ বলল - কি আইমো আইমো করছিস? এখন আবার কি আনতে হবে? দীপের কথায় সবাই আমরা একসঙ্গে হেসে উঠলাম। পঙ্কজ বলল - দীপ, তোর মাথায় এখনো ঐ সব শব্দের খেলা চলে?

দীপকে আমি তিন দিন ধরে বলে যাচ্ছি অপরেশদা ও সোমাদির বাড়ি যাওয়ার জন্য। ওর এক উত্তর ওখানে এখন যাওয়া চলবে না। ওর মাথায় কিছুতেই ঢোকানো যাচ্ছে না যে ওদের এখন বেশী বন্ধুবান্ধবের দরকার। দীপের উত্তর মাঝে মাঝে একটু একা থাকলে বিরহটা ভাল বোঝা যাবে। আমার মুখদিয়ে চট করে এই কথাটা বেরিয়ে গেল - হ্যাঁ ওর শুধু ঐ শব্দের খেলাই চলে, কিন্তু কর্তব্যের বেলা আর কিছুই হচ্ছে না। দীপ বলল - কেন কর্তব্যের কোথায় আবার ত্রুটি হলো? আমি বললাম - কেন? তুমি তো জানতে তৃপ্তি- পঙ্কজরা আজ আসছে তবে তুমি যখন অপরেশদাদের বাড়ি যেতে পারছো না তখন ওদের ও এখানে আসতে বলতে পারতে। তৃপ্তি বলল - হ্যারে ওদের আবার কি হলো? আমি ও শুনেছি ওদের মধ্যে খুব মনোমালিন্য চলেছে। দীপ বলল - কিছুই হয়নি, ওদের বয়স হয়েছে - তাই হরিমোহন বাবুর রোগে ধরেছে। তৃপ্তি- হরিমোহনবাবুর রোগ? সে আবার কি? পঙ্কজ দীপ একসাথে হেসে উঠল। দীপ - হরমোহনের দোষ ম্যাডাম। আমি বললাম - এ সব বাজে জোক আমি পছন্দ করি না। তৃপ্তি বলল - মি - টু, দীপ বলল - মিঠু - মিঠু ডাকছিস কেন, এখানে কোন মিঠু নেই। ওদের দিকে তাকিয়ে আমি বললাম - তোরা শব্দের খেলা - খেল আমি একটু রান্না ঘরে যাই। দীপ বলল - রান্নাঘরে যাচ্ছ কেন? সবাই মিলে এখানে আড্ডা জমাব। আমি বললাম - দাঁড়াও, চা-টা খাবে তো? আমার কথা শেষ হওয়ার আগেই সে বলে উঠল, চাটা খাব কোন দুগ্ধ? আমাকে কেউ চাটা মারতে পারবে না। তৃপ্তি একটু গলা চড়িয়ে বলল নো চা, কফি।

পঙ্কজ বলল - আমকে আরো সোজা - কি যেন বলে দুরছাই ঐ ক্যাপিটিনো না ফ্রাপিটিনো নামটা ভাল মনে রাখতে পারিনি। দীপের সঙ্গে সঙ্গে উত্তর - তোর যদি মনে রাখতে অসুবিধা হয় তাহলে তার একটা সোজা পদ্ধতি বলে দিচ্ছি কাঁপিয়ে কাঁপিয়ে চেনো ঐ হলো - ক্যাপিটিনো, ফ্রাপিয়ে ফেনিয়ে দিও হলো - ফ্রাপিটিনো। দীপের কথা শুনে ওদের দুজনে সাথে আমি ও হাসিতে যোগ দিলাম। দীপ আমাকে বলল - তোমার চায়ের খামেলা শেষ হলো, আমিই সবাইকে ঐ কাঁপিয়ে বা ফ্রাপিয়ে ফেনিয়ে কফি এনে দিচ্ছি। আমি বললাম - খুব ভাল কথা, কিন্তু তুমি তো সব কিছু ঠিক ঠাক মত পাবে না আমি কাপ প্লেইট ঠিক করে দিই তারপরে তুমি গিয়ে সব গুছিয়ে নিয়ে এসো। তৃপ্তি বলল - দীপ, তোর মত এতো সৌভাগ্যবান পুরুষ কমই হয়। আজ কাল তোর বৌয়ের মত মেয়ে আর হয়না। পঙ্কজ বলল - একেবারে জুয়েল পেয়েছিস। দীপ বলল - ঐ রকম সব জুয়েলরা আমার আমার পাশে আছিস বলেই তো আমি আজ এত জুয়েল দিয়ে হার তৈরী করে গলায় দিয়ে বেড়াচ্ছি। একটু থেমে বলল - ভাবছি নামটা পাল্টে দেবানন্দের মতো জুয়েল থিপ হয়ে যাব। হাসি হাসি মুখে দীপ রান্না ঘরের দিকে রওনা হতে আমরা সবাই ওকে অনুসরণ করলাম। কাউন্টারের ওপরে গতকালের বাজার থেকে বুড়ো লাউ তৃপ্তির দিকে তাকিয়ে দীপ বলল - লাউয়ের কোন রিটায়ার্ড এইজ নেই।

আমাদের রান্নাঘরটা বেশ বড়, তৃপ্তি বলল - এতো বড় রান্নাঘরকে তোরা দুটো পিলার বসিয়ে সুন্দর নেটের পর্দা দিয়ে আলাদা করে বসার ব্যবস্থা করতে পারিস। একটু হেসে ইংরেজিতে বলল - গুনলি প্রাইভেট, ড্রিংস এন্ড স্নেক্স, নো নাসিং ইন ফ্রন্ট অব ইট। তৃপ্তি দিকে তাকিয়ে পঙ্কজ বলল - ওর দেখা যাচ্ছে খুব সাহেব, মেমসাহেব হওয়ার ইচ্ছে। দীপ লাফিয়ে উঠে বলল - আমি তোদের সাহেব, মেমসাহেব হওয়ার একটা মজার গল্প বলছি। - বর্তমানে দেখেছিস, আমাদের বন্ধুবান্ধবদের ছেলে মেয়ে হলেই সবাই ঐ মেসি, পেগি, ডেল ইত্যাদি নাম রাখছে। আমার এক মাসতুতো বোন শিকাগোতে থাকে, - সে প্রগনেন্ট।

গতকাল ফোন করতে আমার বোন বলল - সে ও তার বর কালিগদের মধ্যে ভবিষ্যতের ছেলের নাম নিয়ে খুব তর্ক হচ্ছে। আমার বোন খাঁটি সাহেব হতে চাইছে। হেরি, গ্যারি ঐ সব নাম তার পছন্দ। কিন্তু ওর বর কলি (এখানে এসে কলি হয়েছে কলি) বলে - নীল বা রবি ঐ রকম নাম রাখতে, যাতে দু দেশেরই নামের স্বাদ পাওয়া যায়। আমি বললাম - গ্যারি নামটা খারাপ না, এদেশের লোকদের কাছে যে অর্থই হোক না কেন, - আমাদের দেশে ঐ পানাপুকুরে প্রচুর গ্যারি থাকে। আমার কথা শুনে কালিপদ হো হো করে হাসতে লাগল আর আমার বোন রেগে বলল - দীপদা তুমি কলির সাথে দল পাকাচ্ছ? এই বলে ধুম করে ফোন টা নামিয়ে রেখেদিল। দীপ একটু হেসে বলল - কলি বলেছে শান্ত হলে আমার বোন আবার ফোন করবে। তৃপ্তি বলল - তুই একটা বিচ্ছু। যান্নে শোন্ মাঝে মাঝে আমার কি জানি কি হয়েছে, বানান নিয়ে কেমন খটকা লেগে যায়। বলতো- পিলারে একটা এল না দুটো এল। দীপ বলল - হায় ঈশ্বর! শক্ত জিনিস, একটা এল বসালে কি মজবুত হবে? সাহেবরা মজবুত করবার জন্য দুটো এল বসিয়েছে, যেমন ধর - কিলার, ওটাও শক্ত জিনিস, মৃত্যু দেখিয়ে ছাড়ে। এইভাবে চিন্তা করলে তোর অনেক খটকা কমে যাবে।



ক্রিং ক্রিং করে ফোনটা বেজে উঠল। দীপ ফোনটা তোলার আগে কলার আইডি দেখে বলল - আমার বোন, আমি বললাম - রাগিও না কিন্তু, দীপ বলল - আমি স্পিকার ফোনেই কথা বলছি, তোরা দেখ সে কেমন খ্যাপে যায়। আমরা তিন জনে হাসি মুখে বসে দীপের কথা শুনতে লাগলাম। দীপ - কিরে কি নাম রাখা ঠিক হল? দীপের বোন সহিনী এ দেশে এসে শনি হয়েছে। দীপ ওকে ঠাট্টা করে বলে - এখানে এসে শনি ঠাকুরের বদলে শনি ঠাকুরানী হয়ে দেখা দিয়েছিল? শনির এতে খুব রাগ হয়। শনি বলল - জান না তো, কলি - সব সময়ই আমাকে এই রকম করে। অন্যরা সবাই তাদের বৌয়ের কত উচ্চাসনে বসিয়ে লোকের কাছে বড় করে দেখাতে চায়, আর সে খালি আমাকে --- ওর কথা শেষ হতে দেওয়ার আগেই দীপ বলল - ও উচ্চাসন, মানে মাচায় বসিয়ে বসিয়ে রাখে। শনি - মাচায় হবে কেন? দীপ - ওটাই তো বেশী উঁচু আমার কাছে। শনি - তোমার খালি ফাজলামো। বৌদি যে তোমার হাজব্যান্ডের সাথে কি করে কথা বলে, - সিরিয়াসনেস বলে তোমার কিছু নেই। দীপ - আরে হাজব্যান্ড না, আমি হলাম রবার ব্যান্ড। আমার হাত পা সবই ঐ রবার ব্যান্ডে বাঁধা। শনি হেসে বলল - না আমি তোমার সাথে ঐ সব কোন কথাবার্তা বলতে চাই না। তুমি একটু সিরিয়াস হয়ে কথা বলো, নইলে কলিকে ডাকি, সেই তোমার সাথে কথা বলুক। দীপ - এখন আর কারোর সাথেই বলব না, আমার বাড়িতে লোক আছে, শুধু বল ফুলমেশো কেমন আছেন? শনি - আজই ফোন করেছিলাম। রীতা বলল - বাবার শরীর একেবারে ভেঙে যাচ্ছে। চামড়া - টামড়া কুঁচকে গেছে, বড্ড বুড়ো লাগে। দীপ - সে তো ভাল, গিলে হয়েছে বল। গিলে হলে বেশ জমিদার জমিদার মনে হয়। নাচগানের আসরে গিলের বড় আদর। শনি গলা শোনা গেল - দীপদা, তুমি বরং বন্ধুদের সাথে গল্প করো পরে কথা হবে। দীপ হেসে বলল - সেই ভাল, বলে ফোনটা তুলে রাখল, আমি একটা গানের কলি গেয়ে উঠলাম - 'কেন মোরে কাঁদাও বারে বার'। দীপের গলায় কোন সুর নেই, সেও আমার সাথে গাওয়ার চেষ্টা করতে আমি বললাম - আমি গান গাইলেই তোমার ও গান গাওয়ার শখ হয়? দীপ বলল - জান না একটা শিয়াল ডাকলে অন্য শিয়ালদের ও ডাকার ইচ্ছে হয়। বা একটা বাঘ গর্জন করলেই বাকি বাঘেরাও গর্জন করে ওঠে। আমার ও তোমার গান শুনে গাইতে ইচ্ছে হয়। আমি হাত তুলে রাগত ভাব দেখিয়ে বললাম - দেব নাকি একটা? দীপ - না গো ওটা দিও না, আমার গায়ে এমনিতে ব্যাথা। দীপের কথার ভঙ্গিতে তৃপ্তি ও পঙ্কজের সাথে আমি ও হেসে উঠলাম। দীপের দিকে আমি জিগ্গেস করলাম কফির ব্যবস্থা তুমি করবে না আমি করব। দীপ গম্ভীর হয়ে বলল - এবার আমি খুবই সিরিয়াস, ওটা আমিই করব বলেছি, তখন আমিই করব।

## Good News!!!

Now OPEN OUR NEWEST BRANCH at Alpharetta:

**Sri Krishna Villas** (location of formerly Ruchi Cuisine)

Discover the mouth-watering taste of delicious Veg and Non-Veg Indian Food.

10875 Jones Bridge Road, Alpharetta GA – 30022

Phone: 770-475-9195

**SRI KRISHNA VILAS**  
HOME STYLE SOUTH INDIAN FAST FOOD

5675 JIMMY CARTER BLVD STE. #765  
NORCROSS GA 30071  
PHONE : (770)447 - 0049  
LOCATED INSIDE GLOBAL MALL

Hours:  
Closed Mondays  
Tuesday-Thursday 11:30am-9pm  
Friday & Saturday 11:30am-10pm  
Sunday 12pm-8pm

WE CATER FOR ALL OCCASSIONS



## প্রকৃতি

শ্যামলী দাস, আটলান্টা

ধারাগত নিয়ম অনুযায়ী T.V তে গতকালে খবর শুনতে শুনতে চায়ের কাপের দিকে নজর দিয়েছি হঠাৎ উচ্চস্বরে পাখীর সুরেলা ডাক শুনে চমকে জানালার দিকে তাকালাম, বাইরে তখনও গভীর অন্ধকার। দেশ ছেড়ে আসার পর ঘড়ির ডাঁটার সঙ্গে সকাল হয় এগিয়ে পিছিয়ে। আকাশের সাথে নয়। ভোর রাতের শুকতারার সাথে রীতিমত ভাব জমিয়ে ফেলেছি। যেদিন ঘুম থেকে উঠে ওর মুখ না দেখি, সেদিন গায়ত্রী জপের বদলে প্রথমেই মনে হয় express wayর traffic আর মনিবের হাড়িমুখ। Mail Box র উপর বসে সুরেলা গলায় গান গাইছে আথবা সখাসখীদের ডাকাডাকি করছে। এত খুশীর কারণ ওরাও বোধহয় আজকাল Weather Report শুনতে শুরু করেছে। T.V তে আবহাওয়া বার্তার মহিলা বলে চলেছে “শুক্র, শনি, রবি তিন দিন ঝকঝকে পরিস্কার থাকবে”। গত রবিবার থেকে বৃষ্টি শুরু হয়েছিলো, আজকে থেমেল। আজ শুক্র বার ঝলমলে weekend র জন্য তৈরী হতে হতে ঘুরে Calander র দিকে তাকালাম “ওমা! বোধহয় ঘুরে গেছে আবার শরৎকাল!” রোদ বৃষ্টির লুকোচুরি। হালকা মেঘের কোলে রোদ উঠেছে বাদল গেছে টুটি। তাই বোধহয় পাখিটা আগেই বুঝতে পেরেছে আনন্দের দিন আসছে - “পূজো আসছে”। মনের আনন্দে প্রকৃতির সাথে গলা মিলিয়ে আগমনীর আহ্বান জানাচ্ছে। প্রজাপতির নাঁচের ছন্দের মতন মনটায় এক খুশী খুশী ভাব। আবার জল্পনা কল্পনা রিহাসাল - পুরানো লিস্টি নুতন করে ঝালানো।

প্রকৃতির কি অদ্ভুত মায়া অথবা আকর্ষণ। কিছুদিন আগে বঙ্গ সংস্কৃতির আসরে নৃত্য গীতের মাধ্যমে শুনতে পেয়েছিলাম “যা দেবী সর্বভূতেশু দুর্গারূপেন সংজিতা। নমস্তসৈ নমস্তসৈ নমস্তসৈ নমঃনমঃ”। নৃত্য আর সংস্কৃতর শুদ্ধ উচ্চারণের কোনো ত্রুটি ছিলনা, কিন্তু মনে তেমন কোনো আঁচও কাটেনি। কিন্তু আজ সকাল শরতের এই শিশির ভেজা অঙ্গনে, হৃদয়ের উচ্চাস ছাপিয়ে উঠলে, মনে পড়ল বহুদিন আগে ঘুম থেকে উঠেই ছুঁতাম ঠাকুরদালালে পটুয়াদের নিপুন হাতের কাজ দেখতে। তৈরী হয়ে রাস্তায় বেরোলাম, পূবদিকটা লাল হয়ে উঠেছে, আকাশে সাদা মেঘের ভেলা, উল্টো দিকের রাস্তায় bumper to bumper traffic. কিন্তু আমার চলার পথে জনতা উল্টোদিকে তাই স্মৃতি পথ হাতড়াতে কোনো অসুবিধা নেই।

ভোরের হাওয়ায় মনের জানালায় পর্দাগুলো সরাতে লাগলো। স্মৃতির মাঝে এক ঝলক এগিয়ে এলো- দূর দূর বক্ষে পূজোর আয়োজন। কোনো আচার কোনো সংস্কার যেনো ভুল না হয়। আজ সবার পূজো। ভুল করলে সবার অকল্যাণ হবে। প্রতিমার দিকে না তাকিয়ে ফর্দ মিলিয়ে একের পর এক পুরোহিতর দর্পনে মুখ দেখা হচ্ছে। ভেসে এলো নৈবদ্যর থালার দিকে না তাকিয়ে দুই Software Engineer পুরোহিতের উদাত্ত গলায় আকুল আবেদন ও প্রার্থনা। ভয় আর ভক্তির অপূর্ব সংমিশ্রণ। তিনটি মানুষের হৃদয় প্রান যেনো মিলে মিশে Bermuda Triangle এ ঘুরপাক খাচ্ছে। হঠাৎ স্মৃতির প্রাঙ্গনে ঝলসে উঠলো অনেক দিন আগেকার এই প্রানের Bermuda Triangle. বাবা মা আর মেজ পিসি। ঠাকুর দালানে হৈ চৈ সপ্তমী সকালে ভুজির থালায় মান কচু পড়েনি “দেবীর দোলায় আগমন!” কুলোপুরোহিত ঠাকুর দালান কে যুদ্ধক্ষেত্র তৈরী করছে, কোনো মতেই কুলের অকল্যান করতে পারে না “প্রান প্রতিষ্ঠার আগে মান কচু চাই ই..” ছোড়দা বলেছিলো চন্দ্রদানের আগে আলু কি কচু বলে চালানো যায়। আমার ছুটকি দিলো- how about 2 Cadburys? সেজ পিসি আতঙ্কে শিউরে উঠেছিলো ভাই বোনের উক্তি শুনে অকল্যানের ভয় প্রনামের সময় মাথাটা মাটিতে একটু বেশী ঠুকেছিলো এবং মাকে দু ঘণ্টা উপদেশ দিয়েছিলো - মেয়েকে ফিড়িঙ্গি কলেজ ছাড়িয়ে তাড়াতাড়ি বিয়ে দেবার জন্য। শেষমেষ বেশি এক থালা চিনি দেওয়াতে ব্যাপারটা সমাধান হয়ে গেল। কারণ তখন র্যাশন ছাড়া খোলা বাজারে চিনি পাওয়া যায় না। কুলোপুরোহিত মনে হয় বেশ বুদ্ধিমান ছিলেন। কারণ কি? বেশী বাড়াবাড়ী করলে হয়তো মোড়ের পানের দোকান থেকে উড়ে ঠাকুরকে ধার আনবে ছোড়দা!

মজার কথা কি অনেকবছর বাদে আমার চিন্তা ধারা মেজপিসীর চিন্তা ধারার সঙ্গে মিলে মিশে একাকার হয়ে গেলো। মাঝে মাঝে মনে হয় আমি হারিয়ে যাচ্ছি। পুরান অনেক হাসির দিন গুলো আর পাবো না, কিন্তু জীবনের মঞ্চে যে নাটক তাতে আমিই তো মেজপিসি। যে আমির মা দুর্গার ইচ্ছা নিয়ে বিদ্রূপ করতে এতটুকুন ভয় লাগেনি, সেই আমিই অকল্যান ভয়ে Nervous হয়েছি, নুতন পুরোহিতের ইচ্ছা শুনে “পূজোটাকে Short Cut করুন নাটকের ডায়লগ কমানো মতন”! মনে হলো জীবনটা একটা সারাদিনের মধ্যে ঘুরপাক খাচ্ছে। ভোরেরবেলা উচ্চাস অকারনে আনন্দ হাসি উৎসাহের সীমা নাই। দুপুরবেলা কাজকর্ম দায়িত্ব কতব্য আর সন্ধ্যাবেলা সারাদিনের স্মৃতি রোমন্থন। যতই দূরে যাই আমরা যতই ভুলে যাই প্রকৃতির টানে আবার আমরা ঘুরে ফিরে সেই এক ধারায় এসে হাজির হবো নাড়ীর টানে পাকে পাকে জড়িয়ে আছি, ঠিক যেন ছোট বেলার ভূগোলের প্রশ্ন- ‘নদী তুমি কোথা হইতে আসিয়াছ আর কোথায় যাইতেছো’? মহাদেবের জটা হইতে আবার উৎপত্তি স্থানে ফিরিয়া যাইতেছি। আমরা সবাই এক চক্রে ঘুরিয়া বেড়াইতেছি। সারাবছর মেয়েদের সিঁদুর নামে যে একটা জিনিষ আছে সবাই ভুলে বসে থাকি, কিন্তু দশমীর দিন সবাই বোমকাই ঢাকাই ইত্যাদি ভুলে খুজে পেতে সেই ছোট সিঁদুরের কোটো মায়ের পায়ে ছুইয়ে বলি “মাগো সিঁথির সিঁদুর অক্ষয় রেখো” স্বামীর কল্যানে ভুলে যাই তখন ম্যাডোনা বা জেনিফার লোপেজ- মিশে যাই তখন ‘সাবিত্রী সত্যবান’-এর সাবিত্রীর হৃদয়ে।

আনন্দে উৎসাহে ভাসতে ভাসতে office পৌছালাম। যেখানেই থাকি, যে দেশেই থাকি প্রকৃতির মেলায় এবারে আগমনীর আবাহন আকাশে বাতাসে ভাসবে- ‘মা’ আসছে। আবার আমরা সবাই এক সঙ্গে একই সুরে গলা মিলিয়ে উচ্চারণ করবো- রূপম দেহী, যশঃ দেহী বিঘো ওই সত্যমেব।



## বাসাংসি জীর্ণাণি

রেখা মিত্র, আটলান্টা

কুরুপিতামহ ভীষ্ম বাবার কাছ থেকে ইচ্ছামৃত্যু বর পেয়েছিলেন। নিজের প্রতিজ্ঞা রাখতে আজীবন ছিলেন অবিবাহিত। পরপর ভাই, ভাইপো ও নাতিদের সঙ্গে থেকে তাদের পরামর্শদাতা হয়ে রাজ্য চালিয়ে গেছেন। শেষের দিকে কুরুবংশের এক পক্ষের নাতি দুর্যোধন তাঁর পরামর্শ উপেক্ষা অপর পক্ষের নাতি পাণ্ডবদের সঙ্গে যুদ্ধ শুরু করল। যদিও তিনি দুর্যোধনের পক্ষে সেনাপতি হয়ে যুদ্ধ শুরু করেছিলেন এবং শত শত যোদ্ধা তাঁর হাতে নিহত হয়েছিল, তবুও সে সময় অকথ্য ভাষায় দুর্যোধন তাঁকে অভিযোগ করেছিল তিনি পাণ্ডবদের সহায় বলে। দশদিন ক্রমাগত যুদ্ধ করে সারাদেহ শরে বিদ্ধ হয়ে তাঁকে করা ছাড়তে হয়েছিল। কিন্তু উত্তরায়নের বিশেষ গুণ মুহুর্তে দেহত্যাগ করে স্বধামে ফিরে যাবেন বলে তখনই দেহত্যাগ করেননি। শরবিদ্ধ অবস্থায় শরশয্যা গুয়ে পরমপরুষের ধ্যানে ছাপ্পান্ন দিন কাটিয়ে পরমধামে যাত্রা করেছিলেন। মৃত্যু তাঁর ইচ্ছামত এসেছিল।

মহাভারতের এই কাহিনী পড়তে পড়তে ভাবি এতখানি শারীরিক আর মানসিক কষ্টের মধ্যে দিন কাটাতে গিয়ে তাঁর কি কখনো আগেই দেহত্যাগের ইচ্ছা হয়নি? কিন্তু না, আত্মীয় স্বজন বন্ধুবান্ধব একে একে পরলোকে যাচ্ছে তিনি দেখছেন, শুনছেন আর সাক্ষী হয়ে থাকছেন। মহাপুরুষ তিনি, তাঁর ভাবনা চিন্তা কি আর আমার মত হবে?

আমরা হলাম সাধারণ মানুষ, কত অল্পতেই ভাবি মরে গেলে সব জ্বালা জুড়াবে। আমার বন্ধু উষা দেখা হলেই শ্বাণ্ডি ননদের ব্যবহারে কষ্ট পেয়ে বলে, কবে যে মরব?

মামীশ্বাণ্ডীকে ফোন করলেই বলবেন, তোমার মামা আমায় রেখে চলে গেলেন। কতদিন হয়ে গেল, আমায় কি যমেরও মনে পরে না? আর কতদিন এভাবে থাকতে হবে বলতো? তাঁকে বোঝাতে চেষ্টা করি যে ওরকম ভেবে লাভ নেই, যখন সময় হবে তখনই যেতে হবে।

অল্প কদিন আগে আমার তিরানকুই বছর বয়সের বন্ধু অকটেভিয়া চলে গেল। ছেলে মেয়ে নেই, স্বামী অনেকদিন আগে গত হয়েছেন, বুড়োবুড়ীদের বাসাতে যাবেন না। মাঝেমাঝেই বলতেন, ‘আমি তৈরি, গুড লর্ড কবে তার পাঠাবেন সেই আপেক্ষায় আছি।’ খুবই দুর্বল হয়ে পড়েছিলেন, শুধু একটি কাজের মেয়ের ভরসায় থাকতেন। হাতের কাছে বোতাম রেখে একলাই রাত কাটাতেন। অসুবিধা হলে এ বোতাম টিপে কাজের মেয়েটির বাড়ীতে হাসপাতালে খবর দেওয়া যেত। শেষের দিকে শরীর আরো ভেঙ্গে পড়ায় দূর থেকে ডাইবি এসেছিল দেখা করতে, অবস্থা বুঝে থেকে গিয়েছিল। রাত্তিরে মাঝে মাঝে গিয়ে দেখে আসে। একদিন ভোর চারটের কাছাকাছি গিয়ে দেখল ঘুমোচ্ছে, ছটার সময় গিয়ে দেখে দেহ আছে প্রান নেই। নিজের বাড়ী আর ছড়তে হয়নি অকটেভিয়াকে।

আর এক বন্ধু বসবিও একলা। নিজের বিরাট বাড়ী ছেড়ে একটা ছোট বাড়ীতে ওঠে গেল। শরীরটা ভালো নেই বলে এক বন্ধুকে খবর দিল একদিন। সেই বন্ধু আর এক বন্ধুর সঙ্গে দুপুরে খাবার নিয়ে দেখা করতে গেল। একসঙ্গে খাওয়া দাওয়া করে গল্প করতে বসল সবাই। একটু পরে ঘুম পাচ্ছে বলে ব্যাখি উঠে গেল। যাবার সময় ওদের সঙ্গে বিকেলে চা খাবে বলে বসতে বলে গেল। বন্ধুরা বিকেলে চা করে আর কত ঘুমোবে বলে ডাকতে গেছে, গিয়ে দেখে প্রানহীন দেহটা পড়ে আছে।

মায়ের শরীর খারাপের খবরে দেশে গেছি, কদিন বাদে আমাদের ছেলে আর বৌমা পৌঁছোল। মা নাতি নাতিবৌকে প্রথম দেখলেন, দেখে খুব খুশী। বিছানায় পড়ে আছেন, হাঁটতে পারছেন না, ফিঙ্গেও নেই। আমি তারই মধ্যে রান্নাবান্না করে সবাইকে খাওয়ানোর ব্যবস্থা করছি। মা খেতে পারছেন না, গুয়ে গুয়ে কি কি রান্না করব বলে দিচ্ছেন, লোক দিয়ে নানারকম মাছ, শাক সবজি আনাচ্ছেন আমাদের জন্যে। এ অবস্থায় কদিন হৈঁহৈ করে কেটে গেল। ফেব্রার সময় মাকে বোঝানো হল যে এ অবস্থায় লোক নিয়ে একলা বাড়ীতে না থেকে মেয়ের বাড়ীতে গিয়ে থাকতে, তাহলে শরীরও ভালো হবে। রাজী হলেন, বললেন যে ওদের বাড়ীতে ফোন নেই, আমরা ফিরে গিয়ে এবাড়ীতে ফোন পৌঁছানোর সংবাদ দিলে তারপরে যাবেন। নাতি আমাদের আগে ইউরোপ হয়ে পৌঁছে ঠাকুমার সঙ্গে কথা বলল। আমরা ব্যাংকক হয়ে লস এনজেলসে থেমেছিলাম, সেখানেই খবর পেলাম মা চলে গেছেন। নিজের বিছানায় নিজের ঘরে গুয়ে শেষনিশ্বাস ছেড়েছেন।

যাদের কথা বললাম তাঁরা মনে মনে যাবার জন্য তৈরি হয়ে ছিলেন, নিজেদের ঘর বাড়ী বিছানার মায়া ছাড়তে চাননি, ঠাকুরও তাদের সে ইচ্ছা পূরন করেছেন। আবার কত লোক সংসারের বিপাকে পড়ে আত্মহনন করে। চাকরি চলে গেছে, বাড়ীতে খবর না দিয়ে মৃত্যুবরন করেছে। হারি আসুহু হয়ে হাসপাতালে গেছে খবর পেলাম। দেখতে যাব ভাবছি, খবর এল হারি নেই। শুনলাম যে হারির নাকি তখন ক্যানসারের শেষ অবস্থা, ডাক্তারের আর করার কিছুই ছিলনা। স্ত্রীকে ভালো করে সান্ত্বনা দিয়ে পরের দিন হাসপাতালে আসার আগে আলমারিতে একটা প্যাকেটে কিছু

কাগজপত্র আছে, সেটা নিয়ে আসতে বলেছিল। পরের দিন স্ত্রী সেই প্যাকেট এনে ওকে দিয়ে খাইয়ে দাইয়ে রাত্তিরে বাড়ী ফিরল। মাঝরাতিরে ফোনে খবর পেল যে তার স্বামী রিভলবার দিয়ে দেহত্যাগ ত্বরান্বিত করেছে। স্ত্রী জানতো না যে এ প্যাকেটটার মধ্যে মারনাক্স ছিল। শ্বশুরবাড়ীর যত্ননায় কত বৌ আত্মহত্যা করে। কত মা বুড়ো বয়সে অনেক কিছু ভুলে যায়, কাজ ঠিকমত করতে পারেনা বলে ছেলে বৌ মেয়ের কাছে বকুনি খায়, ‘এই তোমায় কথাটা বললুম আর মনে করতে পারছ না’ অথবা পইপই করে বলেছি না তোমায় কিছুই করতে হবে না, ঠিকমত পারো না, ভুলে যাও, তাও করতে গেলে? তোমাকে কি এবার বেঁধে রাখতে হবে নাকি ?

ঐ মায়েরা চিন্তা করেন, এতদিন এত কাজ করেছেন, সংসার দেখেছেন, আর এখন যাই করতে যান ঠিকমত পারেন না, ওদের পছন্দ হয় না, বকুনি খান, এ আর কতদিন সহ্য হয়? মনে হয় তাঁদের যে, বসে বসে এদের অল্প ধ্বংস করছি, তার ওপর রোগ ভোগ ডাক্তার বদ্যার আর ওষুধপত্রের খরচ। ওদের নিজেদের কাজের ওপর বাড়তি আমার সেবা করতে হচ্ছে। এর চেয়ে আমার চলে যাওয়াই ভালো। এতে নিজের মুক্তির সঙ্গে আর সবার মুক্তি হবে ভেবে আত্মহননের পথ বেছে নিলেন। আত্মীয় স্বজন যারা, তারা বাইরে হাহতাস করলেও মনে মনে মুক্তির আনন্দ ঠিকই উপলব্ধি করতে পারল।

আমি ভাবি যে ঐ সব বিবেচনা করে যে আত্মহনন তা কি ভুল? তা কি অন্যায়? সমাজের চোখে কি দোষনীয়? তিনি তো মরনকে ‘তুই মম শ্যাম সমান’ বলে মুক্তি চেয়েছেন। কত রোগী রোগযন্ত্রনা সহ্য করতে না পেরে ডাক্তারের সাহায্য চেয়েছেন মৃত্যুকে ত্বরান্বিত করতে। ইউরোপের কোন কোন দেশে তা নাকি সরকারের অনুমোদিত। আমেরিকায় তা সম্ভব নয়। ডাঃ কসভোরবিয়ান কয়েকজন মৃত্যুপথযাত্রীকে সাহায্য করায় তাঁকে জেলে যেতে হয়েছে। যদিও তিনি আরো অনেকের মত এটিকে অপরাধ বলে মনে করেন না কিন্তু সরকারের আইন তা মানেনা।

কত দেশের মানুষ দেশের স্বাধীনতার জন্য যুদ্ধ করে প্রান দিয়েছেন ও দিচ্ছেন। তার মধ্যে আছে গৃহযুদ্ধ বা বাইরে থেকে আক্রমণকারী শত্রুর সঙ্গে যুদ্ধ। ঐ মৃত্যু কি কোন পক্ষকে পরমধাম পাইয়ে দেবে? মুসলমানদের দেখছি নিজের ইচ্ছায় বা দলপতির ইচ্ছায় নিজের শরীরে বোমা বেঁধে নিজের সঙ্গে অন্যদের মরণ ডেকে আনতে। নাইন ইলেভেনে কয়েকটি লোক কি ভাবে নিজেদের সঙ্গে অন্যদের মৃত্যু ও কি প্রচণ্ড ধ্বংসলীলার স্বাক্ষর রেখে গেল। ইসলাম মতে এ নাকি ধর্মরক্ষা, ধর্মের কোন অঙ্গ বিপন্ন হয়েছিল, যা রক্ষা করতে এই পছা অবলম্বন কর্তব্য তা আমি বুঝিনি, তবে এই জন্য যারা মৃত্যু বরন করে তারা নাকি স্বর্গে অনন্ত সুখ ভোগ করে, স্বর্গে নাকি অসংখ্য পত্নী তাদের সেবার জন্য প্রস্তুত হয়ে আছে। কোরাণ পড়িনি, পড়ার বিদ্যা নেই, তবে কোরাণের ব্যাখ্যা যদি এই রকমের হয় তাহলে সন্দেহ হয় মহম্মদের প্রকৃত বাণী এই ধরনের ছিল কিনা। সাধারণ বুদ্ধিতে প্রশ্ন জাগে ঐ ধরনের মৃত্যু কি প্রকৃতই পারে অমৃতত্বে পৌঁছে দিতে?

মনে হয় সব ধর্মই মানুষকে সত্যিকারের মানুষ হতে শিক্ষা দিয়েছে। নিজেদের মনের দোষ, হিংসা কলুষ ও যত রকমের কুৎসিত ইচ্ছা আছে ধর্ম নির্বিশেষে সেগুলি নির্মম হাতে হত্যা করে অমৃতের সন্ধানের ত্রুটি হবার উপদেশই দিয়েছে।

অনেকদিন আগেকার কথা। আমাদের এক বন্ধু মার্গারেট অসুস্থতার খবর পেলাম। প্যানক্রিয়াসে ক্যান্সার ধরা পড়েছে। ঐ রোগের চিকিৎসা করার কিছু ছিল না। মার্গারেট ডাক্তারকে শুধু ব্যাখা সহ্য করার জন্য ওষুধ দিতে বলল। সকলের সঙ্গে সম্পর্ক চুকিয়ে দিয়ে শুধু স্বামীকে সঙ্গে নিয়ে বাড়ীতে শেষদিনের প্রতীক্ষা করতে লাগল। রোগ ধরা পড়ার পরে বেশিদিন অপেক্ষা করতে হয়নি। দশ দিনের মধ্যেই চলে গেল।

কিছুদিন আগে হাওয়াটায়ের শিবমন্দিরের প্রতিষ্ঠাতা স্বামীজি শয্যাশায়ী হলেন। চিকিৎসা করার কিছু নেই জানতে পেরে হোম আর পূজোর মধ্যে শুধু একটু ফলের রস খেয়ে অন্তিম সময়ের প্রতীক্ষায় রইলেন। বেশিদিন লাগলনা তাঁর সাধনধামে পৌঁছতে।

এ ছাড়া এ যুগেও আছে জীমের মত স্বেচ্ছায় দেহত্যাগ। তার একটা জলন্ত দৃষ্টান্ত পড়লাম ‘তপোভূমি নর্মদা’ বইখানির ৬ষ্ঠ খণ্ডে লেখক শৈলেন্দ্রপারায়ণ ঘোষাল শাক্তির স্বচক্ষে দর্শনের বর্ণণায়। লেখক নর্মদার দুই তট পরিক্রমা (১৯৫০-৫৪) করেছেন চার বছর ধরে নিঃসম্বল অবস্থায় পুরু আর ইস্টের ভরসায়। সেই দীর্ঘ তীর্থ যাত্রায় অনেক বিচিত্র অভিজ্ঞতা হয়েছে তাঁর। একবার এক নাক্সা সম্ম্যাসীর সঙ্গে পরিচয় হয়ে গেল। তাঁর আহার নিদ্রার প্রয়োজন হয়না, শীত গ্রীষ্মে তিনি নির্বিকার, নর্মদার জলে খুব সকালে চান করেন। তাঁর আলৌকিক ক্ষমতার অনেক পরিচয় পেয়েছেন লেখক তাঁর সঙ্গে কিছুদিনের জন্যে সাধী হয়ে। শেষ ঘটনার আগে লেখক, তাঁর অন্য কয়েকজন সঙ্গী ও নর্মদাতটের এক মন্দিরের (ঐ মন্দিরের শিবের নাম পুনপানি) পুরোহিত সকলে একসঙ্গে দুপুরে প্রসাদ পাবার পর নাগাবাবার নির্দেশে ঐ শিবমন্দিরের পাশের সপ্তর্ষিমন্দিরে গিয়ে উপস্থিত হলেন। আগের দিন নাক্সাবাবা তাঁদের একটা মজার দৃশ্য দেখাবেন বলেছিলেন। নির্দিষ্ট সময়ে সকলে গিয়ে দেখলেন নর্মদার দিকে তাকিয়ে নাক্সাবাবার মুখে ধীরে ধীরে উচ্চারিত হচ্ছে একটি বিখ্যাত সংস্কৃত শ্লোক-

ন তদন্তি ন যত্রাহং তং সেহাস্তি ন যন্ময়ি  
বিঘন্যৎ অতিবাপ্তামি সর্বং সংবিনয়ং ততমু ।



যেথা আমি নাই - হেন কিছু নাই,  
হেন কিছু নাই - আমাতে যা নাই,  
অন্য কিছু কিইবা আছে কামনার?  
ঘোর জঙ্গলে ব্যাঙ অখিল সংসার।

লেখকের নিজের কথায় - ঐ মন্ত্র শুনে আমরা সকলে মন্ডলাকারে একটু দূরত্ব রেখে ওঁকে ঘিরে দাঁড়িয়ে পড়লাম। ওঁর শরীরটা বার দুই থরথর করে কেঁপে উঠল। মিনিট খানেক স্থির থেকে বলতে লাগলেন - নম নারায়ণ নম নারায়ণ। ভগবান পুনপানীশুর আপনাদের মঙ্গল করুন। আমার পুরুদেব দিগম্বর বরনাত্রীজির হুকুম এসেছে আজ ২০শে মাঘ বৃহস্পতিবার উত্তরায়ণের শুরু একাদশীর মধ্যাহ্নকালে এই ছুলদেহটা নর্মদাতটে ভগবান পুনপানীশুরের ক্ষেত্রে ফেলে দিয়ে আনন্দপারাবারে নিমগ্ন হতে হবে। ভীষ্ম থেকে আরম্ভ করে আজ পর্যন্ত যোগীসমাজ যে ভাবে মৃত্যুকে পরম বন্দিত বলে মনে করেন, আমি পুরুকুনায় সেইভাবেই দেহত্যাগ করে চলে যাচ্ছি। দিগম্বর করনাত্রীজির সন্তান আমি, তাঁর কৃপায় আমি ব্রহ্মরত্ন ভেদ করে চলে যাচ্ছি অমৃতলোকে।

এই বলে বদ্ধ পদ্মাসনে ঋজু আয়তদেহ উন্নত মেরুদণ্ডে উপবিষ্ট সিদ্ধ তাপস ধ্যানস্থ হলেন, মিনিট তিনেক পরে তাঁর ব্রহ্মরত্ন দিয়ে আমরা সবাই দেখলাম স্পষ্টতঃ একটি শিখা উর্ধ্বাকাশে গিয়ে মিলিয়ে গেল। আমরা কাঁদতে কাঁদতে মহাপুরুষকে সাষ্টাঙ্গে প্রণাম জানালাম।

আমরা সাধারণ মানুষ মৃত্যুকে ভয় পাই। গীতির কথা, জন্মের আগে কি ছিলাম তা জানিনা, পরে কি হবে তাও জানিনা, মাঝের কটা দিনই জানি। এই দুই না জানার জন্যে দুঃখ করে লাভ নেই। সংসারের কাজের ফাঁকে ইষ্টচিন্তায় কাল কাটিয়ে জীর্ণ বস্ত্র ত্যাগের মত যেন এই দেহ ত্যাগ করতে পারি, মহাপুরুষদের এই বাণী সারন স্মরণ করলে নিশ্চয়ই আমরা হাসিমুখে নির্ভয়ে পরপারে যাত্রা করতে পারব।

## পরিবর্তন

সুতপা দাস, আটলান্টা

নীল আকাশের বুক চিরে বেড়িয়ে এলো  
বিদ্যেশিখা -  
আলো তার খুব বেশী, তীক্ষ্ণতাও -  
ছোট্ট কোমল ফুলে তার চাপ পড়ল  
ভস্ম হোলো সে,  
জানলায় দাড়ানো বালক ব্রহ্ম,  
একি অবিচার -  
'অন্যায়, অন্যায় অন্যায়!'  
চীৎকার করে সে,  
'প্রতিকার চাই!'  
ক্রমে ক্রোধ হয় শাস্ত,  
আবিস্কারের ছোঁয়ায়,  
বিদ্যে লাগে কাজে  
জীবনের মাথায়!!

## রোগ ভীতি

সজল চট্টোপাধ্যায়, আটলান্টা

বিদ্যুটে সব রোগের নামে ধরছে মাথা ভারী।  
ভাইরাস আর ভ্যাকসিনেতে চলছে মারামারি।  
পাগল গরুর গুতো খেয়েও প্রাণটা যেতো বেঁচে।  
ম্যাড কাউ হাজির হওয়ায় হিসেব গেল কেঁচে।  
নীল নদীর পশ্চিমেতে মশা কখন এল?  
ওয়েস্ট নাইল নামটা কেবল চিন্তাটা বাড়াল।  
অ্যানথ্রাক্স, সারস, মনকি পক্স আর ইবোলা।  
-এর চেয়ে অনেক ভাল গলা ব্যথা, গা গোলা।  
ছেলেবেলার চেনা অসুখ- সর্দিকাশি, পেটখারাপ  
উপকারি ছিল কতো- স্কুলে যাওয়া হত মাপ।  
পুজোর দিনে দুর্গাঠাকুর, এই করি মিনতি-  
রোগের নামেই আধমরা হই - করো কিছু গতি,  
নিরোগ যদি করতে নারো - এই করি প্রার্থনা,  
জটিল, কুটিল রোগের ভীড়ে বাড়িওনা যন্ত্রনা।

## চটকি

এক জমিদার মোল্লা নাসিরুদ্দীনের খোঁজে তার বাড়িতে এসে দেখলেন যে দরজায় তালা ঝুলছে, মোল্লা নাসিরুদ্দীন বাড়িতে নেই। জমিদারের তাতে মনে হলো যে তাঁর প্রতি নাসিরুদ্দীনের কোন শ্রদ্ধা নেই। তিনি তখন দরজার ওপর বাঁকাচোরাভাবে 'গাধা' লিখে বাড়ি ফিরে গেলেন।

পরেরদিন, বাজারের ভিড়ের মধ্যে ঐ জমিদারের সঙ্গে নাসিরুদ্দীনের দেখা হয়ে গেল। নাসিরুদ্দীন তখন বলল:

'ওঃ হজুর, খুবই দুঃখিত যে কাল আপনি আমার খোঁজে গিয়েছিলেন, কিন্তু আমি বাড়িতে ছিলাম না।'

জমিদার আশ্চর্য হয়ে কর্কশস্বরে জিজ্ঞাসা করলেন, 'তুমি কী করে জানলে যে আমি তোমার বাড়ি গিয়েছিলাম?'

নাসিরুদ্দীন হো হো করে হেসে জমিদারের মোটা পেটের দিকে আঙুল দেখিয়ে বললঃ 'কেন জানব না? আপনি যে আপনার নিজের নামই আমার দরজার ওপর লিখে রেখে এসেছিলেন?'





## ছোটদের খেলাঘর



## The Thief

(A story from Molla Nasiruddin)

Once upon a time long long ago lived a powerful King in a far away land. He had a very clever minister whose name was Nasiruddin. One day the King lost a very precious diamond ring. He asked his minister to immediately find the thief.

Nasiruddin gathered all the servants of the palace in the palace hall. Then he took the empty ring box and put it to his ear and seemed to be listening to something. Everybody watched intently as he sat quietly holding the box to his ear. But as time passed by the King got very impatient.

"What are you doing? he asked Nassiruddin, "I am losing my patience watching you sit like that for ages. Please do something instead of just sitting".

Nasiruddin answered, "O King, I am listening to this box."

"You mean to say that the box is talking to you?!" said the King most disbelievingly. "So what is the box saying to you my dear Man?"

"The box is saying," said Nasiruddin "that the person who has a dry leaf stuck to his hair is the one who stole the ring."

Immediately one servant standing amongst the gathered people put his hand to his head. And nobody had a doubt as to who the thief was.

The King was indeed very pleased with his clever minister and handsomely rewarded him.



## MOM

Suporna Chaudhuri (Age: 8)

Who do you think is best in your parents? Mom or Dad ?

I think it's mom, because she makes you happy when you are sad and helps you start being good , when you are bad.

She is the one I love most of all whether she is short or tall skinny or fat. I love her the most I can assure you that.

A mother herself is an angel from above and NOBODY can measure the size of her love. She takes us on the path of righteousness and if someone asks you "Who do you think is the best?" There should be just one answer for your guess

"My mother." You must quickly realize that there is no other then your very own mother. If you say something bad about her you will feel your heart exploding like a bomb but just

remember.....

Anywhere is home if you are with your mom .



## The Geese and The Tortoise

A Tale from Panchatantra

Once upon a time there lived a pair of geese and a tortoise all three of whom were great friends. One day they faced a huge drought and the lake in which they lived was drying up. They decided to leave the lake and look for a new lake. But the tortoise could not fly. So the geese thought of a plan, where by the tortoise would have to hold a piece of stick by its mouth, which would be carried by the two geese. The only condition was that the tortoise should not speak or it will fall from the stick to death. The tortoise agreed to be silent.


As they flew past villages, town and cities, on seeing this strange arrangement, people on the way started laughing at the tortoise. Unable to control his anxiety, he spoke out "What are they laughing about?" and so fell to his death. If he had kept quiet he could have saved his own life.



Sampriti De



Sudeshna Datta, Age 9



Chirasree Mandal, Age 3


## Crossword Puzzle

### ACROSS

3. This puja celebration is observed with fireworks
8. Season of puja
9. This is the drum that is played during Puja
10. Sisters wish their brothers long life and prosperity on this occasion
11. Observed about one week before Durga Puja

### DOWN

1. Many fly kites on this Puja day
2. Exchange of greetings after Puja celebration
4. Ma Durga comes to visit us from this place
5. Name of the demon in the guise of a buffalo
6. Short prayer followed by offering of flowers
7. Husband of goddess of wealth
8. Husband of Durga



Unscramble each of the clue words. Take the letters that appear in ☐ boxes and unscramble them for the final message.

AUM	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
TAKKIR	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
HENSAG	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
ABALOUK	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
MILKAS	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
TAASIWARS	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
HEADVAM	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>





# Achieve Higher Math Test Scores and Grades

Use  
Promotion Code:  
'PUJARI'  
while registering

- Regular guided practice will help kids achieve Higher Math Test Scores and Grades
- No Hassle of Commuting... iCoachMath is totally INTERNET based Use it from the comfort of your home
- iCoachMath is ideal Resource for all students Grades 3 through 12 in all 50 states. The Practice Questions are based on your state specific curriculum ...
- iCoachMath gives you 24/7 SAT quantitative prep right on your home PC



Sign up now for Free Trial !  
Simply Logon to  
iCoachMath.com



**CoachMath.com**

Leading to Excellence in Math

www.icoachmath.com



iCoachMath  
will donate 1st month and  
12th month subscription to  
'PUJARI' to make contribution  
in their causes



Anjali

www.pujari.org

## Niagara Falls

By Sampriti De



A sparkling oasis  
With a cool, misty breeze,  
A magical atmosphere  
Like a world of fairies

A basin of blue  
With an emerald tint  
Windy, yet refreshing  
And a crystallized glint

A brumous mirage,  
As soft as a feather,  
Lush surroundings  
With a touch of heather

Soothing, rushing water  
Tumbling from the falls,  
A remarkable sight,  
An inspiration to all



## Palajusina Again With Dingo

Moyna Ghosh (Age 8)

Palajusina was just about to leave for space again for Dingo's birthday. Dingo was turning 105 years old this time. Dingo's birthday was in the moon at Minimum Snoozes.

I was really late. When I reached the place Cindy, Dingo's sister, gave me a real honey butter nectar. Dingo and me played outside the Minimum Snoozes but soon we got lost in the middle of nowhere. We didn't know where we were and Dingo started to cry. This was the first time that Dingo had got lost. He also missed cutting the cake. I told him not to cry but he got worse. Suddenly a three-eyed monster appeared. Dingo never saw one of those before but his mother had told him not to panic about it or else it will catch you. So we stood still and we found out that he was a really nice monster. He even brought us back to Minimum Snoozes. But Cindy had already sent everyone home because Dingo was lost. She sent me home too. I said, "I will meet you next time." Thankfully Dingo was not in trouble. I flew back home.




## Another Crossword Puzzle

### Across

- 1 A very big and busy railway station in Bengal
- 2 Popular hill town resort of Bengal
- 3 Major Metropolitan city of Bengal
- 4 Name of a large river in Bengal
- 5 Favourite sweet of Bengalis

### Down

- 1 Favourite fish of Bengalis
- 2 Popular sea beach in Bengal
- 3 Hand drawn vehicle popular in the capital city of Bengal
- 4 Maa Durga's "Bahon" (pet)
- 5 A major port of Bengal



## Indian-Americans: Our Dual Culture Brings Our Community's Success

Kunal Mitra, Atlanta

"As human beings, our greatness lies not so much in being able to remake the world . . . as in being able to remake ourselves." – Mahatma Gandhi

Gandhi's words echo true for people of Indian descent today, as they have for so many Indians in the past. If you take a look at the difference between Indian-Americans several decades ago and our growing community today, you would be able to see that we've done very well only because we could embrace the challenge that Gandhi brought to our attention with his insightful words. Indian-Americans, including Bengalis, have been able to adapt to our situations, mixing our rich values and cultural history with aspects of American lifestyles and society, with very positive results. We have not all been successful in making this smooth transition: some of us have forgotten our roots completely; others have wrapped ourselves in old traditions and refused to adapt at all. But from what I've seen, the ones of us that have made it the furthest and continue to defy expectations from other ethnic groups are the ones that have stayed in touch with our rich Indian cultural heritage and community while combining them with the most positive and enriching parts of the Western world in which we live.

Take a look at Indian-Americans in the media, for example.

A while ago, you could look through the credits of any movie or television show and never hope to find an Indian name scrolling across the screen. But nowadays, we're all over the place. Manoj Night Shyamalan's movies are eagerly awaited whenever they're on their way to the box office. "Paging Dr. Gupta" is a well-known CNN news segment with all the latest in health news. Indian-Americans have made it into movies like "Matrix: Revolutions" and "Bend It Like Beckham," and even traditional Hindi movies from Bollywood have made it into the top twenty movie list in the U.S.!

I think that the most successful of these cases have been ones in which Indian culture, while not forgotten or diminished, melded with new themes and Western ideas to create something new and interesting to the public.

M. Night's movies have followed the inspiration of Steven Spielberg and Alfred Hitchcock, two famous directors in American filmmaking, the latter a force in American cinema since the 1920's (though, ironically, Hitchcock, originally a British citizen, was born outside the U.S. – just like Shyamalan). But while adapting this style of moviemaking to his ideas and storylines and choosing a career in Hollywood rather than the traditional path of doctor-hood followed by his family, Night continues to live his own life steeped in Indian traditions and meaning and, in fact, made his first lesser known film based on his experiences upon returning to India. Dr. Sanjay Gupta maintains his connection to the Indian-American community – speaking to various Indian-interest groups and college organizations – while successfully presenting his medical news in mainstream media. He is unique in that he managed to carve out a new role for doctors in the news, creating a very well-known part of CNN's programming and providing an inspiration to other Indian-Americans with similar interests. Indian-Americans in movies also have begun to present our traditions to Western society, showing that we can work and play with the best of them while maintaining our own strong cultural identities.



Speaking of play, sports also demonstrate new ways in which the traditional Indian dedication to athletics – at least the dedication I have seen in Bengalis, and definitely my own family – that has traditionally been applied to soccer, cricket, and field hockey. Men and women of South Asian descent are succeeding in different sports, from national championships to the Olympics. Vijay Singh – of Indian descent through Trinidad and Tobago – has distinguished himself in golf, becoming a name among the greats in various competitions, while attempting to stay connected to India through helping out golf clubs and players from the country. Mohini Bhardwaj, Indian-American through her father's side, was seen making the second-highest scores on the vault and the bars in Olympic gymnastics as their team captain. Monal Choksi dominated NCAA track competitions around the turn of the century. Each of these individuals applied their traditional approach to sports to a new activity, thereby becoming one of the most successful athletes in their fields.

You can find another example of our community's success in politics. Although for several years, involvement in politics seems to have been dormant or non-existent in our community, Dalip Singh Saund proved our ability to get involved directly in the process by becoming the first ever Indian-American to become a U.S. Congressman in the House of Representatives in 1957. Since then, despite a period of lesser involvement, Indian-Americans have realized the importance of political action, adapting our traditional culture and the sense of enterprise which brought first-generation immigrants to the US to the new mechanisms of American politics. Individuals such as Satveer Chaudhary, the first Indian-American to be elected to a state senate, and Bobby Jindal, the former gubernatorial candidate turned Congressional candidate for Louisiana – practically having secured the seat even prior to the election this fall – show that we have begun to enter politics through elected positions. There are many groups, such as the Indian American Center for Political Awareness in DC and the Indo American Forum for Political Education in Georgia, that show interest for politics at the grassroots level, and organizations like these have made an impact on Congress, state government, and the community's youth already. The political involvement of these individuals and groups demonstrate a departure from the political apathy of the past – the kind of apathy that left Indian interests unheard in Congress – and we as a community have realized that to strengthen our culture and traditions, we must enter into a new arena of US politics and become active to protect our heritage in new ways.

And of course, countless other success stories exist, in technology, in science, in the arts . . . practically everywhere you look, Indian-Americans are accomplishing amazing things in fields and disciplines we weren't even pursuing a few decades ago.

The most important thing that I have seen in all my experiences with Indian-Americans – whether they've been my age, younger or older, students or professionals, kids or parents – is that the ones who successfully maintain the positive aspects of our traditions and culture while adapting them to work in American society meet with the most success, regardless of what they do. One cannot lock out Western civilization – even in India – and hope to be successful or well-received in society. At the same time, losing one's roots in India leads to a loss of a large part of your identity; if you choose to leave behind your heritage, you may just find yourself missing out on some of the strongest values and most powerful connections to people with similar interests that you will ever find in the world. Maintain your cultural connection as an Indian, but adapt it to your life as an American, and there's no telling how many boundaries you'll break and how much success you will meet with.

## অনেক দূরে, অনেক কাছে

ইভা খাসনবীশ

চার মাস মার্কিন মুলুকে কাটিয়ে পরশু রাতে দেশে ফিরেছেন শশধর মুখার্জি। গতকাল ফোনে খবর পাঠিয়েছেন বন্ধুদের। বন্ধুরা অবশ্য আরও আগে থেকেই ক্যালিফোর্নিয়ার পাতায় নজর রাখছে, মুখার্জি দম্পতির নিজের কোটায় ফিরে আসার প্রতীক্ষায়।

রবিবার সকালে টিফিন কেরিয়ারে কচুরি আলুরদম নিয়ে আমরা দুজন মুখার্জিদের বাড়ি গিয়ে হাজির হলাম। ভেবেছিলাম, বুঝি একটু তাড়াতাড়ি এসে পড়েছি। কিন্তু ওখানে গিয়ে দেখি ওদের ড্রয়িং-রুমে অলরেডি কারা বসে আছে। মুখার্জি আলাপ করিয়ে দিলেন - মিস্টার ও মিসেস শেঠি; সফদরজঙ্গে থাকেন। আগে কখনও ওদের দেখিনি। মুখার্জিদের কাছে নামও শুনিনি কোনদিন। সন্ধ্যাবেলা অতদূর থেকে গাড়ি চালিয়ে এসেছেন শুনে একটু অবাকই হলাম। টিফিন-কেরিয়ারটা মিসেস মুখার্জির হাতে দিয়ে আমি ও শংকর বসলাম।

শেঠি দম্পতি কথাবার্তা চালিয়ে গেলেন। মার্কিন মুলুক সম্বন্ধে নানারকম বিবরণ মন্তব্য। আশ্চর্যের বিষয় এই যে মুখার্জি দম্পতিও ওদের প্রতিটি কথায় সায দিয়ে গেলেন সমানে। আমেরিকায় লোকেরা নাকি প্রতিনিয়ত নিজেদের নিয়েই ব্যস্ত। কি ভাবে আরও বেশী টাকা উপার্জন করবে, জীবনের মান আরও উন্নত হবে সেটাই তাদের কাছে সব। এর বাইরে কোনও কিছু চিন্তা করার সময় নেই কারও।

মিস্টার শেঠি বললেন, 'আর ভারতীয় বাবা-মায়ের একমাত্র স্বপ্ন হল কি করে ছেলেমেয়েদের ওদেশে পাচার করবে। আমরা নিজেরাই নিজেদের পায়ে কুড়ল মেরেছি। কেন, এদেশে কি ভাল চাকরি বাকরি নেই? মার্কিন মুলুকে গিয়ে আমাদের দেশের ছেলে মেয়েগুলোও ওদেরই মত আত্মসর্বস্ব হয়ে উঠেছে। মা-বাবা কিংবা দেশের কথা ভেবে সময় নষ্ট করতে বয়ে গেছে তাদের। অথচ এসব দেখেও আমাদের শিক্ষা হয় না - ---।'

মিসেস মুখার্জি কোনও প্রতিবাদ করলেন না। শুধু ঢোক গিললেন। মুখার্জি বারে বারে মাথা দোলাতে লাগলেন।

মুখার্জিদের ছেলে সমীর ও তার আমেরিকান বউ মেলিসাকে দেখেছি। ওই দূর বিদেশে বসেও ওরা এদের যেন সদাসর্বদা আগলে রেখেছে। নিয়মিত ফোন করে, প্রায় প্রতিদিন 'ই-মেল' পাঠায়। 'ই-মেল' এ ছবি পাঠায়। প্রায়ই পার্সেল করে এটা সেটা পাঠায়। মুখার্জিদের কাছেই শুনেছি ওখানে গেলে কি দারুণ যত্ন করে ওরা।

'গত জন্মে মেলিসা বোধহয় আমার পেটের মেয়ে ছিল। শিশুর শাশুড়িকে কেউ এত ভালবাসে চোখে না দেখলে বিশ্বাস করা যায় না।' মিসেস মুখার্জি উঠতে বসতে বলেন একথা।

আরো ঘটনাক্রমে পর শেঠি দম্পতি গাথোখান করলেন। মুখার্জিরা ওদের গাড়িতে তুলে দিতে গেলেন।

মিসেস মুখার্জি আমাদের দিকে ইশারা করে বলে গেলেন 'রোসো, সব বলবো।'

শেঠিদের গাড়িটা হুশ করে বেরিয়ে গেল।

মিসেস মুখার্জি বললেন, 'বাবাঃ, সন্ধ্যাবেলায় যেন বাড়ি বয়ে গেল।'

শুনলাম শেঠিরা নাকি ওদের পরিচিত কেউ নয়। এইবার আমেরিকা যাবার আগে মুখার্জিদের বাড়ি হঠাৎ একদিন এসে হাজির হয়েছিল। মুখার্জিরা টাকোমা শহরে যাবেন লোকমুখে একথা শুনেছে শেঠি। তার দুই ভাগি থাকে টাকোমায়। বছর বারো আগে বড় ভাগি বিয়ে হয়ে স্বামীর সঙ্গে ওদেশে গেছে। বছর সাতেক আগে ছোট ভাগি গেছে। গোড়ার দিকে নিয়মিত চিঠিপত্র টেলিফোনে যোগাযোগ ছিল। বার দুয়েক এসেও ছিল। কিন্তু ইদানীং মাসান্তে টাকা পাঠানো ছাড়া একেবারেই খোজ খবর নেয় না আর। মাঝে মাঝে দু'এক লাইন চিঠি, ওরা নাকি ভীষণ ব্যস্ত নিঃশ্বাস ফেলার ফুরসৎ নেই, বাস শুধু এই। ফোন করলেও শুধু ওই এক কথা, এক্ষুনি জরুরী কাজে যেতে হচ্ছে ---- পরে কথা হবে। শেঠির দিদি খুব কাঁদাকাটি করে। জামাইবাবু অর্থহীন হয়ে পড়েছে। সম্ভবত মেয়েদের ব্যবহারে আঘাত পেয়েই। এখন আর বোধশক্তিটুকুও নেই। এত কষ্ট করে লেখাপড়া শিখিয়ে দু'টো মেয়েকে মানুষ করার এই পরিণতি।

শশধর মুখার্জি বললেন, 'শেঠি আমাদের হাতে ভাগিদের জন্যে টুকটাকি জিনিস পাঠিয়েছিল। অনুরোধ করেছিল আমরা যেন ওদের সঙ্গে দেখা করি। স্বচক্ষে একবার দেখে এসে ওদের জানাই কি সেই ব্যস্ততা বার জন্যে গর্ভধারিণী মা ও জন্মদাতা বাপকে মনে করার সময়টুকুও তাদের নেই।'

'তা দেখা করেছিলেন?' আমার স্বামী শংকর প্রশ্ন করলো।

মুখার্জি নিঃশব্দে মাথা নেড়ে সম্মতি জানালেন।

বললাম, 'অর্থাৎ ওরা সত্যিই দুর্দান্তভাবে ব্যস্ত? এবার বোধহয় আপনাদেরও ওদেশে ভাল কাটেনি। আপনাদের কথাবার্তা শুনে তাই মনে হল।'



মিসেস মুখার্জি সজল চোখে বললেন, ‘সন্ধ্যাবেলা একগাদা মিথ্যে কথা বলতে হল। খোকা আর বৌমা আমাদের মাথায় করে রেখেছিল। আর আমাদের পাচ বছরের দাদুভাই তো আমাদের যেন চোখে হারায় ! এই চারটে মাস আমাদের ঘিরেই ওদের যত কিছু। কত বললাম, ‘দাদুভাইকে আমাদের কাছে রেখে তোমরা দু’টিতে একটু সিনেমা টিনেমা দেখে এসো। সব সময় তো সে সুযোগ পাও না !’ একদিন বেরোলোও সিনেমায় যাবে বলে। ওমা, আধঘণ্টা পরে দেখি ফিরে এসেছে। হাতে এক গোছা ভিডিও টেপ আর বাবামা’র পছন্দের দু’ক্যান আইসক্রীম। বললো, ‘তোমাদের বাড়িতে ফেলে রেখে সিনেমায় যেতে হচ্ছে হল না। সারাদিন তো অফিসে কাটাই, যেটুকু সময় তোমাদের কাছে থাকতে পারি ! এরপর তো আবার কত দূরে চলে যাবে।’

অথচ শেঠি দম্পতির সামনে ওভাবে কথা বলছিলেন কেন? প্রশ্নটা আন্দাজ করে শশধর মুখার্জি বললেন, ‘সে এক অদ্ভুত কাহিনী। এক আশ্চর্য অভিজ্ঞতা হল আমাদের। পৃথিবীতে কত রকমের মানুষই যে থাকে !’

টাকোমায় গিয়ে শেঠির ভাগ্নীদের সঙ্গে যোগাযোগ করেছিলেন শশধর মুখার্জি। শেঠি টেলিফোন নম্বর দিয়েছিল। বড় ভাগ্নির সঙ্গেই দেখা হল শুধু। ছোট ভাগ্নি এখন আর টাকোমায় থাকে না। জামাইও না। আরেকটা আশ্চর্য যোগাযোগ বেরিয়ে পড়লো। মেলিসা যেখানে আগে কাজ করতো শেঠির বড় ভাগ্নি সুচিত্রা কাউল সেই দপ্তরেই খুব উঁচু পোস্টে কাজ করে। তার স্বামী অশোক কাউলও সেখানেই কাজ করতো এক সময়। মেলিসা বছর তিনেক ছিল ওখানে। বাচ্চাটা হবার পর চাকরি ছেড়ে দিয়ে পুরোপুরি ঘর সংসার সামলেছে ক’বছর। সম্প্রতি ছেলে স্কুলে যেতে শুরু করার পর অন্যত্র একটা পার্ট-টাইম কাজ জোগাড় করেছে। মেলিসার মুখেই সম্পূর্ণ ইতিবৃত্ত জেনে এসেছেন মুখার্জিরা।

মেলিসার মতে সুচিত্রার মত মানুষ হয় না :- কর্মকুশল, স্বপ্নভাষী, নিরহঙ্কার, উদারচেতা, সহৃদয়। অশোক কাউলও বেশ জনপ্রিয় ছিল। দারুণ রসিক, ফুর্তিবাজ মানুষ। বছর সাতেক আগে দেশ থেকে ছোটবোন রুক্মিণী এলো। দেশে থাকতে বিয়ে করেছিল। বেশীদিন টেকেনি সে বিয়ে। সুচিত্রাই আগ্রহ করে বোনকে আমেরিকায় ডেকে নিলো। পুরোগো ক্ষত ভুলে নতুন জীবন শুরু করতে।


রুক্মিণী বেশবাসে স্বভাবে একেবারে সুচিত্রার বিপরীত। সুচিত্রা শান্ত প্রকৃতির; অতি সাধাসিঁথে পোষাক-আশাক। রুক্মিণীর বলমলে ব্যক্তিত্ব চোখ ধাঁধিয়ে দেয়। রুক্মিণী ও অশোক ছল্লাড় করে বেড়ায়। সুচিত্রা বাৎসল্যভরা চোখে চেয়ে চেয়ে দেখে। তৃপ্তি পায়। তার স্বামী অশোক যে বড় ভাইয়ের দায়িত্ব নিয়ে রুক্মিণীর তদ্বির করছে এতে মনে মনে কৃতজ্ঞতা বোধ করে।

এরপর অশোক টাকোমার চাকরি ছেড়ে ডেনভারে কাজ নিলো। রুক্মিণী মাঝে মাঝেই উধাও হয়ে যায়। জামাইবাবুর কাছে কয়েকদিন কাটিয়ে তরতাজা হয়ে আসে।

সুচিত্রা যখন পুরো ব্যাপারটা জানতে পারলো তখন আর কিছু করার নেই। অশোক রুক্মিণীকে নিয়ে ডেনভারে নতুন সংসার পেতেছে। বাইরে থেকে সুচিত্রার বিশেষ কোনও পরিবর্তন বুঝতে পারে না কেউ। হয়তো আরও একটু গম্ভীর হয়ে গেছে। হয়তো বেশবাসে আরও উদাসীন। ওর নিজের ক্ষতি ছাড়িয়ে ওর মন জুড়ে সর্বগ্রাসী চিন্তা তখন একটাই :- ওর বাবা মা যেন ঘৃণাক্ষরেও এ ঘটনার বিন্দুবিসর্গ জানতে না পারে কোন দিন। যে কটা দিন বেঁচে আছে তারা, এই তথ্য তাদের কাছে লুকিয়ে রাখতেই হবে যে কোন উপায়ে। তা না হলে ওর বাবা মা বুক ফেটে মরে যাবে শোকে, লজ্জায়, ঘেমায় ----।

তাই এই ব্যস্ততা আর আত্মসর্বস্বতার অভিনয়। বাবা-মাকে নিয়মিত টাকা পাঠানো ছাড়া ন্যূনতম যোগাযোগও রাখতে চায় না সুচিত্রা। বাবা-মার সতর্ক দৃষ্টির সামনে ধরা পড়ে যাবে সে। তার চরম সর্বনাশের কথা পলকে জেনে যাবে তারা।

মুখার্জি দম্পতিও তাই ওদের জানিয়েছে সুচিত্রা ব্যস্ত, ভীষণ ব্যস্ত। বিন্দুমাত্র সময় নেই তার।



## একটা চিঠি

রোহণ কুন্দুস

মামণি,

তোমার সেই দিনটার কথা মনে পড়ে? আমাদের অ্যানুয়াল স্পোর্টস ছিল, আমি মেমরি গেমস-এ ছিলাম। আমি কোন পজিশান পাইনি বলে তুমি বকেছিলে। কিন্তু কি করব বল? আমার যে কিছুই মনে থাকে না। আমার অঙ্কের সূত্র মনে থাকে না কিংবা ইতিহাসের সাল-তারিখ। কিন্তু ছোটবেলার কত কথা মনে পড়ে। মনে পড়ে বাবার হাত ধরে প্রত্যেক রবিবার বাজারে যাওয়া। কিংবা সেই বেড়ালটা, যেটা আমার দুধ চুরি করে খেত। লাল মেঝেতে তার আঙুলের দুধ সাদা ছাপ অনেকটা বাবার লুকিয়ে চলে যাওয়ার দাগ। বাবা আজ দেওয়ালে আটকানো ছবি। মামণি, তুমি মাঝে মাঝে বাবার ছবির সামনে দাঁড়িয়ে চোখ মোছো কেন? তোমারও কি আমার মতোই বাবার জন্যে মন খারাপ করে?

আমি যখন একলা বসে ছবি আঁকি, বাবার কথা মনে পড়ে যায়, চোখ ঝাপসা হয়ে আসে। জানালায় বসে বসে বৃষ্টি দেখতে দেখতে ছড়া বলি; তখন বাবার কথা মনে পড়ে যায়। গলা কেঁপে যায়। বাগানে কৃষ্ণচূড়ার নীচে দাঁড়ালে বাবার গায়ের গন্ধ পাই। যেন আমায় ডেকে বলছে - ‘দ্যাখ টুকুন, ঐ যে সবজে রঙের তারাটা, ওটার মতোই তুই সুন্দর।’ আমি কতবার ঘাড় উঁচু করে তারটাকে দেখার চেষ্টা করেছি, কিন্তু একবারও দেখতে পাইনি। কেন মামণি? নিজেকে কি দেখা যায় না?


তোমার ওপর না আমার মাঝে মাঝে দারুণ রাগ হয়। যখন আমায় স্কুলে পৌঁছে তুমি অফিস চলে যাও, কই তখন তো বাবার মতো আমার গাল টিপে দাও না। আমার ফুটপাতে দাঁড়িয়ে ফুচকা খেতে ভালো লাগে, বর্ষায় রাস্তায় জমা জলের ওপর দিয়ে হাঁটতে ভালো লাগে। তুমি কিচ্ছু করতে দাও না। আর প্রত্যেকবার রেজাল্ট বেরোনোর পর বাবার মতো কপালে চুমু দাও না। নাই বা হলাম ফাস্ট। সবাই কি আর ফাস্ট হতে পারে বল?

আচ্ছা মামণি, মিস বলেছেন দেবতারা অমর। বাবাও তো দেবতাদের মতোই। কেমন কৌকড়ানো চুল, সুন্দর মুখ। তবে কি পৃথিবীর দেবতারা অমর নয়? কেবল স্বর্গের দেবতারা অমর? আমি তাদের দেখতে পাই না কেন? তারা কোথায় থাকে? আকাশে? আমি আকাশ হব, মামণি, আমি আকাশ হব।

আমি আবার কবে স্কুলে যাব? ডাক্তারকাকু তো বিছানায় শুয়ে থাকতে বলেছে। আমি শুয়েই আছি। কতদিন মাঠের ঘাসে বসে বিকেলের রোদ্দুর নিয়ে খেলিনি। কতদিন প্রজাপতির পেছনে ছুটিনি। আমায় কবে আবার মাঠে বেড়াতে নিয়ে যাবে মামণি? আমার যে বড়ডো হচ্ছে করে। হচ্ছে করে বৃষ্টিতে ভিজতে, বাবার সঙ্গে দেখা করতে।

আমার এবার ঘুম পাচ্ছে। আমি ঘুমোই। আচ্ছা মামণি, ঘুমের মধ্যে কি বাবার সঙ্গে দেখা হবে? বলো না মামণি, সত্যি দেখা হবে? সত্যি?

--- তোমার আদরের টুকুন





সুহাস সকাল সাটায় ভীষণ ব্যস্ত। তাড়াহুড়োতে দাড়ি কামাতে গিয়ে গাল কেটে ফেলেছে। বেশ কিছুটা কেটেছে, রক্ত থামতেই চাইছিল না। শেষ কালে একটা আতশধ-অভধ লাগিয়ে রক্ত থেমেছে। রোজ সকাল বেলায় সে ভীষণ ব্যস্ত - নিঃশ্বাস ফেলার সময় থাকে না। এই রকম তাড়াহুড়োর সময় মনে মনে সংকল্প করে কাল থেকে একট আগে উঠবে। কিন্তু একই রকম ভাবে সকাল কাটে।

আজ গাল কেটে গালে তাল্পি লাগিয়ে মনটা খিঁচড়ে গিয়েছিল। এখনও খেতে হবে। তবু ভালো সকালে সুনীতা তার জন্য পায়ের করে দেয়। পরোটা, লুচি, কর্ণফেল্স খেতে চিবোতে হয় - সময় সাপেক্ষ। সুনীতা এই বুদ্ধি করেছে। সুহাসও এতে খুশী। সে শান্তিনিকেতন থেকে বর্ধমানে ডেলি প্যাসেঞ্জারী করে। সে ডাক্তার, বর্ধমান মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত। শান্তিনিকেতনের পূর্বপল্লীতে থাকে। সেখানেই জন্ম। স্কুল পাশ করেছে পাঠভবন থেকে। তারপর আর জি করে ডাক্তারী পড়ে বর্ধমানে চাকরী পেয়েছে। অনেক কাঠ খড় পোড়াতে হয়েছিল তার জন্য।

সুহাস গোপ্রাসে পায়ের গিলছে। আজ নেহাত ট্রেন মিস করবে। তা হলেই চিড়ির। হঠাৎ পাশের ঘর থেকে শুনল সুনীতার গলা, ‘অনেকদিন ধূর্জিটার খবর জানি না, আসেনও নি অনেকদিন।’ সুহাস বিষম খেল। সে ভেবেছিল সুনীতা চলে গেছে। বিরাট জার্মান শেপার্ড সুহাসের প্রসাদ পাবার আশায় লোলুপ দৃষ্টিতে পথের পাঁচালীর দুর্গার মত ইন্দির ঠাকরুণের চালভাজা গুঁড়ো খাওয়া দেখার মত দেখছিল। অন্য দিন সে বেচারিও একটু আধটু প্রসাদ পায়। আজ সুহাসের তাড়া থাকায় সে আর কুটুমের (সারমেয়) জন্য কিছু দেয় নি। সে তাতে যথেষ্ট ক্ষুব্ধ হয়েছিল – এখন মরীয়া হয়ে খেঁকিয়ে উঠল, ‘ঘাঁউ ঘাঁউ।’

সুহাস খিঁচিয়ে উঠতে গিয়েও নিজেকে সামলালো। দিদি আমেরিকা থেকে এসে মাস দেড়েক রয়েছে। রোজ একবার করে সুহাসকে পাশে বসিয়ে খুব নরম করে স্নেহের সঙ্গে ছোট ভাইকে বোঝায় - ‘তুই নিজের স্ত্রী ও ছেলের সঙ্গে এমন ব্যবহার করিস যেন ওরা তোর পরম শত্রু। সব সময় দাঁতে পিষচিস যেন ওরা তোর পথের কাঁটা।’ সুহাস বলল ‘দিদি, তুমি কিছু বোঝ না, ওদের মাথায় বুদ্ধি বলে কিছু নেই, আছে শুধু গোবর। তুমি হলে তুমিও ওদের খেঁকাতো।’ দিদি বললেন ‘দেখ, জীবনে নানা ধরণের লোক নিয়ে চলতে হয়। সবাইকার সমান বুদ্ধি হয় না। তোকে খেঁখ ধরে সহ্য করতে হবে।’ পনেরো বছরের বড় দিদির কথার প্রতিবাদ করতে পারল না। দিদি দেশে এসেছেন দশ বছর পরে। আর দিদিকে সে খুব ভালবাসে। আজকাল দিদির কথা মনে রেখে সুনীতা বা ছেলে শুভকে বকা ঝকা কমিয়েছে। নিজেকে সংযত রেখে বন্ধ, ‘এখন খুব তাড়াছড়ো, সন্ধ্যা বেলায় কথা হবে।’ সুহাস লাফ দিয়ে স্কুটারে চড়ে পরমুহূর্তে বোলপুরের পথে উধাও। মনে মনে ধূর্জটিদার কথাই ভাবতে লাগল। ধূর্জটিদা ওদের মাসতুতো দাদা। ওরা শান্তিনিকেতনের কাছাকাছি থাকে। মেসোমশাই প্রায়ই তাঁর গোযান পাঠিয়ে দিতেন। সুহাসের বাবা ও মা এবং তাদের চার পুত্রকন্যা গোরুর গাড়ির আরোহী হয়ে বর্ধমান ও বীরভূমের মধ্যখানে ধূর্জটিদাদের গাঁয়ের বাড়ি দীননাথপুরে যেতেন। বাবারও পৈতৃক ভিটে বাঁকুড়ার অজ পাড়াগাঁয়ে। ২০/২৫ মাইলের মধ্যে কোন রেল স্টেশন নেই। ধূর্জটিদাদের বাড়ির দশ মাইলের মধ্যে রেল স্টেশন ভেদে। কিন্তু দীননাথপুরে কি অসম্ভব কাদা আর তেমনি ম্যালেরিয়া।

অনেকবার আগেও মাসিমার বাড়ি গেছে। দিদিকে গাঁয়ের প্রায় সবাই জানতেন ও চিনতেন। পাশের বর্দ্ধিষ্ণু বাঁড়ুয়ে পরিবার তো তাঁদের পুত্র রাজুর সঙ্গে দিদির বিয়ে ঠিক করে রেখেছেন। দিদির তখন বয়স পাঁচ। ফর্সা টুকটুকে ছেলেটি দিদির মনে একটু রং ধরিয়েছিল। বিশেষ ছেলেটার কাকা জ্যাঠাদের পাকা দোতলা বাড়ি। বাড়িতে চকচকে আসবাব পত্র, তাতে যত না মুগ্ধ ওদের চকচকে নতুন গ্রামাফোন ও মোটরগাড়ি দিদিকে একেবারে পেড়ে ফেলেছিল। তারপর একদিন সকালবেলায় যাকে দিদিকে সবাই বলে দিয়েছিল মেজ খুড় শ্বশুর তিনি দিদিকে ডেকে নিয়ে গেলেন। দিদি দেখল ওদের বড় পুকুরে জাল ফেলে মাছ ধরা হচ্ছে। রূপোর মত চকচকে মাছগুলো দিদিকে একেবারে মুগ্ধ করে দিল। প্রথম জালে গোটা ১৫/২০ মাছ উঠল। তার মধ্যে কতকগুলো ‘চারা’ মানে বাচ্চা মাছ, সেগুলোকে আবার পুকুরে ছেড়ে দেওয়া হল। তারপর দিদিকে অবাধ করে দিদির হবু মেজ খুড় শ্বশুর সবচেয়ে বড় মাছটা দিদিকে দিয়ে বল্লেন, ‘এটা নিয়ে যাও, এটা তোমার।’ মাছটা প্রায় ১০/১২ সের (তখনও কিলো চালু হয় নি)। দিদি ত যত অবাধ তত খুশী। দিদি ৪/৫ বছরের মেয়ে, তার মুখে চোখে আহ্লাদ ফেটে পড়ল। সে দু হাতে মাছটা বুকের কাছে আঁকড়ে ধরে বাড়ির দিকে রওনা দিল। আনন্দে উত্তেজনায় দিদির মাথা গুলিয়ে গেল। সে গলা ফাটিয়ে চোঁচাতে লাগল ‘রুই মাছ, কাতলা মাছ, ইলিশ মাছ, মিড়িক মাছ।’ অত বড় জ্যান্ত মাছ ৪/৫ বছরের ছোট মেয়ের হাতে কি থাকে? লাফ দিয়ে দিয়ে হাত পিছলে মাটিতে পড়ে। সেখানেও তিড়িং তিড়িং করে সে কি নৃতালীলা। চারপাঁচবছরের ছোট মেয়ের সাধ্য কি অত ভারী জ্যান্ত মাছকে বাগিয়ে ধরে। কতবার যে হাতথেকে লাফিয়ে পড়ল! চকচকে রূপোর মত মাছটা ধুলোয় কাদায় একেবারে শৌল মাগুরের রং ধরল। শেষ কালে বুকে দুহাত দিয়ে চেপে ধরে মাছটাকে বাগে আনল। ভাগ্যিস পূজার জন্য করা ক্যালিকো মিলের চিতার ছোপ ছোপ প্রিন্টের ফ্রকটা পরে নি। রাতে পরার বেনিয়ান গায়ে ছিল।

অবশ্য সেকালের মাদের একালের ছেলেমেয়েরা চেনে না। সে কালের সব মায়েরা রোজ সাবান দিয়ে ছোট ছেলেমেয়ের জামা কাচা পয়সার অপচয় বা বাড়াবাড়ি ভাবতেন। জলকাচা বলে কথাটা এখন বোধহয় কোন ছেলেমেয়ে শোনেনি। দিদি মনে মনে আশঙ্কিত হল কপালে দুঃখ আছে। মাসী মেসোর সামনে হয় তো বাবা ও মা গায়ে হাত তুলবেন না। কিন্তু যখনকার কথা হচ্ছে তখন বাবা মার কর্তব্য ছিল ছেলেমেয়েকে পিটে পাটে শাসনে রাখা।

দিদি ততক্ষণে প্রায় পৌঁছে গেছে। তার চোঁচামেচি শুনে কিছুটা শঙ্কিত হয়ে বাইরে বেরিয়ে মাসীমা ও মা দেখতে এলেন কিসের এত চোঁচামেচি। দিদির কিছু হয়েছে? দিদিকে দেখে মা ও মাসী হতবাক। দুহাতে একটা বিরাট মাছ - আর দিদি পাগলের মত চোঁচাচ্ছে। যাই হোক দিদির কিছু হয়নি দেখে তাঁরা নিশ্চিন্ত হলেন; কিন্তু মা দিদির জামার দশা দেখে ধমক দিতে গিয়েও দিদির হাতে অত বড় মাছ দেখে রাগ ভুলে হাস্য বিগলিত মুখে জিজ্ঞাসা করলেন ‘এতবড় মাছ কোথায় পেলি?’ মাসীমা দিদির অবস্থা বুঝে বল্লেন, ‘দে, মাছটা আমাকে দে।’ দিদি আর পারছিল না - মাসীমার হাতে অনিচ্ছায় মাছটা তুলে দিল। দিদির মুখের ভাব মাসীমা ঠিকমত বুঝে মাছটার বিলি ব্যবস্থা করলেন। মা দিদিকে কর্দমাক্ত দেখে বেনিয়ানটি ছাড়িয়ে একেবারে চান করিয়ে আরেকটি বেনিয়ান পরিয়ে বল্লেন ‘খেতে দেবী হবে।’ চান করার পর মাসীমা একটা বড় টেনিস বলের সাইজের নারকেল নাড়ু দিলেন; চান করে নাকি মুখে কিছু দিতে হয়। নইলে নাকি পিণ্ডি পড়ে যায়। নারকেল নাড়ুর পেছনে একটু ইতিহাস আছে। মেশোমশাই এর চাষ থেকে টিন টিন আখের গুড় আসে। সে চাষের গুড়ের রং সোনার রঙের। সে চাষের গুড়ের স্বাদও স্বর্গীয়। তাতে তিনভাগ গুড় ও একভাগ নারকেল।

মা বলেন ‘একটু ঘুমিয়ে নে। খেতে দেবী আছে।’ সকাল থেকে যে রকম উত্তেজনা চলছে -দিদি বিনা প্রতিবাদে ঘুমিয়ে পড়ল। কতক্ষণ পরে জানেনা, মা দিদিকে ওঠালেন ‘ভাত বাড়ি হচ্ছে, চল খেতে চল।’ দিদি উঠে দেখল রান্না ঘরের দাওয়ায় সারি সারি পিঁড়ি পেতে ছেলেমেয়েরা ও চটের কাজ করা আসনে বড়রা বসেছেন। সবার সামনে ধূমায়িত ভাতের থালা, ভাতের ওপর গাওয়া ঘি, পাশে বেগুন ভাজা। বাড়ির গরুর ঘি এবং ওদের চাষের বেগুন। বেগুনগুলো মাখনের মত নরম। তারপর জলকলমী কুচোটিংড়ি দিয়ে। তারপর হঠাৎ সবাইকে অবাক করে বাবা, মেসোমশাই ও দিদির পাতে দুখানি করে গরম মাছ ভাজা পড়ল। সবার চোখ বাবা মেসোমশাই ও দিদির পাতের দিকে। ধূর্জটিদা জিজ্ঞেস করল ‘আমরা পাব না?’

মেসোমশাই রুঢ় ভাবে বলেন ‘মাছ শুধু ব্রাহ্মণরা পাবে।’ ধূর্জটিদা নাকি সূরে জিজ্ঞেস করল ‘রুচু (দিদি) কেন মাছ পেয়েছে?’ মেসোমশাই খুব রোগে বলেন ‘তোমার বুদ্ধি সুদ্ধি বাড়ছে না কমছে? মাছ ত পেয়েছি রুচুর জন্যই। তা হলে ওকে না দিয়ে কি করে সবাই খাবে? বাকি মাছ তোমার পৈতের দিন দুপুরে দেওয়া হবে। বাঁড়ুজো মশাই (হবু মেজো খুড় শৃঙ্গর) তো রুচুকেই মাছটা দিয়েছেন, তার ওপর আরও একটা মাছ দিয়েছেন পৈতের জন্য। বাড়ির সবার এবং যারা মাংস খায়না তাদের জন্যই এই দুটো মাছ।’ ধূর্জটিদা মেসোমশাইয়ের একমাত্র ছেলে, তার ওপর কাল তার পৈতে - সে ফৌঁস ফৌঁস করে কান্না শুরু করল। প্রথমটা কেউ তার দিকে নজর দিচ্ছে না দেখে সে জোলায় ছেলের (টুনটুনির বই) মত উঠে দাঁড়িয়ে কাঁদতে লাগল। সবাই মন দিয়ে মাছ খেতে ব্যস্ত, কেউ তার দিকে নজর দিল না। তখন ধূর্জটিদা নেচে নেচে কান্না জুড়ল। এবার মেসোমশাই ভীষণ রোগে বলেন, ‘আজ বাদে কাল পৈতে আর তুই ছোট ছেলের মত কাঁদছিস? আমি উঠলে কিন্তু ভালো হবে না। এক চড়ে স্বর্গ দেখিয়ে দেব।’ বাবা, দিদি সবাই অবাক। মেসোমশাইএর গায়ের রং ঘোর কালো, তার ওপর আকর্ষণ বিস্তৃত গৌঁফ। বড় বড় দাঁত - ধবধবে সাদা। দিদি ভাবল ঠিক যেন ‘ভালুকে খায় শাঁকালু।’ কিছুটা মহিষাসুরের মত। মেসোমশাইয়ের ভয় প্রদর্শনে ধূর্জটিদার জোঁকের মুখে যেন নুন পড়ল। কাল তার পৈতা, কত খাওয়া দাওয়া, তার ওপর পৈতা বাড়িতে কত আত্মীয় স্বজন আসবেন। সবচেয়ে লোভনীয় ভিক্ষায় নাকি কত কি পাবে! ছোটমাসীমা ও মেসোমশাই নাম লেখা সোনার আংটি দিয়েছেন। মামাবাড়ী থেকে নাকি ঘড়ি পাবে। বাঁড়ুজো বাড়ি (দিদির হবু শৃঙ্গর বাড়ি) থেকে একটা সোনার চেন, তার ওপর ভিক্ষার ঝুলিতে নগদ টাকা এবং কপালে থাকলে গিনিও পেয়ে যেতে পারে। যদিও অন্যরা ভাবছে ছেলেটার মাথা ঘুরে গেছে।

বিকেল বেলা উঠানে দিদি, আমাদের আজীবনের মেয়েদের সঙ্গে উঠানে কোর্ট কেটে একা দোকা খেলছিল। হঠাৎ একটা বিতিকিশী বোটকা গন্ধ পেয়ে দিদিরা খেলা বন্ধ করে ফ্রক দিয়ে নাক চেপে ধরল। হঠাৎ ধূর্জটিদার উচ্চস্বরে ডাক শুনল, ‘সবাই এখানে আয়, দেখে যা আমি কি করছি।’ ধূর্জটিদার টোচামেচি শুনে সব বাল্য খিল্যের দল বাইরে গেল। বাইরে দেখল ধূর্জটিদা একটা বিরাট ছাগলের পিঠে চড়ে ঘুরছে, ছাগলটার সাইজ একটা ছোট ষাঁড়ের মত। সেটা থেকেই জঘন্য গন্ধটা ছড়াচ্ছে। দিদিরা শুনল ওইটাই নাকি কাল দুপুরে ধূর্জটিদার পৈতের নেমন্ত্নে রান্না এবং খাওয়া হবে। দিদির তো ছাগলের গন্ধেই অন্নপ্রাশনের অন্ন উঠে আসার যোগাড়। সে তখনই সংকল্প করল সে মাংস খাবে না। আবার ছাগলটার দাড়িটি বিশেষ দ্রষ্টব্য। প্রায় মাটিতে ঠেকে আর কি।

একটুক্কণ দাঁড়িয়েই দিদি বিরক্ত হয়ে বাড়িতে ঢুকে পড়ল। পরদিন ভোর থেকে সে কি কর্মব্যস্ততা - ভোর চারটের সময় ধুর্জিটদাকে ওঠানো হল। সে কি সোজা কাজ - ধুর্জিটদাকে প্রথমে মাসীমা, মামীমা, মা সবাই মিলে ওঠাবার চেষ্টা করলেন। ধুর্জিটদি আরও কুঁকড়ে কুকুর কুণ্ডলী হয়ে শুয়ে রইল। শেষকালে মেসোমশাই আসতে ধুর্জিটদির সব জরিজুরি ঘুচে গেল। সে চোখ রগড়াতে রগড়াতে উঠে বসল। তখন ধুর্জিটদাকে দই, চিড়ে, রসগোল্লা, চা খাওয়ানো হল। কারণ পৈতে না শেষ হলে কিছু খাওয়া চলবে না। ছোটরা কেউ উঠল না। কতক্ষণ পর জানে না - দিদি উঠে দেখল



অং বং করে তারস্বরে পুরোহিত মন্ত্র পড়ছেন (দিদি পরে সংস্কৃতে এম এ পাশ করেছিল)। দিদি ও অন্য ছোটরা ব্যস্ত সমস্ত হয়ে বড়দের কাছে জানতে চাইল ভিক্ষা দেওয়া হয়ে গেছে কিনা। বড়রা বললেন 'ভিক্ষার দেবী আছে, তোর চান করে বেশী করে জল খাবার খেয়ে নে।' জলখাবার হল বাড়ির ভাজা মুড়ি, গরম জিলিপী, বোঁদে। জিলিপীর রস দিয়ে গরম মুড়ি যে না খেয়েছে সে কিছুই অনুমান করতে পারবে না তার আকর্ষণ। সহরের ছেলেমেয়েরা জানে কি না জানিনা মুড়িতে আবার কুসুম বীচি ছিল। ছোটরা এত খেল যে মা, মাসীমা ও মামীমা ওদের পরিবেশন করতে করতে হাঁপিয়ে উঠলেন। তাদের কলরবে ও পুরোহিতের তারস্বরে মন্ত্র পড়ার তর্জনে বাড়ির পাঁচিলে যত কাক বসেছিল তারা কা কা করে চোঁচাতে লাগল - কিন্তু পালাল না, বৃত্তাকারে উড়তে লাগল। পালাবে কি? তারা জানে ভোজ বাড়ি, তাদের কপালেও ভাল মন্দ জুটবে। ছেলেমেয়েরা পেটপুরে খেয়ে পেছনে খামারে যেখানে পৈতে হচ্ছিল সেখানে উপস্থিত হল। সবাই দেখল ধুর্জটিদা নেড়া হয়েছে, তার কান ফোটানো; পরণে কোঁপীন (ল্যাক্সট)। ধুর্জটিদার রং তার মাও বলতেন কালো। তাই তাকে কেমন দেখাচ্ছিল না বললেও চলেবে - এইটুকু বলা যায় যে it was not a pretty picture.

তখন ভিক্ষা দেওয়া শুরু হল। একের পর এক আত্মীয় আত্মীয়া ভিক্ষার বুলিতে টাকা ও ফলমূল দিতে লাগলেন। সঙ্গে আতপ চাল। ধুর্জটিদাকে শিথিয়ে দেওয়া হল মহিলা হলে 'ভবতি ভিক্ষাং দেহি মাতা' আর পুরুষ হলে 'ভবতি ভিক্ষাং দেহি পিতা' বলতে। ধুর্জটিদার সে দিকে যত না মন ভিক্ষার বুলিতে তার চেয়ে বেশী নজর। দু একবার উঁকি দিয়ে দেখতে চাইল বুলিতে কি পড়ল না পড়ল। মেসোমশাই এমন কটমট করে তাকাচ্ছিলেন, নইলে ভিক্ষার বুলিতে শুধু উঁকি নয় হাত ঢুকিয়েও দেখত কি কি পেল।

এমন সময় বাবা ও মামাবাবু এসে ছোটদের তাড়া দিয়ে নিয়ে গিয়ে খেতে বসালেন। ছোটদের সঙ্গে বড়রাও অনেকে খেতে বসেছেন। দিদি জিজ্ঞেস করল 'বাবা, এত তাড়াতাড়ি খেতে বসতে হোল, ধুর্জটিদার ভিক্ষা এখনও শেষ হল না।' বাবা বললেন 'তিনটে বাজছে তা জানিস?' দিদি অবাক, তিনটে! তিনটেতে সে কবে খেয়েছে? যাই হোক, পরিবেশন শুরু হল। শালপাতা পেতে মাটিতে বসে খাওয়া। মাটির খুরির গ্লাসে জল। প্রথমে শাক, তারপর বেগুন ভাজা, মাছের মুড়ো দিয়ে মুগের ডাল, পশ্চিমবঙ্গের গাঁয়ের ভাষায় ডিংলার ঝাল মানে কুমড়োর ঘ্যাঁটি, ইত্যাদি। সব হাতে করে পরিবেশন, এমন কি ডালও। বাঁকুড়া, বীরভূম এবং বর্ধমানের সব গাঁয়েই এই ব্যবস্থা। বসার আসন থাকে না, মাটিতে বসতে হয়। গাঁয়ের সবাই উবু হয়ে বসে। বাড়ির ছেলেমেয়েরা পিঁড়ি বা আসন পায়। বিশেষ আমন্ত্রিতরাও আসন পান। বেশীর ভাগ পুরুষ মানুষ প্রথম ব্যাচে বসেন। তবে কোন কোন মহিলা যাঁদের বাপের বাড়ি এই গ্রামে তারা প্রথম ব্যাচে ব্রাহ্মণ ও গণ্যমান্য গ্রামবাসীদের সঙ্গে বসেছেন। মাছ এল, সবাই হৈ হৈ করে উঠল। মাছের চেহারা দেখে বেশ ভালো লাগল। আলু পটল দিয়ে মাছের কালিয়া। কালিয়ার চেহারা দেখে জিবে জল এল। বড় বড় টুকরো মাছ, রং ও গন্ধ অপূর্ব। আগ্রহ ভরে মুখে তুলেই প্রায় থু থু করে ফেলে দেবার জোগাড়। একেবারে নুনে পোড়া। দিদি কাঁদো কাঁদো গলায় বাবাকে বলল 'মাছে বড় নুন।' বাবা চুপি চুপি বললেন, 'যাতে লোকে বেশী না খায় তাই এত নুন দিয়েছে।' দিদি গ্রামের কাণ্ড কারখানা দেখে বীভৎস হয়ে গেল।

সামনে এক বিশিষ্ট মহিলা বসে খাচ্ছিলেন। তাঁর সামনে একটি পেতলের মাঝারী বালতি যেরকম বালতিতে করে পরিবেশন হচ্ছিল। বাবা দিদি ও আরও অনেকে লক্ষ্য করছিল সামনের এক মহিলার সামনে সেরকম একটি পেতলের বালতি রাখা রয়েছে। তাতে চূড়ো করা মাংস, প্রায় উপচে পড়ে আর কি।

হঠাৎ সবাই লক্ষ্য করল যে মহিলাটির সামনে বালতি ছিল তিনি হাত ডুবিয়ে ডুবিয়ে রাশ রাশ মাংস খাওয়া শুরু করলেন। আর অত মাংস কি করে অত তাড়াতাড়ি পেটে পুরলেন, সহরের সবাই বিস্ময়ে বিহ্বল। বালতিটি শেষ হলে মেসোমশাই হাতজোড় করে ভদ্রমহিলাকে বললেন, 'বৌদি, আরও মাংস খান।' তিনি বললেন, 'না ঠাকুরপো, আজ আর খেতে পারব না। কাল রাতে কাঁপুনি দিয়ে পালা জ্বর (ম্যালেরিয়া) হয়েছিল। দুটো লেপ চেপে দিয়ে মেয়ে চেপে ধরেও সামলাতে পারছিলাম (পারছিলাম না)।' সহরের সবাই বাক্যহার - কাল ম্যালেরিয়ায় ভুগে আজ এক বালতি মাংস ও আনুষঙ্গিক যা খেলেন! আমার বাবাও খুব খাইয়ে কিন্তু মহিলাটির কাছে শিশু।

সবাই যখন খেয়ে উঠলেন তখন সন্ধ্যা গড়িয়ে গেছে। ইতিমধ্যে ধুর্জটিদা ঘরের কোনে ঢুকে গেছে। তিনদিন সেখানেই থাকবে। ছোটরা সন্ধ্যা হতে না হতে ঘুমিয়ে পড়ছে দেখে তাদের খাইয়ে দেওয়া হল - দুধ, ফল, মিষ্টি। তারপর তারা মেঝের ঢালা বিছানায় শুতে না শুতে ঘুমিয়ে পড়ল। ঘুমের পূর্বমুহুর্তে কারো কারো কানে তখনো বাজছে 'ভবতি ভিক্ষাং দেহি মাতা, ভবতি ভিক্ষাং দেহি পিতা।'

## Key to the Best Mortgage: Credit Scores


**Credit score can make all the difference when you're shopping for the lowest mortgage interest rate for your dream home**

Say you want to buy a house. Before you start dreaming about best locations and chatting with real estate agents, do yourself a huge favor: Make a favor for your self-check your credit scores. Over the last several years, credit scores have been refined to the point where they are now one of the most important factors for lenders for their decision makings.

Your credit score, or FICO score, is a rating created by Fair Isaac to boil down all of the information in your credit report to three digits, ranging from 300 to 850, that tells lenders how likely you are to pay back your loan or how risky you are as borrower. Although lenders interpret credit scores differently, they usually reserve the best interest rates for borrowers with solid credit, or scores of about 700 or higher. Borrowers with scores in the low 600s, on the other hand, are considered risky investments and warrant higher rates.

In fact, recently a borrower with a score of 720 to 850 would pay 6.21 percent for a 30-year mortgage, while someone with a score of 620 to 674 would pay 8.02 percent, according to MyFICO.com, a division of Fair Isaac (May 28, 2004).

**Credit Scores VS Interest Rates**



On a \$200,000 mortgage, you pay about \$1466 when your FICO score is 620-674 instead of \$1231 when your score is in between 720-850-that's the difference of \$235 a month in 30 years mortgage payments and about \$83,000 in interest over the life of the loan.

**What's in a score?**



Any time you take out credit, your information – including whether you pay your bills on time and how close you are to your credit limit, how many accounts are open – is reported to the three major credit bureaus, Equifax, Experian and TransUnion. As long as you've had one line of credit open for at least six months you probably have a credit score.

Under the Fair Credit Reporting Act, you can request a free copy of your credit report from all three of credit bureaus if you've been denied credit. But, if you want to see your credit score, you'll have to pay. In fact, because each of the three credit bureaus maintains an individual report for you, you actually have three scores.

You can access credit scores from all three bureaus at myFICO.com, which is run by Fair Isaac for a payment. You'll get an explanation of how your score is likely to affect your credit, information about what is helping and hurting your score and a snapshot of your credit history. The scores should be pretty close, but there can be discrepancies as per Fair Isaac. Those discrepancies are likely to be the result of errors in your credit report. Some errors are obvious -- such as an account that doesn't belong to you -- while others are less easy to pick out. For example, if the credit limit on your home equity line shows up as being smaller than it actually is you may be penalized for being too close to your limit.

To correct an error, contact the creditor directly and request that it update all three credit agencies and send you a copy of the correspondence for your records. Keep in mind, though, that it may take quite a while for these corrections to be reflected in your score.

If you don't have immediate plans to buy a home, you may be able to further improve your score by consolidating accounts or transferring balances. For example, if you have several department store credit cards near their max, you might benefit by moving all three balances to a low-interest credit card with a higher limit.

But if you're applying for a loan in the short term it's probably not a good idea to open, close or consolidate accounts. This could shorten your credit score or make it appear that you are near your credit limits. There are times when it makes sense to close inactive accounts and transfer balances for the lowest rate, but be careful about making big changes before you apply for a mortgage or other loans. Shuffling your debt could actually lower your credit score.

"There is no magic bullet" to improve your credit scores. In any case, the biggest improvement to your score will come with time and responsible credit management, and is not to seek a lot of credit. The most important thing you can do is simply pay your bills on time and aggressively pay down your consumer debt.

**Gouranga Banik** is a Professional Consultant for Real Estate Mortgage and Investment. He is with **HomeStart Financials & Mortgage** and can be reached at 678-766-8000 or via e-mail gbanik@bellsouth.net

শারদীয় শ্রুভেচ্ছা গ্রহন করুন!!

# বিস্মিল্লা সুপার মার্কেট



## শেরা মূল্যমান সর্বনিম্ন দাম

- আকর্ষণীয় দামে সর্বোত্তম হালাল মাংস. রুই, কাতলা, ইলিশ. পাঙ্গাশ, আইড়, বোয়াল, পাবদা, কই, মৃগেল, শুটকী ও অন্যান্য ছোট মাছ।
- দেশে ফোন করার জন্য ২০% ছাড়ে ফোনকার্ড।
- রান্নার যাবতীয় মশলা, সজী, মিষ্টি, ও মুখরোচক সামগ্রী।
- বাংলা বই, অডিও-ভিডিও ক্যাসেট, ডি ভি ডি।

We have a large inventory of Fishes, Poultry, Meat, Vegetables, Asian Spices, Snacks, books, cassettes and other household products at **unbeatable price**.

**Sale:** 20% Discount on all phone cards

WE DO VIDEO CONVERSION

PAL <---> NTSC

100% Satisfaction Guaranteed

**BISMILLIAH SUPER MARKET**

4022 BUFORD HWY, ATLANTA, GA 30345

PH: (404) 320-9188 FAX: (404) 235-5912



মাষ্টার মশাই বলতেন ‘জানো ঘোষাল, বাঙ্গালি মেয়েদের কাজ করতে গেলেই মাথায় রক্ত চড়ে যায়। মুখ দিয়ে আগুন ছোটে। সারা পৃথিবীর কত কত মানুষের দোষে তার জীবন দুর্বিসহ হয়ে উঠেছে ইত্যাদি। বহু লোকের নানারকম দোষের ইতিহাস থাকে নখ দর্পনে। কখনও নিজের দোষ দেখে না।’ তখন আমি নবীন যুবা, বিয়ে করার কথা মনে আসেনি। সবে M. Sc. পাশ করে গবেষণা করতে শুরু করেছি। নারী চরিত্র বিশ্লেষণ বিষয়টি জানার কোনো প্রয়োজনীয়তা আছে বলে মনে করি নি। তাঁর মুখে এই রকম কথা শুনে অবাক হলাম। আমার কাছে মাষ্টার মশাই ছিলেন আদর্শ চরিত্রের, এত সভ্য ভদ্র লোক, এত সহানুভূতিতে ভরা মানুষ আমি আগে দেখিনি। দেশের মাষ্টার মশাইরা ত ছাত্রদের ধমকে ছাড়া কথা বলেন না। অন্ততঃ তখন বলতেন না। আমার মাষ্টার মশাই আমার প্রকৃত মেন্টর ছিলেন। মানে আমি তাঁকে মন প্রাণ দিয়ে গ্রহণ করেছিলুম মেন্টর বলে। কেমিস্ট্রি ল্যাবরেটরিতে সারাদিন কাজ করি, নানারকম কাঁচের এ্যাপারেটাস নিয়ে সর্বদাই নাড়া চাড়া করি। কিছু ভেঙ্গে ফেললে বলতেন যে সে ত হতেই পারে। কাজ করা ছেড়ে দিলে তবেই ল্যাবে কাঁচের বাসন ভাঙ্গা বন্ধ হবে। এরকম কথা আগে কারও কাছে শুনিনি। অন্য মাষ্টার মশাইরা ত পারলে গলা কেটে ফেলতেন। ডিপার্টমেন্টের বিনি হেড ছিলেন তিনি ত এইরকম সামান্য ঘটনাতে সারাদিন টেচিয়ে পায়চারি করে অস্থির করে ফেলতেন সকলকে। আমি তাঁকে দেখতে পারতুম না। আমার মাষ্টার মশাই বলতেন, ‘ঘোষাল, বাঙ্গালি মাদ্রেই বদ মেজাজি হয়, ক্ষণে রুষ্ট, ক্ষণে তুষ্ট। আমাদের হেড খুবই ভাল লোক। ভুল বুঝো না।’

বিকেল ৪টা থেকে টেনিস বল নিয়ে ক্রিকেট খেলা শুরু হয়ে যেত। মহানন্দে আমরা খেলতে চলে যেতুম। তারপর ব্যাডমিন্টন, ভলিবল, কিছু না হোক টেবল টেনিস। রাত্রি দশটার পর বাড়ী ফিরতুম। জীবনটা বেশ মোলায়েম ভাবে কাটছিল। বাঙ্গালি মেয়ের স্বভাব বিশ্লেষণ করার সুযোগ এবং ইচ্ছা কোনোটাই তখন প্রবল ছিল না। মাষ্টার মশায়ের কথাটা মনে একটু খটকা দিয়ে যেত - ‘কাজ করতে গেলেই মাথায় রক্ত চড়ে যায়।’ মা পিসিমা কাউকে ত এমন কাজ করতে গিয়ে ক্ষেপে যেতে দেখিনি!

ডাক্তার বাবুর বাড়ীতে আমরা ভাড়া থাকতুম। তিনি স্বপরিবারে দোতলাতে থাকতেন দুই মেয়ে ও দুই ছেলেকে নিয়ে। ছেলে দুটি কাছাকাছি আমার ও দাদার বয়সী ছিল। নাম ছিল তাদের কেবু (অর্থাৎ ক্যাবলা) এবং পতু (অর্থাৎ প্রেত)। কেবু সত্যি তার নামকে সার্থক করেছিল, কিন্তু পতুর ওপর যে খুব অন্যায্য করা হয়েছিল তাতে আমার কোন সন্দেহ নেই।

বড় মেয়ের বিয়ে হয়ে গিয়েছিল। মেজ ও ছোট মেয়ে থাকত ডাক্তার বাবুর সঙ্গে। মেজকে নদি বলে ডাকত ছোট। নদি সারাদিন নানা কারণে খুব গলা চড়িয়ে বিরক্তি প্রকাশ করে যেত। খুব বেশী রাগ হলে সিঁড়ি বেয়ে নীচে এসে শেষ ধাপটাতে বসে থাকত। মুখ দিয়ে আগুনের আভা এবং বোধহয় একটু হুঙ্কাও বেরোত। অনেক্ষন মুখ গোমড়া করে বসে থাকতো। তার মা এসে অনেক আদর করে নিয়ে যেতেন। আমরা চলে আসার আগে শুনলুম নদির বিয়ের ঠিক হয়েছিল পাটনাতে। এ মেয়ে যে বাড়ীতে যাবে সেখানে কাক চিল বসবে ন। নদি কনের সাজে চোখের জল ফেলে শ্বশুরবাড়ী চলে গেল। আমরাও চলে গেলুম অন্য অন্য সহরে নিজেদের ভাগ্য অনুেষণে। দাদা চলে গেল ধানবাদে Fuel Research Institute এ আর আমি চলে গেলুম এক নতুন যুনিভার্সিটিতে Lecturer হয়ে। নদির গলা আর জীবনে কখন শুনতে হবে না এই আশা নিয়ে।

আচার্য্য মশাই এর বাড়ীর একতলাতে বাসা নিলুম। দোতলাতে তিনি স্ত্রী ও আটটি মেয়ে নিয়ে থাকতেন, আর একটি শীঘ্র আসবে সে কথাও বললেন। দু মাস বাদে মৈনুর ঘর আলো করে একটি ছেলে হোল। কদিন বাদে বড় রকম ভোজ হোল। সর্বসম্মুখে বললেন প্রফেসর সাহেবের আশীর্বাদেই ছেলে হয়েছে। ক্রিয়াকর্ম react করা উচিত ঠিক বুঝলুম না, একটু লজ্জিত হয়ে গেলুম। মহিলাটিকে বেশ ভালো দেখতে। খুব মিষ্টি করে কথা বলতেন। মাসে একবার করে ওপরে গিয়ে ভাড়া দিয়ে আসতুম। মৈনু বলতেন যে টাকার টান পড়লেই দেখি Professor সাহেব টাকা দিয়ে যান। কিন্তু সারাদিন স্বামীর ওপর যত গর্জন করতেন তা শোনবার পর মাসে একবারের বেশী ওপরে যাবার শখ ছিল না। কাছেই মৈনুর বাপের বাড়ী, অনবরত যাওয়া আশা হোত। একদিন কলেজ থেকে বাড়ী ফিরছি, দেখি মৈনুর মা ও ছোট বোন কাঁদতে কাঁদতে বাড়ী ফিরছেন আর মৈনু ওপর থেকে চোঁচাচ্ছে ‘আমি নিজের কপালে করে খাচ্ছি, আমি কারও পরোয়া করি না।’

যেখানেই যাচ্ছি ওপর তলার কোন না কোন মহিলা জীবন দুর্বিসহ করে দিচ্ছেন। আর কখন দোতলা বাড়ীর একতলা ভাড়া নোব না। অন্য বাড়ী ভাড়া নিয়ে চলে গেলুম। প্রতিবেশীর কাছে শুনলুম মৈনু বলেছে প্রফেসর সাহেব আমাকে নিয়ে এত হাসাহাসি করেন, দেখে নোব নিজের বৌ আসার পর কি বলেন। আমাদের দেশে কথাপ্রবাহের গতি প্রবল। ছ মাস পরে বিয়ে করলুম। মনে আশঙ্কা রয়ে গেলো স্ত্রীর কি কাজ করতে গেলে মাথায় রক্ত চড়ে যাবে? না কি নদি আর মৈনুর মত bi-polar হবে?

In the United States an estimated 24 percent of adults have the so-called metabolic syndrome, which increases the risk for diabetes and heart disease while in the UK there are an estimated one million or more people with diabetes. The problem is that people with diabetes have a higher risk of heart attacks and strokes than the general population, and most of their deaths are due to cardiovascular disease straining health systems. Bengalis are among the ethnic groups that carry a higher risk of Type II diabetes. Therefore, this article should be of particular interest to Pujari members.

### Basics of Diabetes

Diabetes is a chronic disease in which the body does not make enough insulin or the body cells have trouble using Insulin.

Insulin is a hormone made in the Pancreas that helps the body use glucose for energy and keeps the blood sugar in the normal range of 60mg/dl to 110mg/dl for persons without diabetes.

There are four main types of diabetes mellitus:

- Type I, also known as insulin dependent diabetes mellitus, IDDM, or juvenile-onset diabetes mellitus. People with this type of diabetes mellitus make little or no insulin in their body, and need regular insulin injections to manage the problem.
- Type II, also known as non-insulin dependent diabetes mellitus, NIDDM, or adult-onset diabetes mellitus. This is the most common form of diabetes mellitus, and is strongly associated with obesity. In this, the body produces normal or even high levels of insulin, but certain factors make its utilization ineffective. Obesity is one factor that disables the efficient use of insulin.
- Gestational diabetes mellitus, or pregnancy-induced DM.
- Secondary diabetes mellitus, caused due to drugs or other medical conditions.

### Symptoms

The symptoms of diabetes also depend on the type of diabetes mellitus and also how long the problem has been untreated. The signs and symptoms are also related to the blood sugar levels. These include:

- Increased thirst and hunger
- Frequent urination and increased amounts of urine excreted
- Weight loss, Fatigue, Nausea and vomiting, Blurred vision
- Skin infections, especially fungal or more serious bacterial infections
- Urinary infections
- Coma, which only happens if the diabetes is out of control

Since Type II diabetes is common among Bengalis, we will focus for a second on this specific type of the disease. In the early stages, Type II diabetes often has no symptoms. When symptoms do occur, they may come on gradually and be very subtle. They include feeling tired, dry, itchy skin, numbness or tingling in hands or feet, frequent infections, increased urination, blurred vision, problems with sexual function, slow healing of cuts or sores, increased hunger or thirst.



**Festive Greetings!!!  
Happy Durgapuja, Diwali and Laxmipuja**



**Filmfare**

"The Ultimate Source for Music, Movies, and Groceries"

DVD. Video Sales & Rentals, Compact Disc. Audio Cassettes. Video Conversions

Please visit us for all latest Hindi, Bengali, Tamil, Telegu, Mlayalam & Kannada Movies.

**Filmfare**

[www.filmfareatlanta.com](http://www.filmfareatlanta.com)

**10684 Alpharetta Hwy. Suite 700 and 800.  
Roswell, GA 30075**

**(770) 552-2999**

### Causes of Diabetes

The exact cause of diabetes is unknown. The causes may vary depending upon the type of diabetes mellitus and can be listed as:

- Genetic: this plays a part in all types of DM
- Obesity (people who are over 40 and/or overweight): this is the most common cause of type II or NIDDM
- Autoimmune disorders, may cause Type I DM
- Pregnancy, which can cause gestational DM
- Family history of diabetes
- Medications, such as prednisone, thiazide diuretics, or oral contraceptives, which may cause secondary DM
- Other hormone imbalances, such as high adrenal hormone levels in Cushing's syndrome, which may cause secondary DM
- Race, as type II is more common in Bengalis and Punjabis
- Sedentary lifestyle and unhealthy dietary patterns

### Diagnosis

Diabetes mellitus is diagnosed based on a high level of glucose or sugar in the blood. The doctor may suspect diabetes mellitus after taking the medical history and doing a physical examination. There are several blood sugar tests used for diagnosis, including:

**Fasting plasma glucose test:** In this test, a person is asked to fast overnight, at least 8 hours, and the level of glucose in the blood is then checked. Normal fasting plasma glucose levels are less than 110 mg/dl. A fasting plasma glucose level of more than 126 mg/dl usually indicates diabetes mellitus.

**Random blood sugar test or plasma glucose test:** This can be done without fasting. A level of 200 mg/dl or higher generally indicates the presence of diabetes.

**Oral glucose tolerance test:** This is the preferred way to diagnose pregnancy-induced diabetes.

The American Diabetic Association recommends the following levels:

Test	Level in Non-Diabetics	Goal for Diabetics
Blood sugar before meals	Less than 110mg/dl	80-120mg/dl
Blood sugar (1-2hrs after meals)	Less than 140mg/dl	
Hb A1C	Less than 6%	Less than 6.5%

HbA1C shows your "average" blood sugar level over the previous 2-3 months. This test gives you an overall picture of diabetes control.



## Treatment of Diabetes

Please remember you have the most important role in your own care irrespective of the type you have. Your main goal of treating diabetes is to control your blood sugar level by keeping it as close to normal as possible. The treatment also depends on the type of diabetes present.

*Type I diabetes* is generally treated by insulin injections which replace the insulin that is not produced in the body.

*Type II diabetes mellitus or NIDDM*, is initially treated with weight reduction, diet control and regular exercises. When these measures fail to control the blood sugar levels, oral medicines are used. *Please remember starting insulin does not mean that medications have failed. Insulin shots are not painful.*

**Oral Medicines and Injections:** Sulphonylureas are a group of drugs that stimulate the release of insulin from the pancreas. Thiazolidinediones are another group of drugs that increase the insulin efficiency and sensitivity. Precose or Acarbose delays the absorption of glucose by the intestines. Metformin reduce production of glucose by the liver. In some cases, where oral drugs are insufficient, insulin injections are added.

**Exercise:** It is an important component of diabetes therapy. Exercise utilizes blood sugar and makes the body more sensitive to insulin.

**Diet:** The diabetic diet is designed to meet the nutritional requirements, to maintain normal blood sugar levels and at the same time to help in weight reduction. It is also important to eat meals at regular time intervals, especially if insulin is used.

# CHINESE RASOI

## INDIAN STYLE CHINESE FOOD

We offer the ultimate food experience at a reasonable price, over 100 items from our huge menu. Everything made from fresh vegetables and meats for your dining enjoyment.

- Halal Meat Only •
- Fresh Vegetables •
- Dine in or take out •
- Affordable price •
- Everything made from scratch •

**GLOBAL MALL - FOOD COURT**  
**5675 Jimmy Carter Blvd. Suite 770**  
**Norcross GA 30021**  
**Ph: 770-416-1997 • Fax: 770-416-1998**  
 Sun-Thurs: 12:00 pm - 10:00 pm  
 Fri-Sat: 12:00 pm - 11:00 pm • OPEN 7 DAYS

**OUR NEWEST LOCATION**  
**10684 Alpharetta Highway**  
**Roswell, GA 30076**  
**Ph: 770-650-7963 • Fax: 770-650-7952**  
 Tue-Thu & Sun: 11:30 am - 10:00 pm  
 Fri & Sat: 11:30 am - 11:00 pm • CLOSED MONDAY

## Pujari Activities 2004 at a glance

The quintessence for this year is that Pujari has retained its charm and personal touch while growing by leaps and bounds. The following are the highlights of 2004 activities by Pujari:

- A hugely successful New Years Eve Party at the Bombay Grill on December 31st, 2003, at an extremely economical price. Bombay Grill never witnessed such a pompous celebration of New Year. Dancing and celebration lasted past midnight, in accordance with the great spirit and youthfulness of Pujari members.



- Saraswati Puja on January 24 at the ICRC Auditorium drawing attention to Mohiner Ghoragurir gaan by Raja Bannerjee, bhajan by Mohua, Basanta Panchami dance and Rabindrik performance by Bisakha Sen



- Joint Holi Celebration with IACA at ICRC, March 6

- A very successful Bengali new years, *Baisakhi* at State Bridge Crossing Elementary School, April 17: highlighting humorous skit from the works of legendary Bhanu Bandyopadhyay *Koutook Naksa*, professional vocal music including *Najrul Geeti* By Pritam and Prithwiraj Bhattacharjee



- Memorial service for Dr. Jayanti Lahiri, May 16

- Pujari Annual Picnic, May 23, East Roswell Park accentuating effervescent activities such as playing cricket and ladies' three-legged race



- Pujari Cultural Evening, July 16; memorable rendition of Rabindrasangeet by Roma Mondal, accompanied on the tabla by Biblab Mondal

- Active participation at the Festival of India, 2004 at Gwinnett Civic Center

- Pujari South Asian Tennis Tournament, September 19 & 26, sponsored by Comcast Cable, East Roswell Park



- Durgapuja 16<sup>th</sup> And 17<sup>th</sup> October at IACA Smyrna

Thanks for your continuous support for Pujari. Please keep visiting us at [www.pujari.org](http://www.pujari.org).





PUJARI SINCERELY THANKS MR. SHIV AGGARWAL FOR HIS SUPPORT

# Come & Enjoy Global Mall



Dont miss the excitement  
Grand fun, food & festivity all through the mall



Maya Creations  
Kruti Dance Academy  
Global Tutoring  
Royal Imports  
Sai Chat  
Banquet Hall  
Sri Krishna Vilas  
5th Season  
Caspian Rugs  
Eye Design  
Caribbean Kitchen

Legacy Jewels  
Indian Grill Food  
Spalding Travel Agency  
Ruby Beauty Salon  
Raksha Insurance  
Global Groceries  
Kumon Learning Center

Precious Little Children  
Pyramid Loans  
Swarnaad Indian Music School  
India Tribune  
Mark Premji Promotions  
Photography by Vinod  
Chinese Rasoi  
Shaadi 4 you  
Silouettes Bridal  
Custom Crowns Inc.  
High Tech Pharma

## Global MALL

5675, Jimmy Carter Blvd, Norcross, GA - 30071 # (770) 416 1111. Fax : (770) 416 1128  
www.amsglobalmall.com



### Tri-Star\* Financial Services

*Simplifying life. Creating wealth solutions.*

## Investment Opportunities for Investors. Investments that yield significant profits.

We are seeking investors who are interested in profitable real estate investments yielding a 15%+ return. Tri-Star\* Financial Services utilizes investment capital to receive high returns. Dependent upon the program, we may bring investors short-term cash returns ranging from 10% to 15%+. We believe Real Estate is a very solid investment compared to other instruments. These investments are intended to produce monthly cash flow at much higher than typical market returns.



### Program #1 (Credit Advantage Program)

This program enables investors who may lack sufficient funds to invest in real estate to leverage their high credit (FICO 660+) to establish a cash flow producing investment.

### Program #2 (Capital Note Program)

This program allows investors to leverage large amounts of capital to make above average returns at 10 - 15% guaranteed and secured within less than 30 days.

### Program #3 (Equity Partner Program)

This is a joint-venture program between you the investor and the investment company. This program allows substantial cash on cash returns of 20% to 50%+ through creative real estate investing.

	Program # 1	Program #2	Program #3
Cash Out Lay	\$600	\$5k-\$15k	\$5k
Risk	Low	Low	Medium
Rate of Return	10%	12-15%	15% +
Term	Long - Term	30 days	6-8 months



### Tri-Star\* Financial Services

*Simplifying life. Creating wealth solutions.*

*Serving all 50 States*

**478-929-2100 Office**

**478-929-2106 Fax**


**[tgadson@tristar.mgacoxmail.com](mailto:tgadson@tristar.mgacoxmail.com)**

**Account Manager: Tricia Gadson**



# USHER IN TRUE PROSPERITY FOR DIWALI THIS YEAR.

Malani Jewellers is all set to deck you up for Diwali. With unique collections of jewellery in gold and precious stones. Exquisite ornaments that will herald good times for the whole year through. Give the Goddess of wealth a glowing welcome.



শারদ শুভেচ্ছা



## Malani Jewelers

739, Dekalb Industrial Way, Suite 100, Atlanta, GA 30033 Tel ; 404-298-7811  
Open : Tue-Sun 11-7 pm email : malanis@bellsouth.net www.malanijewelers.com